চাষের ক্ষেত্রে বৃদ্ধি ও উৎপাদনশীলতাঃ যেকোনো নির্বাচিত প্রজাতির চাষে বৃদ্ধি এবং উৎপাদনশীলতা হল সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। বাগদা চিংড়ি বিপুল জনপ্রিয়তা পাওয়ার প্রধান কারণ হলো এর দ্রুত বৃদ্ধি ক্ষমতা এবং এই চিংড়ি ১২০-১৩০ দিনের মধ্যে ২৫-৩০ গ্রাম দেহভর অর্জন করতে পারে। চাপড়া চিংড়ির বৃদ্ধি এবং উৎপাদন ক্ষমতা প্রায় বাগদা চিংড়ির সমতুল্য এবং কিছু ক্ষেত্রে ভেনামি চিংড়ির তুলনায় খানিকটা বেশি। উদাহরণস্বরূপ চাপড়া চিংড়ি ৩০ টি প্রতি বর্গমিটার চাষ ঘনত্বে ১১৪ দিনের চাষে ১৮ গ্রাম পর্যন্ত বৃদ্ধিপ্রাপ্ত হয়েছে, বিপরীতপক্ষে ১২ টি প্রতি বর্গমিটার চাষ ঘনত্বে ভেনামি চিংড়ি ১৪৭ দিনে একই দেহভর অর্জন করেছে। একইভাবে চাপড়া চিংড়ি-র মোট উৎপাদনও তুলনামূলকভাবে বেশি হয়েছে। এছাড়াও চাপড়া চিংড়ি উচ্চ ঘনত্বের চাষের জন্য খুবই উপযুক্ত এবং ১৯৯০ সালের শুরুর দিকে উচ্চ উৎপাদন যেমন ১৬-১৮ টন/ বছর হয়েছে। এই প্রজাতি অধিক বৃদ্ধিহারের লক্ষ্যে নির্বাচিত প্রজননের জন্য অত্যন্ত উপযুক্ত এবং বৈদেশিক ভেনামি চিংড়ির একটি সফল বিকল্প হতে পারে।

চাপড়া চিংড়ির নির্বাচিত প্রজননের সুবিধাগুলি হলঃ

- চাপড়া চিংড়ি দেশীয় প্রজাতির হওয়ায় ভেনামি চিংড়ির ক্ষেত্রে যে সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া প্রয়োজন সেগুলি এক্ষেত্রে না নিলেও চলে।
- চাপড়া চিংড়ি অনেকগুলি নতুন উদীয়মাণ রোগের বাহক নয় এবং এক্ষেত্রে রোগমুক্ত স্টক সৃষ্টি করা তুলনামূলক ভাবে সহজ।
- ভারতীয় উপকূলে চাপড়া চিংড়ির ৪ টি নির্দিষ্ট জেনেটিক পপুলেশন পাওয়া গেছে এবং এটি নির্দেশ করে যে এর জিনগত উন্নতি করা সম্ভব।
- দেশীয় প্রজাতি হওয়ায় চাপড়া চিংড়ির ভারতীয় পরিবেশে সহ্য ক্ষমতা এবং বৃদ্ধি ভেনামি চিংড়ি তুলনায় বেশি আশা করা যায়।
- চাপড়া চিংড়ির উচ্চ অসমোরেগুলেশন ক্ষমতা আছে ফলে এটি বিভিন্ন লবণাক্ততায় চাষ করা সম্ভব।

৩.১.২. *পিনিয়াস্ মারগুয়েনসিস্*

পিনিয়াস্ মারগুয়েনসিস্ সাধারণভাবে ব্যানানা শ্রিম্প নামে পরিচিত যা একটি বাণিজ্যিকভাবে চাষযোগ্য প্রজাতি রূপে ভারতসহ এশিয়ার বিভিন্ন দেশের চিংড়ি চাষীদের দৃষ্টি আকর্ষণ করেছে। এই চিংড়ির দেহের গঠণ অনেকটা চাপড়া চিংড়ির মত। প্রকৃতিতে স্ত্রী চিংড়ি ২৪০ মিলিমিটার পর্যন্ত লম্বা ও ১২০ গ্রাম দেহভরের হতে দেখা গেছে। পুরুষ চিংড়ি সর্বাধিক ১৯৫ মিলিমিটার দৈর্ঘ্য এবং ৬০ গ্রাম দেহভর পর্যন্ত হয়। বাণিজ্যিকভাবে আহরণযোগ্য চিংড়ি ভারতের উত্তর-পশ্চিম উপকূল থেকে কারোয়ার উপকূল এবং উড়িষ্যা উপকূলের উত্তরাংশ থেকে চিল্কা হ্রদ পর্যন্ত পাওয়া যায়। আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জে চাপড়া চিংড়ির পরিবর্তে শুধুমাত্র এই প্রজাতি পাওয়া যায়।

জীবন চক্র এবং হ্যাচারি উৎপাদনঃ এই চিংড়ির জীবনচক্র চাপড়া চিংড়ির মত। সি.আই.বি.এ. এই চিংড়ির উৎপাদন প্রযুক্তি নির্ধারণ করেছে এবং এই প্রজাতির স্ত্রী ও পুরুষ সম্পূর্ণ বদ্ধ অবস্থায় পূর্ণ প্রজনন ক্ষমতা অর্জন করতে পারে। এছাড়াও এই প্রজাতির চিংড়ি আইষ্টক অ্যাবলেশন প্রক্রিয়া ছাড়াই ডিম পাড়তে পারে। সুতরাং হ্যাচারিতে এর মীন উৎপাদন প্রাকৃতিক পরিবেশ থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন অবস্থায় করা যেতে পারে ফলে এটিকে ডোমেষ্টিকেশন করা সম্ভব।

উৎপাদনশীলতাঃ কম লবণাক্ততার বদ্ধ জলে সি.আই.বি.এ.-র করা পরীক্ষামূলক চাষ থেকে বোঝা গেছে যে, এই প্রজাতির চাষ বাণিজ্যিকভাবে সফল হওয়া সম্ভব। এই প্রজাতির চিংড়ি ১৩০ দিনে বিক্রয়যোগ্য ওজনের হয় এবং প্রায় ২০ টি প্রতি বর্গমিটার চাষ ঘনত্বে ১০০০ কেজি/হেক্টর উৎপাদন হয় এবং চিংড়ির অন্তত ৫০ শতাংশ বাঁচার হার পাওয়া যায়। এই প্রজাতির চিংড়ি কম প্রোটিনযুক্ত খাদ্য বাবহার করে উচ্চ ঘনত্বে চাষ করা সম্ভব।

৩.১.৩. *পিনিয়াস্ জ্যাপোনিকাস্*

পিনিয়াস্ জ্যাপোনিকাস্ জনপ্রিয়ভাবে কুরুমা শ্রিম্প নামে অধিক পরিচিত। এটিই প্রথম প্রজাতি যার জীবনচক্র কৃত্রিম পরিবেশে সম্পূর্ণ করা গেছে। বিভিন্ন উচ্চমানের জাপানি রেস্টুরেন্টে এই চিংড়ি অত্যন্ত দামী এবং শৌখিনতার পরিচয় বহন করে। এই প্রজাতির অবস্থান পশ্চিম প্রশান্ত মহাসাগরীয় উপকূল থেকে পূর্ব আফ্রিকার উপকূল এবং লোহিত সাগার থেকে ফিজি ও জাপানের উপকূল। এই চিংড়ি ভারতে অন্যান্য চিংড়ি ও মাছ আহরণের সময় অল্প পরিমাণে পাওয়া যায়। মহারাষ্ট্র উপকূলে এটি জুন থেকে সেপ্টেম্বর মাসে অল্প পরিমাণে পাওয়া যায়। যদিও এর জীবনচক্র পিনিড চিংড়ির মতই তথাপি এই চিংড়ির পোস্ট লার্ভা সাধারণত কম লবণাক্ততার দিকে যায় না। এই প্রজাতির স্ত্রী চিংড়ির সর্বোচ্চ দৈর্ঘ্য ২৩৫ মিলিমিটার এবং ওজন ১০০ গ্রাম পাওয়া গেছে এবং পুরুষদের ক্ষেত্রে সর্বাধিক দৈর্ঘ্য ২০০ মিলিমিটার এবং ওজন ৭০ গ্রাম।

হ্যাচারীতে মীন উৎপাদনঃ আই.সি.এ.আর.-সি.আই.বি.এ. হ্যাচারিতে *পিনিয়াস্ জ্যাপোনিকাস্* মীন উৎপাদন প্রক্রিয়া উদ্ভাবন করেছে এবং এই চিংড়ি সফলভাবে বদ্ধ পরিবেশে চাষ করা গেছে। অস্ট্রেলিয়া এবং জাপানে এই চিংড়ির জিনগত উন্নয়ন সফলভাবে করা গেছে যদিও এই চিংড়ির বৃদ্ধি সাধারণত: বাগদা ও ভেনামি চিংড়ির তুলনায় কম তথাপি জাপানে এই

চিংড়ির প্রচুর বাজারদর হওয়ায় এর চাষ বাণিজ্যিকভাবে করা সম্ভব। অস্ট্রেলিয়ায় এই চিংড়ি চাষ করে জীবন্ত অবস্থায় রপ্তানি করা একটি সফল শিল্পে পরিণত হয়েছে।

৩.১.৪. নোনা কাঁকড়া (*স্কাইলা সেরাটা*)

নোনা কাঁকড়া চাষযোগ্য নতুন প্রজাতিরুপে ক্রমশ জনপ্রিয় হচ্ছে ভালো বাজারদর হওয়ার কারণে। যদিও নোনা কাঁকড়ার ৪ টি প্রজাতি আছে তথাপি মাত্র দুটি প্রজাতি যেমন *স্কাইলা সেরাটা* এবং *স্কাইলা অলিভেশিয়া* ভারতে পাওয়া যায়। *স্কাইলা সেরাটা*-র সর্বাধিক ক্যারাপেসের প্রস্থ ২৪০ মিলিমিটার এবং দেহের ওজন ২.৮ কেজি এবং *স্কাইলা অলিভেশিয়া*-র সর্বাধিক ক্যারাপেসের প্রস্থ ১৮১ মিলিমিটার এবং ০.৮৩ কেজি দেহের ওজন হতে দেখা গেছে। একটি নির্বাচিত চাষযোগ্য প্রজাতি হওয়ার সমস্ত গুণাগুণ যেমন ভালো বাজারদর, দ্রুত বৃদ্ধি, সাধারণ খাদ্য এবং চাষপরিবেশের তারতম্য সহ্য করার ক্ষমতা এই প্রজাতিগুলিতে আছে।

জীবন চক্র এবং চারা উৎপাদনঃ নোনা কাঁকড়া খাঁড়ি অঞ্চল এবং বাদাবনের সঙ্গে সম্পর্কিত। বাজারে বিক্রয়যোগ্য এবং প্রজননযোগ্য কাঁকড়া ওই অঞ্চল থেকে পাওয়া যায় তবে জীবনচক্রের প্রাথমিক পর্যায়ের চারা ওই অঞ্চলে সাধারণত দেখা যায় না। এই প্রজাতির চারা উৎপাদন করা সম্ভব হলেও এদের বাঁচার হার ৫ শতাংশের কম হয়। চারা তৈরিতে নার্সারি পর্যায় অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং নার্সারিতে বাঁচার হার ৫০ শতাংশের বেশি হয়।

উৎপাদনশীলতাঃ কাঁকড়ার চাষ সাধারণত দীর্ঘমেয়াদি হয় (১০-১২ মাসে ১ গ্রাম থেকে ৫০০ গ্রাম পর্যন্ত)। এই দীর্ঘ সময় কাঁকড়ার বাণিজ্যিক উৎপাদনে একটি বড় বাঁধা এবং এর ফলে উৎপাদনশীলতা ও বাঁচার হার কম হওয়ায় চাষীরা সাধারণত এর চাষ করতে চান না। এই সমস্যা সমাধানের জন্য সি.আই.বি.এ. তিন ধাপের মডিউলার চাষব্যবস্থা উদ্ভাবন করেছে। এই প্রক্রিয়ায় ৩ মাস নার্সারি, ৪ মাস বৃদ্ধি এবং পরবর্তী ৩ মাস আরও বৃদ্ধির পর্যায় অতিক্রম করা হয়। তিন মাস নার্সারি প্রতিপালন করে ৪৬ শতাংশ বাঁচার হার পাওয়া গেছে গড়ে ৮৪ গ্রাম দেহের ওজন এবং ২৮০ কেজি/হেক্টর উৎপাদনশীলতা সহ। মধ্যবর্তী বৃদ্ধির পর্যায়ে ০.১ টি/বর্গমিটার চাষ ঘনত্বে ২৭০ গ্রাম ওজনের কাঁকড়া এবং ১১১০ কেজি/হেক্টর উৎপাদন পাওয়া গেছে। বৃদ্ধির শেষ পর্যায়ে ০.০১ টি/বর্গমিটার চাষ ঘনত্বে ৪০ শতাংশ বাঁচার হার সহ ১১৬৮ কেজি/হেক্টর উৎপাদনশীলতা পাওয়া গেছে। মিশ্র চাষে কাঁকড়াকে খুব সুন্দরভাবে ব্যবহার করা যেতে পারে অন্যান্য মাছের সঙ্গে এবং এক্ষেত্রে উৎপাদনশীলতা ২৫০০ কেজি/হেক্টর পর্যন্ত পাওয়া যায়।

পশ্চিমবঙ্গের কিছু অগ্রণী চাষী সফলভাবে কাঁকড়ার ফ্যাটেনিং করছেন। এই প্রক্রিয়ায় ২০-৩০ দিনের চাষে ৭০ শতাংশ বাঁচার হার পাওয়া যায়। আই.সি.এ.আর.-সি.আই.বি.এ.-র উদ্যোগে অনুপ্রাণিত হয়ে পশ্চিমবঙ্গের কাকদ্বীপ ও নামখানা ব্লকের কিছু অগ্রণী চাষী কাঁকড়ার একক্চাষ শুরু করেছেন প্রকৃতি থেকে সংগ্রহ করা *স্কাইলা অলিভেশিয়া* এবং হ্যাচারি উৎপাদিত *স্কাইলা সেরাটা*-র চারা ব্যবহার করে। মিশ্র চাষে বিভিন্ন মাছ যেমন নোনা ট্যাংরা, পার্শে ও আঁশ ভাঙনের সঙ্গে কাঁকড়া চাষ করে অতিরিক্ত লাভ পাওয়া যাচ্ছে। সাম্প্রতিককালে, সি.আই.বি.এ. উদ্ভাবিত বহুস্তরীয় চাষ ব্যবস্থায় কাঁকড়া ও মাছের মিশ্র চাষে বাক্সয় কাঁকড়া ও খাঁচায় অথবা খোলা জলে মাছ চাষ করা হচ্ছে।

৩.২. নোনা জলের মাছ চাষ

৩.২.১. চারা উৎপাদন প্রযুক্তি

বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ নোনা জলের মাছগুলি হল ভেটকি, আঁশভাঙ্গন, মিল্কফিস, মুক্তগাছা এবং নোনা ট্যাংরা। নোনা জলের মাছ চাষে ১৯৯৭ সালে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক স্পর্শ করা সম্ভব হয়, আই.সি.এ.আর.-স.আই.বি.এ. ভেটকি মাছের প্রণোদিত প্রজননে সাফল্য পাওয়ায়। এই সাফল্যই ভারতের প্রথম নোনা জলের মাছের হ্যাচারি সি.আই.বি.এ.-তে প্রতিষ্ঠার ভিত্তি স্থাপন করে। কোবিয়া (*র‍্যাচিসেনট্রন্ কানাডাম্*) মাছের নিয়ন্ত্রিত প্রজনন ২০১২-১৩ সালে সি.এম.এফ.আর.আই. এবং সি.আই.বি.এ. উদ্ভাবন করে। এছাড়াও একটি নতুন দিগন্ত খুলেছে পায়রা চাঁদা মাছের সফল প্রণোদিত প্রজনন ও পার্লস্পট মাছের বাণিজ্যিক উৎপাদনে সাফল্য আসায়।

৩.২.২. ভেটকি, মুক্তগাছা ও নোনা ট্যাংরা চাষ প্রযুক্তি

ভারতের কিছু কিছু স্থানে ভেটকি মাছের একক চাষ করা হয়ে থাকে যেখানে সস্তায় কম দামি মাছ পাওয়া যায়। প্রস্তুত করা পুকুরে ভেটকি চারা ১০০০০ থেকে ১৫০০০ টি/হেক্টরে ছাড়া হয়। এই প্রক্রিয়ায় ভেটকি মাছকে কম দামি মাছ খাওয়ানো হয়। যেহেতু ভেটকি মাছ পুকুরের নিচ থেকে খাদ্য খায় না সেহেতু দিনে দুবার ছোট করে টুকরো করা কম দামি মাছ ধীরে ধীরে খাওয়ানো হয়। ছোট চারা মাছকে তাদের দেহের ওজনের ১০০ শতাংশ হারে খাওয়ানো হয় এবং ক্রমশ তা কমতে থাকে দেহের ওজনের ১০ শতাংশ পর্যন্ত। এই পদ্ধতিতে ৮-১০ মাসে ভেটকি মাছ ৮০০ গ্রাম ওজনের হয় ৬০-৭০ শতাংশ বাঁচার হার এবং ২.৫ থেকে ৪ টন/হেক্টর উৎপাদনসহ। খাদ্য-খাদক সম্পর্কের ভিত্তিতে ভেটকি মাছের মিশ্রচাষ তেলাপিয়ার সঙ্গে করার চেষ্টা করা হয়েছে এবং সফল হয়েছে। এই পদ্ধতিতে ভেটকির বৃদ্ধি প্রায় একইরকম যদি যথেষ্ট পরিমাণে খাদ্য মাছ সরবরাহ থাকে। সি.আই.বি.এ. উদ্ভাবিত ভেটকি চারা উৎপাদন প্রযুক্তি ইতিমধ্যেই বাণিজ্যিকিকরণ করা হয়েছে এবং উদ্ভাবিত খাদ্য ভেটকি আহার নামে বাণিজ্যিকীকরণের জন্য প্রস্তুত। পরীক্ষামূলকভাবে সমুদ্রে বা পুকুরের মধ্যে খাঁচায় ভেটকি চাষ অনেকগুলি স্থানে করা হয়েছে। নোনা জলের মাছের বিজ্ঞানভিত্তিক চাষের প্রচুর সম্ভাবনা দেখা যাচ্ছে। এছাড়াও সি.আই.বি.এ. মিল্কফিসের একক ও মিশ্র চাষ পদ্ধতি উদ্ভাবন করেছে এবং পশ্চিমবঙ্গ, অন্ধ্রপ্রদেশ ও কেরালার বিভিন্ন স্থানে তা প্রদর্শন করা হয়েছে।

৩.২.৩. মিশ্র চাষ এবং এর জন্য সস্তায় মিশ্রচাষের খাদ্য

আই.সি.এ.আর.- সি.আই.বি.এ. অধীনস্ত কাকদ্বীপ গবেষণা কেন্দ্র চিংড়ি ও বিভিন্ন মাছের মিশ্র চাষের প্রক্রিয়া উদ্ভাবণ করেছে। সি.আই.বি.এ. উদ্ভাবিত কম দামি খাদ্য ব্যবহার করে যা যথেষ্ট লাভজনক এবং ঝুঁকিবিহীন। এই সফল মিশ্রচাষের মডেলটি সুন্দরবনের চাষীদের কাছে প্রদর্শণ করা হয়েছে এবং ব্যাপকভাবে তা গৃহীত হয়েছে। এই প্রক্রিয়ায় বিভিন্ন চাষ ঘনত্বে ৬ টি প্রজাতি যেমন পারশে (৫০০০/হেক্টর), ভাঙ্গন (৫০০০/হেক্টর), আঁশভাঙ্গন (২৫০০/হেক্টর), পায়রাচাঁদা (২৫০০/হেক্টর), নোনা ট্যাংরা (৩০০০০/হেক্টর) এবং বাগদা চিংড়ি (২৫০০/হেক্টর) মজুত করে সি.আই.বি.এ. উদ্ভাবিত কম দামি খাদ্য ব্যবহার করে ৩২৫ দিনে ৪৭৬৪ কেজি/হেক্টর উৎপাদন পাওয়া গেছে এবং খাদ্য রূপান্তর হার ছিল ১.৩৬ ।

৩.৩. চাষ পদ্ধতির বৈচিত্র্য

৩.১.১. ইন্টিগ্রেটেড মাল্টি ট্রফিক অ্যাকোয়াকালচার (আই.এম.টি.এ.)/নোনা জলের সমন্বয় চাষ ব্যবস্থা

আই.এম.টি.এ. এমন একটি চাষ পদ্ধতি যেখানে মূল খাদ্য খাওয়া প্রজাতি (খোলস যুক্ত মাছ অথবা নিরামিষাশী মাছ)-র সঙ্গে জৈব বস্তু এবং অজৈব বস্তু শোষণকারী প্রজাতি নির্দিষ্ট অনুপাতে একসাথে চাষ করা হয় প্রক্রিয়াটিকে পরিবেশ বান্ধব, আর্থিকভাবে লাভজনক এবং সামাজিকভাবে গ্রহণযোগ্য করার জন্য। আই.এম.টি.এ. বিভিন্নভাবে করা যেতে পারে। এটি বদ্ধ জমিতে, উন্মুক্ত জলে, আধা লবণাক্ত বা সামুদ্রিক পরিবেশে করা যেতে পারে। এই প্রক্রিয়ায় উচ্চ ঘনত্বের মাছ চাষে উৎপন্ন অতিরিক্ত জৈব এবং অজৈব বস্তুকে অন্যান্য বিক্রয়যোগ্য প্রজাতির দ্বারা ব্যবহার করা হয় এবং এক্ষেত্রে খাদ্য স্তরের বিভিন্ন অবস্থানের প্রজাতিগুলিকে ব্যবহার করা হয়। এছাড়াও এটি মাছ চাষে 'ইকোসিস্টেম অ্যাপ্রোচ' ব্যবহারকে সুনিশ্চিত করে যা সর্বপ্রথম এফ.এ.ও. দ্বারা প্রস্তাবিত হয়। কিছু ক্ষেত্রে আই.এম.টি.এ. বোঝাতে অতি সরলীকৃতভাবে ইন্টিগ্রেটেড আকোয়াকালচার বলা হয়, যদিও এটি সম্পূর্ণভাবে আলাদা। এর প্রধান উদ্দেশ্য হলো দীর্ঘমেয়াদী এবং নিরবচ্ছিন্নভাবে চাষ করার প্রক্রিয়া প্রতিষ্ঠা করা যেখানে একটি প্রজাতির বর্জ্য পদার্থকে ব্যবহার করে অন্য বিক্রয়যোগ্য প্রজাতির খাদ্য এবং শক্তির উৎস্যরূপে ব্যবহার করে আর্থিক লাভ আহরণ করা হয় । এই প্রক্রিয়ার আর্থিক লাভ এবং পরিবেশের বিষয়টি অনুধাবণ করে একথা বলা যায় যে, উপকূলবর্তী এবং সামুদ্রিক মাছ চাষের সকল অংশীদারগণকে এটি গ্রহণ করতে উৎসাহ প্রদান করা উচিত। সাম্প্রতিককালে আই.সি.এ.আর.-সি.আই.বি.এ. অনেকগুলি জায়গায় এই প্রক্রিয়ায় চাষ করেছে গবেষণা ও প্রদর্শণের মাধ্যমে বিষয়টিকে জনপ্রিয় করার জন্য। চিংড়ি চাষের ক্ষেত্রে দেখা গেছে যে আই.এম.টি.এ. প্রক্রিয়ায় উৎপাদন ২০০০ কেজি থেকে বেড়ে ৩২৫০ কেজি/হেক্টর হয়েছে, এছাড়াও এই প্রক্রিয়ায় চাষীদের আয় এবং লাভ অনেক বেশি হয়েছে।

৩.৩.২. কম খরচের ছোট মাপের খাঁচায় চাষ

গ্রামীণ জীবন-জীবিকার মান উন্নয়নে বেশি বাজারমূল্যের মাছ যেমন ভেটকি চাষের প্রচুর সম্ভাবণা রয়েছে। এই বিষয়টি বিশেষ করে লবণাক্ত জলাশয়ে খাঁচায় চাষের ক্ষেত্রে প্রযোজ্য যেখানে সামুদ্রিক খাঁচায় চাষের তুলনায় খরচ অনেক কম। সম্প্রতি সি.আই.বি.এ. ছোট এবং স্বল্প মূল্যের খাঁচায় দামী মাছ চাষ করাকে জনপ্রিয় করতে কেরালায় অসংখ্য মাছচাষী এবং স্বনির্ভর গোষ্ঠীর সঙ্গে চুক্তি সম্পাদন করেছে। খাঁচায় মাছ চাষ ভূমিহীন কৃষকদের দামী মাছ চাষ করে স্বনির্ভর হওয়ার একটি সুযোগ করে দেয় এবং অব্যবহৃত নোনা জলের এলাকাগুলি সঠিক ব্যবহার করার সুযোগ দেয়।

৩.৩.৩. জৈব পদ্ধতিতে মাছ চাষ

বর্তমানে আমদানিকারক দেশগুলিতে পরিবেশবান্ধব প্রক্রিয়ায় এবং উন্নত চাষ ব্যবস্থাপনায় প্রস্তুত উচ্চমানের চিংড়ি, মাছ, কাঁকড়া ইত্যাদির চাহিদা ক্রমশ বাড়ছে এবং ভারতীয় মাছ চাষে উৎপাদিত পণ্যের মান উন্নয়ণে বিশেষ নজর দেওয়া অত্যন্ত প্রয়োজনীয় হয়ে পড়েছে। ভারতের চিংড়ি চাষের এলাকাগুলিতে এই জৈব চাষ করার যথেষ্ট সুযোগ রয়েছে। এই এলাকাগুলি প্রধানত পশ্চিমবঙ্গের ভেড়ি এবং কেরালার পোক্কালি অঞ্চল। চিরাচরিত পদ্ধতিতে চিংড়ি চাষ একটি অত্যন্ত পরিবেশ বান্ধব প্রক্রিয়া যেখানে কোন রাসায়নিক বা অ্যান্টিবায়োটিক ব্যবহার হয় না। জৈব মাছ চাষ প্রকৃতির সঙ্গে সামঞ্জস্য রেখে করা হয় যেখানে চাষ করা চিংড়ি ও মাছের স্বাস্থ্য খুব ভালো থাকে। জৈব প্রক্রিয়ায় প্রস্তুত খাদ্যবস্তু বর্তমানে খুবই জনপ্রিয় হয়েছে, বিশেষত স্বাস্থ্যের বিষয়ে সচেতনতা বাড়ায় জৈব প্রক্রিয়ায় খাদ্য চাহিদা বিশ্বের বাজারে ক্রমাগত বাড়ছে ইউরোপ, আমেরিকা, জাপান, চীন ইত্যাদি দেশে। আই.সি.এ.আর.-সি.আই.বি.এ.-র কাকদ্বীপ গবেষণা কেন্দ্রে পরীক্ষামূলক জৈব চিংড়ি চাষ করা হয়েছে এবং এতে অত্যন্ত আশাব্যঞ্জক ফলাফল পাওয়া গেছে।

৩.৩.৪. বায়োফ্লক নির্ভর চাষ ব্যবস্থা

বায়োফ্লক প্রযুক্তি কার্বন ও নাইট্রোজেনের অনুপাত-এর উপর নির্ভর করে কাজ করে। নোনা জলের চিংড়ি চাষে কার্বন ও নাইট্রোজেনের অনুপাত ১০:১ কে সর্বোত্তম ধরা হয়। বায়োফ্লক হলো ব্যাকটেরিয়া, শৈবাল, প্রোটোজোয়া, জুপ্লাংকটন, খাদ্যের দানা এবং মৃত কোষ এর একটি মিশ্রণ যেখানে ব্যাকটেরিয়া মূল ভূমিকা পালন করে। চাষ করা চিংড়ি এই গুলিকে খাদ্য হিসেবে গ্রহণ করে। কার্বন ও নাইট্রোজেনের অনুপাতকে নিয়ন্ত্রণ করার জন্য শর্করা জাতীয় বস্তু প্রয়োগ করা হয়। কার্বনের বিভিন্ন উৎস্য যেমন ধানের গুঁড়ো, গমের গুঁড়ো, ট্যাপিওকা গুঁড়ো, ধানের কুঁড়া, গমের কুঁড়া ইত্যাদি। অতিরিক্ত বেশি শর্করা জাতীয় বস্তুর উপস্থিতিতে হেটারোট্রফিক ব্যাকটেরিয়াগুলি অ্যামোনিয়ার সংমিশ্রণে এই বায়োফ্লক গুলির সৃষ্টি করে যা জলে অ্যামোনিয়ার মাত্রাকে কমিয়ে দেয়, ফলে অ্যামোনিয়াজনিত বিষক্রিয়ার সম্ভাবনা কমে এবং চাষ করা চিংড়ির বা মাছের বৃদ্ধি হার বাড়ে। এছাড়াও বায়োফ্লক প্রযুক্তিতে খাদ্যের প্রয়োজনীয়তা কমে যায়, ফলে চাষ খরচ অনেকটাই কমে যায় এবং রোগের প্রাদুর্ভাব কম হয়। সি.আই.বি.এ.-র গবেষণায় বায়োফ্লক প্রযুক্তিতে ছোট ও বড় বাগদা চিংড়ির বৃদ্ধির হার ২৯ এবং ১২.৬ শতাংশ বেড়েছে। এই প্রযুক্তিতে জলের স্বচ্ছতা কমে যায় ফলে বায়ু সঞ্চালনের প্রয়োজন হয়। এক্ষেত্রে দ্রবীভূত অক্সিজেনের মাত্রা নিয়ন্ত্রণে রাখা প্রয়োজন হয় এবং সারা দিন ও রাত বায়ু সঞ্চালনের প্রয়োজন হয়।

৩.৩.৫. পেরিফাইটন সহযোগে চাষ

মিঠা জলের মাছ চাষে বিশেষত পোনা, তেলাপিয়া এবং গলদা চিংড়ি চাষের ক্ষেত্রে পেরিফাইটন উৎপাদনের জন্য সাবস্ট্রেট ব্যবহার দীর্ঘদিন ধরে হয়ে আসছে। একই রকমভাবে নোনা জলের ক্ষেত্রেও পেরিফাইটন সহযোগে বাগদা চিংড়ি, ভেনামি চিংড়ি ইত্যাদির চাষের ক্ষেত্রে বৃদ্ধি হার এবং উৎপাদন যথেষ্ট বাড়তে দেখা গেছে। বায়োফ্লক-এর মতই পেরিফাইটনও বিভিন্ন প্রজাতির ব্যাকটেরিয়া, ছত্রাক, ফাইটোপ্লাংটন, জুপ্লাংটন এবং মাটিতে বসবাসকারী প্রাণীসহ কিছু বর্জ্য পদার্থের মিশ্রণ। কিন্তু এক্ষেত্রে এই বিভিন্ন প্রজাতির মিশ্রণ বায়োফ্লকের মতো জলে ভেসে বেড়ায় না, পক্ষান্তরে এগুলি জলের মধ্যে একটি সাবস্ট্রেট যেমন বাঁশের কঞ্চি, পলিথিন শিট, পি.ভি.সি. পাইপ, ফাইবার স্ক্রাবার ইত্যাদির গায়ে জন্মায়। পেরিফাইটন সহযোগে মাছ ও চিংড়ি চাষে উৎপাদন বাড়ে এবং বিভিন্ন রোগের জন্য রোগ প্রতিরোধ শক্তি বাড়তে দেখা গেছে। আই.সি.এ.আর.-সি.আই.বি.এ.-র কাকদ্বীপ গবেষণা কেন্দ্রে পরীক্ষামূলক চাষে দেখা গেছে যে, এই প্রক্রিয়ায় উৎপাদনের

ক্ষেত্রে ১৭.৯ শতাংশ বাড়তে এবং খাদ্য রূপান্তর হারের ক্ষেত্রে ২২.৩ শতাংশ কমতে দেখা গেছে। বাগদা চিংড়ি চাষের ক্ষেত্রে দেখা গেছে যে, জলের নিচে পেরিফাইটন সাবস্ট্রেট ব্যবহার করলে জলের গুণমানের উন্নতি হয় এবং ওই সাবস্ট্রেটের ওপর অবস্থানকারী বিভিন্ন ব্যাকটেরিয়া, শ্যাওলা ইত্যাদি খেয়ে চিংড়ির দ্রুত বৃদ্ধি হয়।

৩.৪. নোনা জলের রঙিন মাছের চাষ

ভারতে ও বিদেশে রঙিন মাছের প্রচুর চাহিদা আছে। নোনা জলের রঙিন মাছ যেমন পায়রাচাঁদা বা স্পটেড স্ক্যাট (*স্ক্যাটোফেগাস আর্গাস*), মুনি ফিস (*মোনোড্যাকটাইলাস আরজেনটিয়াস*), কাঠকই বা ক্রিসেন্ট পার্চ (*টেরাপন জারবোয়া*), গ্রিন ক্রোমিড (*এট্রোপ্লাস সুরাটেনসিস*), অরেঞ্জ ক্রোমিড (*এট্রোপ্লাস ম্যাকুলেটাস*), লোচ (*বোটিয়া* প্রজাতি), ঈল (*অ্যাঙ্গুইলা* প্রজাতি) ইত্যাদি ভারতের উপকূলে প্রচুর পরিমাণে পাওয়া যায় যেগুলির রঙ্গীন মাছের বাজারে যথেষ্ট চাহিদা আছে। পায়রাচাঁদা, কাথকই এবং মুক্তোগাছা মাছের কৃত্রিম প্রজননে আই.সি.এ.আর.-সি.আই.বি.এ.-র সাফল্য নোনা জলের মাছ চাষের এক নতুন দিগন্ত খুলে দিয়েছে।

৪. নোনা জলের মাছ চাষের ভবিষ্যত

ছোট চাষীদের চাহিদা অনুযায়ী পরিবেশবান্ধব এবং কম খরচে চাষের প্রযুক্তি উদ্ভাবন করা এখন অত্যন্ত প্রয়োজন। নোনা জলের মাছ চাষের উন্নয়ণের জন্য কয়েকটি পদক্ষেপ, যেমন অন্তর্দেশীয় নোনা এলাকায় চাষের প্রসার, নোনা জলের মাছ চাষের উপযুক্ত অব্যবহৃত জমিকে ব্যবহার এবং চিংড়ি ছাড়াও অন্যান্য মাছ চাষের উপর গুরুত্ব আরোপ করা অত্যন্ত প্রয়োজন। মজুত করার জন্য প্রয়োজনীয় মীন-এর প্রাপ্যতা নোনা জলের মাছ চাষের উন্নয়ণে যথেষ্ট সাহায্য করতে পারে। উন্নত চাষ প্রযুক্তি যেমন রিসার্কুলেটরি অ্যাকুয়াকালচার সিস্টেম (আর.এ.এস), উন্নত মিশ্র চাষ, ইন্টিগ্রেটেড মাল্টি ট্রফিক অ্যাকোয়াকালচার (আই.এম.টি.এ.), পেরিফাইটন সহযোগে মাছ চাষ ইত্যাদির মাধ্যমে নোনা জলের মাছ চাষের ব্যাপক উন্নতি করা সম্ভব।

বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ নোনাজলের মাছের প্রজনন ও চারা উৎপাদন

এম. কৈলাসম, এম. মাকেশ, এস. এন. সেঠি, গৌরাঙ্গ বিশ্বাস, কৃষ্ণ সুকুমারান, প্রেম কুমার, অরিত্র বেরা, ববিতা মন্ডল

ভূমিকা ঃ

ভারতবর্ষে ১২ লাখ হেক্টর জমি নোনা জলে মাছ চাষের উপযুক্ত, যদিও ১২.৪ লাখ হেক্টর উপকূল অঞ্চলের লবণাক্ত জমি ও ১৭ লাখ হেক্টর অন্তরদেশীয় নোনা জমি এর খুবই সামান্য অংশ ব্যবহার করা হচ্ছে (১.১৫ লাখ হেক্টর)। এই তথ্যগুলি সমগ্র ভারতবর্ষের নোনাজলের মাছ চাষের সম্ভাবনা নির্দেশ করে। ভারতবর্ষে নোনাজলে মাছ চাষ বর্তমানে চিংড়িচাষের উপর নির্ভরশীল। যেহেতু এটি একটি প্রজাতির উপর নির্ভরশীল অত্যন্ত ঝুঁকিপূর্ণ চাষ তাই এটি দীর্ঘস্থায়ী পদ্ধতি নয়। তাই আমাদের দেশে ঝুকিবিহীন চাষের জন্য নোনাজলে বিভিন্ন প্রজাতির মাছ, কাঁকড়াজাতীয়, শামুকজাতীয় অথবা সামুদ্রিক ঘাস (সীউইড) এর চাষ প্রয়োজন।

নোনজলে মাছের চাষের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ হল মাছের চারার প্রাপ্যতা। নোনাজলের মাছ সাধরানভাবে বদ্ধজলে ডিম পাড়ে না, যদিও ঐ জলে তাদের ডিম্বাশয়ের পূর্ণতা প্রাপ্তি হয়। তাই ঐ সমস্ত ক্ষেত্রে কৃত্রিম হরমোন প্রয়োগ করে অথবা কৃত্রিম প্রজনন এর পরিবেশ সৃষ্টি করে প্রণোদিত প্রজনন করা হয়। ১৯৩০ সালে প্রথম ইতালিতে স্ট্রিপিং পদ্ধতিতে আঁশ ভাঙন জাতীয় মাছের কৃত্রিম প্রজনন ঘটানো হয়। হরমোন ব্যবহার করে বদ্ধ জায়গায় মাছে প্রজনন ব্রাজিলে প্রথম শুরু হয় ১৯৩২ সাল থেকে। নোনাজলের মাছের প্রজনন এবং মিষ্টি জলের মাছের প্রজননের মধ্যে তুলনা করলে দেখা যায় নোনাজলে মাছের প্রজনন অনেক পিছিয়ে। এর মূখ্য কারণ হল ভালো বদ্ধজলে ব্রুড মাছের উৎপাদনের পরিকাঠামো ও উন্নত প্রযুক্তিবিদ্যার অভাব। এই অধ্যায়ে আমাদের দেশে নোনাজলের মাছের কৃত্রিম প্রজনন ও চারা উৎপাদন এর উপর আলোকপাত করা হয়েছে।

প্রজননকারী মাছ নির্বাচন ঃ

ব্রুড মাছগুলি প্রাকৃতিক থেকে ধরা হয় অথবা বদ্ধজলে উৎপাদন করা হয়। প্রণোদিত প্রজনন এর ক্ষেত্রে যে বড় সমস্যা হয় তা হল প্রত্যেকটি মাছের ডিম্বাশয়ের আলাদা আলাদা রকমের পরিপূর্ণতা প্রকৃতিতে ও বদ্ধজলে লক্ষ করা যায়। কৃত্রিম প্রজননের জন্য ডিম্বাশয়ের ডিম্বকোষগুলির সঠিক পরিপূর্ণতার উপর সাফল্য নির্ভর করে। সাধারণত ব্রুডার মাছের নির্বাচনের ক্ষেত্রে বিভিন্ন লক্ষণগুলি হল- পেটের পরিপূর্ণতা, রঙ, লাল অথবা গোলাপী রঙের জননছিদ্র, নরম ফোলা পেট (স্ত্রী মাছের ক্ষেত্রে), অমসৃন বক্ষ পাখনা ও শক্ত ক্ষুদ্র গুটিকা (পুরুষ মাছের ক্ষেত্রে)। যদিও এই বৈশিষ্ট্যগুলি সর্বদা সঠিক হয় না। উদাহারণ স্বরূপ ফোলা পেট পাকস্থলী ও ক্ষুদ্রান্ত্রে অতিরিক্ত খাদ্য থাকার ফলেও হতে পারে। তাই স্ত্রী মাছের পরিপূর্ণতা নির্ণয়ের সবচেয়ে সহজ পদ্ধতি হল তাদের ডিম্বাণুগুলির গড় ব্যাস নির্ণয় করে প্রণোদিত প্রজননের জন্য নির্বাচন করা হয়। পুরুষ মাছটির পরিপূর্ণতা নির্ণয়ের জন্য পেটের পাশে চাপ প্রয়োগ করা হয়। যদি মাছটি পরিপূর্ণ হয় তার জননাঙ্গ থেকে শুক্রাণু নি সরন হতে দেখা যাবে।

হরমোন প্রয়োগের জন্য মাছের লিঙ্গ নির্ধারণ ঃ

জীবনের প্রথমে ভেটকি পুরুষ থাকে, পরে স্ত্রী মাছে রূপান্তরিত হয়। ভেটকি ১.৫ থেকে ৩.০ কেজি ওজন পর্যন্ত পুরুষ থাকে এবং ৩.৫ থেকে ৪.০ কেজি হওয়ার পর তারা স্ত্রী মাছে রূপান্তরিত হয়। তাই তাদের আকারই লিঙ্গ নির্ধারণের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অন্যথায় লিঙ্গ দ্বিরুপকতা সঠিকভাবে নির্ণয় করা যায় না যতক্ষন না তারা পরিপূর্ণতা লাভ করছে। পরিণত পুরুষ মাছের পেটে চাপ দেওয়ার সঙ্গে সঙ্গে সাদা শুক্ররস নি:সরণ হয়। বড় গোল পেট এবং গোলাপী বর্ণের জননঅঙ্গ দ্বারা স্ত্রী মাছটি নির্বাচিত হয়। একদম পূর্ণ স্ত্রী মাছের পেটে চাপ দেওয়ার সাথে সাথে ডিমগুলি দেখতে পাওয়া যায়। এছাড়াও আরও ছোট বৈশিষ্ট্য আছে যা দ্বারা পুরুষ ও স্ত্রী মাছ নির্বাচন সম্ভব। পুরুষ মাছটির মাথার সামনের অংশ

সামান্য বাঁকা যেখানে স্ত্রী মাছটির সোজা হয়। এছাড়া প্রজনন কালে পুরুষ মাছের পায়ুর কাছের আঁশ স্ত্রী মাছের পায়ুর কাছের তুলনায় মোটা হয়। অন্যান্য প্রজাতির মাছ, যেমন- কোবিয়া, ভাঙ্গন জাতীয় মাছেদের স্ত্রী মাছগুলির পেট ফোলা ও জননঅঙ্গ দেখে, পুরুষ মাছগুলির ক্ষেত্রে পেটে চাপ দেওয়ার সাথে সাথে শুক্ররস দেখা যায়। এই একই ঘটনা মিল্কফিসের ক্ষেত্রেও দেখা যায়।

বদ্ধস্থানে প্রজননের পদ্ধতি ঃ

তিন রকমের পদ্ধতিতে নিষিক্ত ডিম সংগ্রহ ও বাচ্চা উৎপাদন করা হয়। তা হল -

১। স্ত্রী ও পুরুষ মাছের কৃত্রিম স্ট্রিপিং পদ্ধতি।

২। কৃত্রিম হরমোনের দ্বারা প্রজনন।

৩। কৃত্রিম পরিবেশ সৃষ্টি করে বাচ্চা উৎপাদন।

১। স্ট্রিপিং পদ্ধতি দ্বারা প্রজনন ঃ

এই পদ্ধতিতে প্রজনণ ঋতুতে প্রকৃতি থেকে ব্রুডার মাছ সংগ্রহ করা হয়। ভেটকির প্রজনন, তিথির সঙ্গে সম্পর্কযুক্ত। ভরা কোটালে মধ্যরাতের পূর্বে ভেটকির প্রজনন হয়। যদিও, এই প্রজনন অমাবস্যা ও পূর্ণিমার সঙ্গে সম্পর্কিত, পূর্ণিমাতে পাওয়া ডিমগুলি খুব ভালো এবং ডিমের সংখ্যা বেশী হয়। মাছগুলিকে পূর্ণিমা এবং অমাবস্যার কোটালের সময় ধরা হয় ও তাদের পরিপক্কতা যাচাই করা হয়। স্ত্রী ও পুরুষ মাছগুলি পূর্ণতা প্রাপ্তির পর সঙ্গে বড় অয়েল গ্লোরুল থাকে। তাদের স্ট্রিপিং পদ্ধতিতে প্রজনন করা হয়। পরিপূর্ণ স্ত্রী মাছের ডিমের ব্যাসার্ধ ০.৭ থেকে ০.৮ মিমি হয়। ডিমগুলি খুবই স্বচ্ছ হয়। অপরিণত ডিমগুলি জলের মধ্যে গুচ্ছাকারে একজায়গায় অবস্থান করে। জলের লবনাক্ততার পরিমাণ ২৮-৩০ পিপিটি হলে পরিণত ডিমগুলি ভাসতে থাকে।

স্ট্রিপিং পদ্ধতিতে ব্যবহার করার জন্য নির্বাচিত পুরুষ ও স্ত্রী মাছগুলিকে অজ্ঞান করানো হয়। তারপর একটি শুকনো পরিষ্কার ট্রেতে স্ট্রিপিং করে ডিম ও শুক্রানু পালকের সাহায্যে মেশানো হয়। ১-২ মিনিট পরে পরিষ্কার লবনাক্ত জল মোটামুটি যার লবনতা ৩০ পিপিটি তা যোগ করে ভালোভাবে ২-৩ মিনিট মেশানো হয়। তারপর সমস্ত অন্যান্য কোষ ও মিউকাস দূর করার জন্য ৩-৪ বার ধোয়া হয়। তারপর নিষিক্ত ডিমগুলিকে ইনকিউবেশান ট্যাংকে ভাগ করে দেওয়া হয়।

২। কৃত্রিম পরিবেশ সৃষ্টি করে চারা উৎপাদন ঃ

বদ্ধ অবস্থায় তৈরী ব্রুডার মাছের ক্ষেত্রে এই পদ্ধতি অবলম্বন করা হয়। প্রজনন সময়ের এক মাস পূর্বে পূর্ণতা প্রাপ্ত স্ত্রী ও পুরুষ মাছগুলিকে ব্রিডিং ট্যাংকে ১ কেজি/ঘনমিটার হিসাবে ছাড়া হয়। ব্রুডস্টক ট্যাংকে ও ব্রিডিং ট্যাংকে লবণাক্ততা অবশ্যই এক হওয়া প্রয়োজন। ২-৩ দিন পর ব্রিডিং ট্যাংকের সঙ্গে মাছগুলি যখন মানিয়ে নেয় তখন জলের লবনাক্ততা ২৪ পিপিটি তে নামিয়ে আনা হয়। এই রকম অবস্থায় এক সপ্তাহ রাখা হয়। তারপর প্রতিনিয়ত জল পরিবর্তনের মাধ্যমে ১০ দিনে জলের লবণাক্ত বাড়িয়ে ৩০-৩২ পিপিটি করা হয়। এই ধরণের মাছেরা যেহেতু ডিম পাড়ার জন্য কম নোনাজল থেকে সমুদ্রের বেশি নোনা লবণাক্ত জলের দিকে চলে যায় তাই এরূপ লবণাক্ততা বাড়ানো হয়। এই সময় ব্রিডিং ট্যাংকে স্রোত প্রদান করা হয় এবং জলের তাপমাত্রা ২৭° সেন্টিগ্রেড রাখা হয়। ভালো অবস্থায় থাকা যে মাছগুলি ডিম পাড়ার উপযুক্ত তারা সেই রাতে অথবা তার পরের রাতে প্রজনন করে। পরিবেশের সঙ্গে নির্ভর করে প্রথম প্রজননের ৩-৫ দিন পর্যন্ত তারা প্রজনন করে। ভেটকি যেহেতু সবিরাম প্রজনন করে তাই ডিমগুলি ও দলগতভাবে নির্গত হয়। ৪-৫ মাস পরে অমাবস্যা অথবা পূর্ণিমা তিথিতে ঐ মাছ গুলি আবার প্রজনন করে। যে মাছগুলি প্রজনন করে না তাদের হরমোন প্রয়োগ করে প্রজনন ঘটানো হয়।

৩। **প্রনোদিন প্রজনন ঃ**

ভেটকি

ব্রুডস্টক ট্যাংকে ভেটকি সাধারণত ডিম পাড়ে না। সে কারণে তাদের হরমোন প্রয়োগ করে প্রজনন ঘটানো হয়। হিউম্যান কোরিয়নিক গোনাডট্রপিন, পিউবারজেন, প্রেগনিল লিউটিনাইজিং হরমোন- রিলিজিং হরমোন অ্যানালগ (LHRA-a)। এই হরমোন গুলি প্রণোদিত প্রজননের ক্ষেত্রে ব্যবহার করা হয়।

প্রজনন ঋতুর অন্তত ২ মাস আগে তারে ব্রুডস্টক ট্যাংকে থেকে প্রিস্পনিং ট্যাংকে স্থানান্তরিত করা হয়। তাদের পূর্ণতা যাচাই প্রতি ১৫ দিন অন্তর করা হয়। স্ত্রী মাছের পূর্ণতা যাচাই করা হয় তাদের ডিমের পূর্ণতা দেখে যা ১.২ মিমি ব্যাস বিশিষাট পলিইথিলিন ক্যানুলা নামক জিনিসের সাহায্যে তাদের ডিম পরীক্ষা করে। ডিম নেওয়ার সময় মাছগুলিকে অস্থিরতা দূর করার জন্য অজ্ঞান করানো হয়। অন্যথায় তাদের মাথা একটি প্লাস্টিক ঢাকনার ভেতরে ঢুকিয়ে দেওয়া হয়। দেহের অর্ধেকাংশ সেই ঢাকনার ভেতরে ঢুকে থাকে।

মাছের মাথাটি জলের মধ্যে রেখে ক্যানুলাটি গর্ভাশয়ে প্রবেশ করানো হয়। যেহেতু ভেটকি ৩-৪ বার বিভিন্ন খেপে খেপে ব্যাকে ডিম নি:সরন করে তাই এটা ঠিক যে সমস্ত ডিমগুলি পরিপূর্ণতার একই দশায় থাকে না। ডিম্বাশয়ের সামনের দিকের ডিমগুলির পূর্ণতা ভালো থাকে তুলনামূলক পিছনের দিকে ডিম্বাশয়ের ডিমগুলির থেকে। এক্ষেত্রে পায়ূ থেকে ৩-৪ সেমি ভেতরে দূরত্বে নমুনা পরীক্ষা করার জন্য ক্যানুলাটি প্রবেশ করানো হয়। ক্যানুলার অপর প্রান্তটি পরীক্ষাকারীর মুখে রেখে টেনে ডিমগুলি যখন ক্যানুলাটিউবের ভেতরে চলে আসে তখন ক্যানুলাটি ধীরে বের করে নেওয়া হয়। ডিমগুলির ব্যাস পরীক্ষা করা হয়। ০.৪-০.৫ সেমি গড় ব্যাস ডিমওয়ালা স্ত্রী মাছগুলিকে হরমোন প্রয়োগ করে প্রণোদিত প্রজনন করা হয়। এবং পুরুষ মাছের শুক্ররস নি সরন দেখে প্রজনন এর জন্য নির্বাচন করা হয়।

আই.সি.এ.আর.-সি.আই.বি.এ., চেন্নাই ভেটকির প্রজননের জন্য লিউটিনাইজি হরমোন, রিলিজিং হরমোন ইথিলাস্যাইড অ্যাসিটেউ সল্ট (LHRA-a) হরমোন ভেটকি প্রজনন এর ক্ষেত্রে ব্যবহার করেছে। প্রজনন সাধারণত অমাবস্যা বা পূর্ণিমা তিথিতে করা হয়। স্ত্রী ও পুরুষ মাছ যথাক্রমে ১ ২ অনুপাতে ব্রুডস্টক ট্যাংক থেকে হ্যাচারীতে আনা হয়। তাদের দৈর্ঘ্য ওজন লিপিবদ্ধ করা হয় এবং দেখা হয় তাদের ভালো স্বাস্থ্য আছে কিনা। LHRA-a হরমোন স্ত্রী মাছের ক্ষেত্রে ৬০-৭০ মাইক্রোগ্রাম/কেজি দেহ ওজনের এবং ৩০-৪০ মাইক্রোগ্রাম/কেজি পুরুষ মাছের প্রয়োগ করে ব্রিডিং চ্যাংকে রাখা হয়। প্রজনন এর জন্য ব্রিডিং ট্যাংকের লবণাক্ততা ৩০-৩২ পিপিটি করা হয়। ব্রুডার মাছেদের উচ্চ আওয়াজ ও মানুষের যাতায়তের মত বিশৃঙ্খলা থেকে দূরে রাখা হয়। তারা হরমোন প্রয়োগের ৩০-৩৬ ঘন্টা পরে ডিম পাড়ে। ডিম ছাড়া ক্রমাগত সপ্তাহে ৩-৪ টি ব্যাচে সম্পূর্ণ হয়।

আঁশ ভাঙন, মুগিল সেফালাস্ ঃ

আঁশ ভাঙন ২-৩ বছর বয়সে প্রথম পরিপক্কতা অর্জন করে। ভারতের পূর্বাঞ্চলে অক্টোবর থেকে জানুয়ারী এবং পশ্চিমাঞ্চলে জুন - জুলাই মাসে সাধারণভাবে পরিপূর্ণতা ও ডিম ছাড়া লক্ষ্য করা যায়। দীর্ঘক্ষণ অন্ধকার ও কম উষ্ণতা আঁশ ভাঙনের পরিপূর্ণতার সঙ্গে সম্পর্ক যুক্ত। স্ত্রী মাছ যাদের ডিমের ব্যাস ৬০০ মাইকোমিটার সেই সমস্ত মাছগুলিকে হরমোন প্রয়োগের জন্য নির্বাচন করা হয়। পিটুইটারী নির্যাস এবং ২০ মিলিগ্রাঃ/কেজি ২০০ মাইক্রেগাম/কেজি দেহ ওজনের হারে ডিম উৎপাদনেব জন্য ব্যবহার করা হয়। ডিম্বাশয় থেকে ডিম উৎপাদনে সাধারণত স্ট্রিপিং ও LHRA-a পদ্ধতি অনুসরন করা হয়। স্ট্রিপিং পদ্ধতিতে পাখির পালকের দ্বারা শুক্ররস মেশানোর পর নিষেক সম্পূর্ণ হয়। নিষিক্ত ডিমগুলিকে ইনকিউবেশন ট্যাংকে ফোটানোর জন্য রাখা হয়। সদ্য বের হওয়া লার্ভাগুলিকে হ্যাচারীতে লার্ভাপালন ট্যাঙ্কে রাখা হয় ফ্রাই সাইজ হওয়া পর্যন্ত।

মিল্কফিস, *চানস্ চানস্* ঃ

৫ -৬ বছর বয়সে মিল্কফিস পূর্ণতা লাভ করে। ৬ বছরের অধিক বয়সযুক্ত মিল্কফিস বাচ্চা প্রদানের জন্য নির্বাচন করা হয়। মিল্কফিসের পূর্ণতাপ্রাপ্তির জন্য উচ্চ উষ্ণতা ও দীর্ঘ দিবালোক প্রয়োজন যা গরমকালে উপযুক্ত সময়। LHRA-a হরমোন ৫০ মাইক্রোগ্রাম/কেজি দেহের ওজনে বড়ি আকারে দেওয়া হয় এবং মাংস পেশিতে ইনজেকশান করা হয়। এই হরমোনের প্রভাবে স্বত স্ফুর্তভাবে ট্যাংকে ডিম পাড়ে এবং নিষিক্ত ডিমগুলি ২২-২৪ ঘন্টা পরে হ্যাচিং হয়। সদ্য লার্ভাগুলিকে লার্ভা পালন ট্যাংকে ফ্রাই সাইজ হওয়া পর্যন্ত রাখা হয়।

কোবিয়া, (*র‍্যাচিসেন্ট্রন কানাডাম*) ঃ

কোবিয়া হল একটি সামুদ্রিক খাঁচায় চাষের উপযুক্ত, কারণ ইহার বৃদ্ধি অত্যন্ত দ্রুত হারে ঘটে। সাধারণত খাঁচায় বছরে ৪-৬ কেজি ওজন লক্ষ্য করা যায়। এই মাছ গভীর পুকুর যেখানে জল পরিবর্তন ব্যবস্থা আছে সেখানে চাষ করা হয়। কোবিয়া ১৫ থেকে ৩৫ পিপিটি পর্যন্ত লবণাক্ততা সহ্য করতে পারে। ইহা ব্যাপকভাবে ভিয়েতনাম, মেক্সিকো, আমেরিকা, তাইওয়ান, চীন ও অন্যান্য দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলিতে চাষ করা হয়।

সি.আই.বি.এ. সাফল্যের সঙ্গে কোরিয়ার বাচ্চা উৎপাদন করেছে বড় মাছগুলিকে একটি ছোট পুকুরে পরিচর্যার মাধ্যমে। ৬৫০ মাইক্রোমিটার ডিম্বানুর ব্যাসবিশিষ্ট স্ত্রী মাছ ও শুক্ররস নি:সরণকারী পুরুষ মাছকে যথাক্রমে ৩০০ IU/প্রতি কেজি স্ত্রী ও তার অর্ধেক পরিমাণ পুরুষকে হরমোন প্রয়োগ করে স্বতঃস্ফুর্তভাবে বাচ্চা উৎপাদন করা হয়। নিষিক্ত ডিমগুলি ইনকিউবেশন ট্যাংকে ২০-২২ ঘন্টা পরে ফুটে বাচ্চা বের হয়। তারপর লার্ভাগুলিকে ট্যাংকে পাঠানো হয়। তৃতীয় থেকে ষষ্ঠতম দিন পর্যন্ত রটিফার। তারপর ১৩ দিন পর্যন্ত আর্টেমিয়া খাদ্য হিসাবে দেওয়া হয়। ১৪ তম দিন থেকে তৈরী খাবার দেওয়া শুরু করা হয় এবং ১৮ তম দিনে তাদের খাদ্য হয় একমাত্র তৈরী করা খাবার। এইভাবে ৩০ দিনে মাছেরা ১০-১২ সেমি হয়ে ওঠে।

মুক্তোগাছা ঃ

মুক্তোগাছা একটি অর্থনৈতিক গুরুত্বপূর্ণ খাবার মাছ যার রঙিন মাছ হিসাবে বাজারগত মূল্য আছে। ইহার বাজারগত মূল্য ২৫০-৫০০ টাকা প্রতি কেজি। মুক্তোগাছার চারা উৎপাদন এক হাজার লিটার জল ধরে এরূপ ট্যাংকে করা যায়। প্রতি ট্যাংকে ছোট ছোট প্লাস্টিক টাবে রাখা হয় যার মধ্যে কাদা রাখা। প্রতিটি ব্রিডিং ট্যাংকে ৪ টি পরিপক্ক ব্রুডার রাখা হয় ডাদের আকার ১৬ সেমির বড়। এদেরকে পেলেট খাদ্য দ্বারা দেহের ওজনের ২-৩% হারে দিনে দুবার খাওয়ানো হয়। ব্রুডার মাছ ছাড়ার ২-৩ দিনের মধ্যে জোড় বাঁধতে দেখা যায় ও কাদা মাটি পূর্ণ টাবের কাছে ঘুরতে থাকে। প্রথম প্রজনন সম্পূর্ণ হয় মজুত করার ২৪ দিনের পরে। মাটি ভর্তি প্লাষ্টিকের টবের গায়ে ডিমগুলি লেগে থাকে এবং ব্রুডার মাছগুলি ডিমগুলিকে রক্ষা করে। মাটিপূর্ণ টবের গায়ে লেগে থাকা ডিম সহ টবগুলিকে আলাদা স্থানে রাখা হয় লার্ভা প্রতিপালনের জন্য। চৌবাচ্চায় লার্ভাগুলিকে লাইভ ফিড, যেমন- রটিফার, *ব্র্যাকিওন্যাস প্লিকাটিলিস্*, আর্টেমিয়া নপ্লি এর সঙ্গে বানিজ্যিকভাবে উৎপাদিত লার্ভার খাদ্যও খাওয়ানো হয়। এই পদ্ধতিতে গড়ে প্রায় ১০০০টি ধানী প্রতি ট্যাঙ্ক থেকে প্রতিমাসে পাওয়া যায়। এবং বছরে একটি চৌবাচ্চা থেকে গড়ে এক জোড়া ব্রুডার থেকে ১০,০০০ টি ধানী পাওয়া যায়। চারা উৎপাদন অবশ্য খুব সহজে নেটের তৈরি খাঁচায় করা যায়। বড় ব্রুডার মাছকে খাঁচায় রাখা হয় এবং বাণিজ্যিক ভাবে ব্যবহৃত খাবার খাওয়ানো হয়। ছোট নেটের খাঁচা অথবা হাপা ব্যবহার করা হয় যাদের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে ১ মি., ০.৭৫ মি ও ১ মি। হাপাগুলিকে খুঁটি দ্বারা ঝুলানো হয়। ডিমগুলি আটকানোর জন্য ১-২ টি মাটির টালি হাপায় ঝুলিয়ে রাখা হয়। ছোট প্লাস্টিক টবে কাদা মাটি রেখে হাপার উপরে আড়াআড়ি ভাবে রাখা লাঠি থেকে ০.৫ মিটার গভীরতায় ঝুলিয়ে দেওয়া হয়। প্রতেক্য খাঁচায় ৩-৪ টি ব্রুডার মাছ রাখা হয়। এর মধ্যে অন্তত একটি মাছের লালচে এবং বর্ধিত জেনিটাল প্যাপিলা থাকলে ভালো। খাঁচায় রাখার কয়েক ঘন্টা পরে তাদের খাঁচার ভেতর দলগতভাবে জোড়ায় জোড়ায় ঘুরতে দেখা যায়। সাধারণত জোড়ায় থাকা মাছগুলিকে প্লাষ্টিকের গামলায় মধ্যে গর্ত করতে দেখা যায়। ডিম পাড়ার পর ডিম ও লার্ভাগুলিকে রক্ষণাবেক্ষন করতে ও দেখা যায়। প্রজনন এর

সময় ব্রুডারদের বাসা তৈরির প্রবণতা লক্ষ্য করা গেছে। মুখের মাধ্যমে মাটি রাখার পাত্রের মাটি খুঁড়ে ছোটো ছোটো গর্ত সৃষ্টির মাধ্যমে। হ্যাচিং এর পর খাঁচার নেটগুলি থেকে সংগ্রহ করে লার্ভা পালন করা হয়। এই পদ্ধতিতে প্রতিটি খাঁচা থেকে ১০০০-১৫০০ টি বাচ্চা পাওয়া যায়। যদি লার্ভা পালনের আলাদা ব্যবস্থা না থাকে তবে খাঁচাগুলিতেই যত্নসহকারে লার্ভা পালন করা হয়। এইভাবে ২-২.৫ মাসে ১৫০০-৩০০০ টি বাচ্চা উৎপন্ন হয় যাদের গড় দৈর্ঘ্য ২৮ মিমি ও ওজন ০.৬৬ গ্রাম।

উপসংহার ঃ

ভাঙ্গন জাতীয় মাছের চাষের প্রধান বাঁধা হল অপ্রতুল চারা। প্রকৃতি থেকে বাচ্চা সংগ্রহের কোন নিশ্চয়তা নেই ও বর্তমানে কঠিনও বটে। ভারতবর্ষে ভাঙ্গন জাতীয় মাছের - প্রজনন ও বাচ্চা উৎপাদনে সাফল্য লাভ হয়নি। সি.আই.বি.এ. সমন্বিত প্রচেষ্টায় দু-দশক ধরে বিভিন্ন অর্থনৈতিক গুরুত্ব সম্পন্ন মাছের প্রজনন করে চলেছে এবং কিছু মাছের প্রজনন প্রযুক্তি উদ্ভাবণে সফল হয়েছে।

নোনাজলের মৎস্য খামার তৈরীর জন্য স্থান নির্বাচন, নক্শা পরিকল্পনা এবং খামার নির্মাণ

গৌরাঙ্গ বিশ্বাস

ভূমিকা ঃ

ভারতে যে ১২ লাখ হেক্টর নোনাজলের এলাকা আছে তার মধ্যে মাত্র ১৫-১৬ শতাংশ এলাকায় মাছ চাষ হয়। চিংড়ি, কাঁকড়া ও মাছের চাষযোগ্য অনেক প্রজাতি ব্যবহার করে নোনাজলের চাষ বাড়িয়ে নেওয়ার যথেষ্ট সম্ভাবনা আছে। চাষের নিবিড়তা বাড়ানো ও ব্যবস্থাপনা পদ্ধতির সঠিক জ্ঞান না থাকার জন্য নোনাজলের চাষে রোগের প্রাদুর্ভাব ঘটে ব্যাপক পরিমানে আর্থিক ক্ষতি হয়। তদুপরি, অনুপযুক্ত স্থান নির্বাচন, ভুল নক্শা পরিকল্পনা ও ত্রুটিপূর্ণ খামার নির্মাণ বিভিন্ন রকমের পরিবেশগত সমস্যা, যেমন - কৃষিজমি ও পানীয় জলের লবনাক্ততা বৃদ্ধি, সংবেদনশীল ম্যানগ্রোভ এলাকার ধ্বংসসাধন বা পরিবর্তন ইত্যাদি ঘটাতে পারে। অতএব, মাছ চাষের প্রযুক্তিগত ব্যাপার ছাড়াও নোনাজলের খামার তৈরীর স্থান নির্বাচনের জন্য পরিবেশগত ও আর্থসামাজিক বিষয়গুলির উপর নজর দেওয়া প্রয়োজন।

স্থান নির্বাচন ঃ

মাছ চাষের খামার নির্মাণের প্রথম ও প্রধান পদক্ষেপ হল উপযুক্ত স্থান নির্বাচন। স্থান নির্বাচনের সময় একটি ভুল পদক্ষেপ নির্মাণ ও চাষের খরচ বাড়িয়ে দেয় ও পরিবেশগত সমস্যা সৃষ্টি করতে পারে। কোন মাছের চাষে একটি নির্দিষ্ট উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য উপযুক্ত স্থান সঠিক পরিবেশ প্রদান করে। স্থানীয় পরিবেশ ও সমাজের সঙ্গে সমুদ্র উপকুলীয় মাছ চাষের সমন্বয়ের জন্য সঠিক নির্দেশাবলী অনুসরণ করা প্রয়োজন। নোনাজলের মাছ চাষের জন্য সম্ভাব্য স্থান নির্বাচনের জন্য নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনা করা উচিত।

প্রধান বিবেচ্য বিষয় সমূহ ঃ

- **ভূমির প্রকৃতির ও জোয়ারের বিস্তার**

ভূমির প্রকৃতি জমির উপরিতলের অবস্থাকে বোঝায়, যেমন - জমিটা সমতল, ঢালু, ঢেউ খেলানো না পাহাড়ী ইত্যাদি। নোনজলের পুকুর খননের জন্য সর্বোত্তম স্থান হল যেখানে জমিটা সমতল বা অল্প ঢালযুক্ত, যেমন - ঢাল ০.৫ - ১% এবং ২% - এর বেশী নয়। নোনাজলের উৎস্য, যেমন - খাঁড়ি, নদী বা খালের নিকটাবর্তী বর্গাকার অথবা আয়তাকার সমতল জায়গা যেটি সমুদ্রপৃষ্ঠ থেকে ১-৩ মিটার উপরে এবং কোন গাছপালাবিহীন এমন স্থানই উপযুক্ত। অগ্রাধিকার দিতে হবে এমন জায়গাকে যেখানে পুকুর শুকানো বা জল পরিবর্তন মাধ্যাকর্ষণ প্রবাহের মাধ্যমেই করা যায়। নির্মাণ খরচ কমানোর জন্য অতিরিক্ত উঁচু নীচু জাযগা বর্জন করা উচিত। নোনাজলের খামারের জন্য গড় জোয়ার ভাটা ওঠানামা ১.৫ - ২ মিটার হওয়া বাঞ্ছনীয়। ৪ মিটারের বেশী বা ১ মিটারের কম জোয়ার-ভাটা ওঠানামা করে এমন জায়গা বর্জন করা উচিত নাহলে জল ঢোকানো বা বের করা খুব কঠিন হবে। ভূমিক্ষয় রোধ করার জন্য স্থানটি খাঁড়ি থেকে ৫০ মিটার দুরে হতে হবে।

- **মাটির প্রকার এবং গুণমান**

নোনাজলের চাষের জন্য মাটি খুব গুরুত্বপূর্ণ উপাদান। মাটির গুণাবলী যেমন - পি.এইচ., ভেদ্যতা, ভারবহন ক্ষমতা, পুষ্টি ও ভারী ধাতুর উপস্থিতি পরীক্ষা করতে হবে। মাটির গঠণ বিন্যাসের উপর ভেদ্যতা বা জলধারণক্ষমতা নির্ভর করে। মাটির উপযুক্ত ভেদ্যতা হল ৫×১০^{-৬} মিটার / সেকেন্ড এর কম। কাঁদাযুক্ত দোঁয়াশ মাটি যার ভেদ্যতা কম ও উর্বরতা বেশী এমন মাটি নোনাজলের খামারের জন্য আদর্শ। কাঁদাযুক্ত দোঁয়াশ মাটিতে এই উপাদানগুলি থাকে বালি ২০-৪৫%, পলি ১৫-২৩% ও কাঁদা ২৭-৪০%। বালিমাটির এলাকা বর্জনীয় কারণ জল বেরিয়ে যাওয়া ও লবণাক্ততার সমস্যা তৈরী হতে পারে। যে মাটির পি.এইচ. ৫ এর কম ও উচ্চমাত্রায় ভারী ধাতু থাকে সেই মাটি উপযুক্ত নয়। যে মাটিতে জৈব পদার্থের স্তর ০.৬ মিটারের বেশী সেটি অনুপযুক্ত। যে এলাকায়

অ্যাসিড সালফেট মৃত্তিকা (পি.এইচ. ২.৫ - ৫.০) আছে সেই এলাকা বর্জন করতে হবে। উপযুক্ত মাটির গুণাবলী হলঃ-

ক্রমিক সংখ্যা	গুণাগুন	সর্বোত্তম মাত্রা
১.	পি.এইচ.	৬.৫ - ৭.৫
২.	জৈব কার্বন	১.৫ - ২.৫%
৩.	ক্যালসিয়াম কার্বোনেট	>৫%
৪.	সহজ লভ্য নাইট্রোজেন	৫০-৭০ মিগ্রা / ১০০ গ্রাম
৫.	সহজ লভ্য ফসফরাস	৪-৬ মিগ্রা / ১০০ গ্রাম
৬.	ইলেট্রিক্যাল কন্ডাক্টিভিটি	>৪ মাইক্রোমহস্ / সেমি

- **জলের উৎস্য ও এর গুণমান**

চাষ চলাকালীন ভালো মানের পর্যাপ্ত পরিমাণ নোনাজল সহজলভ্য হতে হবে। খাঁড়ি / খাল, হ্রদ বা ব্যাকওয়াটার যে কোন একটি নোনা জলের উৎস্য হতে পারে। চিংড়ি বা মাছের খামারের সফলতা ঐ স্থানে পাওয়া যায় যে জল তার গুণমানের উপর নির্ভর করে। জলের গুণাবলী, যেমন- পি.এইচ., লবণাক্ততা, দ্রবীভূত অক্সিজেন এবং ভারী ধাতুর উপস্থিতি নির্ণয় করা প্রয়োজন। জলের উৎস্য শিল্প বা কৃষিজাত দূষণমুক্ত হতে হবে। লবণাক্ততা ও পি.এইচ. এর ব্যাপকহারে হ্রাস বৃদ্ধি চাষের মাছের জন্য ক্ষতিকারক।

ক্রমিক সংখ্যা	জলের গুণাগুন	সর্বোত্তম মাত্রা
১.	তাপামাত্রা (ডিগ্রি সেলসিয়াস)	২৮-৩৩
২.	পি.এইচ.	৭.৫-৮.৫
৩.	লবণাক্ততা (পিপিটি)	১৫-২৫
৪.	দ্রবীভূত অক্সিজেন (পিপিএম)	৫
৫.	স্বচ্ছতা (সেমি)	২৫ - ৪৫
৬.	মোট অ্যালকালিনিটি (পিপিএম)	৮০ - ২০০
৭.	নাইট্রাইট - নাইট্রোজেন (পিপিএম)	<০.০১
৮.	নাইট্রেট-নাইট্রোজেন (পিপিএম)	<০.০৩
৯.	অ্যামোনিয়া-নাইট্রোজেন (পিপিএম)	<০.০১
১০.	পারদ ধাতু (পিপিএম)	<০.০০১
১১.	ক্যাডমিয়াম ধাতু (পিপিএম)	<০.০১
১২.	ক্রোমিয়াম তামা, জিংক (পিপিএম)	<০.১

- **অন্যান্য বিবিধ বিষয়সমূহ**

নিম্নলিখিত বিষয়গুলি কোন স্থান নির্বাচনের পূর্বে বিবেচনা করতে হবে ঃ

ক) পরিবেশ সংক্রান্ত (আবহাওয়া) বিষয়, যেমন জলবায়ু, বিপর্যয় ইত্যাদি।

খ) স্থানটিতে প্রবেশ ব্যবস্থা

গ) এলাকার আর্থ সামাজিক অবস্থা

ঘ) দূষণজনিত সমস্যা

ঙ) পাশ্ববর্তী এলাকা থেকে চারার সহজলভ্যতা

চ) মিঠাজল ও বিদ্যুতের প্রাপ্যতা

ছ) খামারে উৎপন্ন ফসলের পরিবহণ ও বাজারজাতকরণের সুবিধা

জ) সামাজিক ও রাজনৈতিক বিষয়

ঝ) প্রযুক্তিগত পরামর্শ / সহায়তা

নোনাজলের খামারের নক্শা পরিকল্পনা ঃ

কার্যকারীতায় দক্ষ ও আর্থিকভাবে লাভজনক মৎস্য খামার স্থাপনের জন্য বিজ্ঞানসম্মত ও ইঞ্জিনিয়ারিং বিষয়গুলি বিবেচনা করে সঠিক নক্শা পরিকল্পনা বানানো প্রয়োজনন। নোনাজলের তিন ধরনের খামার হতে পারে।

ক) জোয়ার দ্বারা চালিত খামার

এই ধরণের খামার চিরচরিত ব্যাপকচাষের জন্য উপযুক্ত। যে সমস্ত জায়গায় ভরা জোয়ার ১.৩ - ২মিটার উচ্চতার হয় সেখানে এই খামার করা যায়। এই খামারে জল ঢোকানো ও বের করার একটি মাত্র বড় নালা থাকে। জলের প্রবাহ নিয়ন্ত্রণ করার জন্য একটি মুখ্য স্লুইস গেট রাখা হয়। খামারের প্রতি পুকুরে জল পরিবর্তনের জন্য একটি করে স্লুইস থাকা প্রয়োজন। এই ধরনের খামার তৈরীতে খরচ বেশী হলেও চালানো ততটা ব্যয়বহুল নয়।

খ) পাম্পচালিত খামার

আধা নিবিড় ও নিবিড় পদ্ধতিতে চাষের জন্য এই খামার উপযুক্ত। পাম্পচালিত খামারে জল ঢোকানো ও বের করার আলাদা নালা থাকে। এই ধরনের খামারে জল সঞ্চয়ক ট্যাংক ও কার্যকরী পাম্পিং ইউনিট থাকা অবশ্য প্রয়োজন। এই খামারে বড় মুখ্য স্লুইসের প্রয়োজন নেই। যে সব জায়গায় জোয়ারের বিস্তার খুব বেশী (>২ মিটার) বা কম (<০.৮ মিটার) হয় সেখানে এই খামার তৈরী করা হয়। এই ধরনের খামার তৈরীতে খরচ কম হলেও চালানো ব্যয়বহুল হয়।

গ) জোয়ারে ও পাম্প উভয়চালিত খামার

যেসব স্থানে বছরের মাত্র কয়েক মাস জোয়ারের জল পাওয়া যায়, সেখানে এই খামার উপযুক্ত। যে জায়গার ভরা জোয়ারের মাত্রা ০.৮-১.৩ মিটার হয় ও তলদেশ মরা জোয়ারের জলের স্তরের উপর থাকে সেই জায়গা এই খামারের জন্য উপযুক্ত। জোয়ার দ্বারা চালিত খামারের মত এখানে মুখ্য স্লুইস গেট ও পাম্পচালিত খামারের মত প্রতি পুকুরে স্লুইস গেট থাকে। তদুপরি, যখন জলের অভাব হয় তখন জল জোগান দেওয়ার জন্য একটি পাম্পিং ইউনিট রাখা হয়। জোয়ার - পাম্প উভয় চালিত খামার তৈরী করা ও চালানো দুটিই ব্যয়বহুল।

- খামারের স্থাপনা বিন্যাস

খামারের সামগ্রিক আকার আয়তাকারের থেকে বর্গাকার হলে সীমানার বাঁধের জন্য খরচ কম হয়। বর্গাকার পুকুর তৈরীতে আয়তাকার পুকুরের থেকে খরচ কম হয়।

- বাঁধ / পাড়ের নক্শা ও নির্মাণ

  - পাড়ের প্রকারভেদ

    দু ধরনের হয় -

    ক) সীমানার পাড় ঃ এটি সমগ্র খামারের প্রতিরক্ষামূলক আচ্ছাদন। এই পাড়ের নক্সা তৈরীর সময় পুকুরের আয়তন, বন্যার জলের সর্বোচ্চ স্তর, পুকুরের তলদেশের ঢাল, গাড়ি চলাচল ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়গুলো বিবেচনা করা হয়।

    খ) মধ্যবর্তী বা অভ্যন্তরীন পাড় ঃ এটি হল দুটি পুকুরের বিভাজক। এই ধরণের পাড়ের নক্সা চাষের জন্য জলের গভীরতা কতটা দরকার তার উপর ভিত্তি করে করা হয়।

  - প্রস্থচ্ছেদ আয়তন এবং পাড়ের জন্য মাটির পরিমাণ নির্ণয়

    নীচের এই ফর্মুলা দ্বারা পাড়ের ট্রাপিজিয়ম আকারের প্রস্থচ্ছেদ নির্ণয় করা হয়-

    $A = Bd + Sd^2$

    যেখানে, B হল পাড়ের শীর্ষস্থানের প্রস্থ, d হল বাঁধের উচ্চতা, S হল বাঁধের ঢাল (H:V)



সর্বমোট মাটির পরিমাণ নির্ণয়করা হয়-

$Q = L \times A$

যেখানে, L হল পাড়ের দৈর্ঘ্য ও A হল পাড়ের প্রস্থচ্ছেদ।

- ফ্রি বোর্ড

বাঁধের উপর দিয়ে জল উপচে না যাওয়ার জন্য নিরাপত্তা সূচক হিসাবে ফ্রি বোর্ড রাখা হয়। ফ্রি বোর্ড হল বাঁধের শীর্ষস্থান থেকে পুকুরের জলস্তরের খাড়া দৈর্ঘ্য। সীমানা বাঁধের জন্য কমপক্ষে ০.৬ মিটার ও পুকুরের পাড়ের জন্য ০.৩ মিটার ফ্রি বোর্ড রাখা হয়।

- পার্শ্ব ঢাল

পুকুরের পাড়ের ঢাল নির্ভর করে মাটির গঠণবিন্যাস ও স্থানটির অবস্থার উপর। অনুভূমিক ঢাল বাঁধের স্থায়ীত্ব বাড়ায়। উপযুক্ত পার্শ্ব ঢাল হল ১.৫ ঃ ১ থেকে ২.৫ (H ঃ V)।

- শীর্ষস্থানের প্রস্থ

বাঁধের শীর্ষ, বাঁধের উচ্চতা ও ব্যবহারেরর উপর নির্ভর করে। এটি সাধারণত ঃ ১.৫ থেকে ২.৫ মিটার হয়। যখন বাঁধটি রাস্তা হিসাবে ব্যবহৃত হবে, তখন কমপক্ষে ৩.৭ মিটার প্রস্থ রাখা হয়।

- বাঁধের সুরক্ষা

বাঁধ নির্মান করা হয় প্রতিটি ৩০ সেমি মাটির স্তর করে করে এবং একটি স্তর সঠিকভাবে বসানোর পর পরের স্তর দেওয়া হয়। বাঁধের ঢালের ভুমিক্ষয় রোধ করার জন্য উপযুক্ত আস্তরণ, যেমন - পাথরের বা ইটের ঢালাই, কংক্রিট স্ল্যাব, চুন কংক্রিটের মিশ্রণ, পলিমারযুক্ত কেমিক্যাল ইত্যাদি ব্যবহার করা হয়।

➢ পুকুরের নক্শা ও বিন্যাস

কোষ্টাল এ্যাকোয়াকালচার অথরিটির নির্দেশিকা অনুসারে খামারের মোট জায়গায় ৬০% হবে জলকর ও অবশিষ্ট ৪০% হবে অন্যান্য কাজের জায়গা। নির্মাণ পদ্ধতি অনুসারে দুই ধরণের পুকুর হয় -

ক) বাঁধ পুকুর ঃ এটাকে ওয়াটারশেড পুকুরও বলে। ছোট জলাশয়ের চারিদিকে পাড় দিয়ে এই ধরণের পুকুর তৈরী করা হয়।

খ) খনন করা পুকুর ঃ জমিতে গর্ত খুঁড়ে সেই মাটি দিয়ে পাড় তৈরী করে এই পুকুর তৈরী করা হয়।

- পুকুরের আকার, আয়তন ও গভীরতা

আয়তাকার বা বর্গাকার পুকুর হতে পারে কিন্তু মাছ চাষের জন্য আয়তাকার পুকুর উপযুক্ত। আয়তাকার পুকুরের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ১.৫ঃ১ থেকে ২ঃ১। চিংড়ির চাষের ক্ষেত্রে বর্গাকার পুকুর অভিন্ন বায়ুসঞ্চলন প্রদান করে। উত্তম ব্যবস্থাপনার জন্য ০.৫ - ১ হেক্টরের পুকুর উপযুক্ত। কি প্রজাতি চাষ করা হবে, ভুমির প্রকৃতি ও জলবায়ুর উপর পুকুরের গভীরতা নির্ভর করে।

ক্রমিক সংখ্যা	**চাষের প্রজাতি**	**পুকুরের গভীরতা (মিটার)**
১.	চিংড়ি	১.২ - ১.৮
২.	মাছ	১.৫ - ২.০

- পুকুরের প্রকারভেদ

চাষ প্রণালী অনুসারে তিন ধরণের পুকুর হয় ঃ

ক) আঁতুড় পুকুর ঃ আঁতুড় বা নার্সারী পুকুরের জন্য মোট জলকরের ১০-১৫% এলাকা রাখা হয় এবং পুকুরগুলির আয়তন মাছের জন্য ০.০৫ - ০.১ হেক্টর ও চিংড়ির জন্য ০.৫ হেক্টর হয়। আর গভীরতা ০.৮ - ১ মিটার হয়।

খ) মজুত বা চাষের পুকুর ঃ মোট জলকরের ৬০-৬৫% মজুত পুকুরের জন্য রাখা হয় এবং আয়তন ০.৫ - ১ হেক্টর হয়। এই পুকুরে একটি ইনলেট ও একটি আউটলেট কোনাকুনিভাবে রাখা হয়। জলের সঠিক সঞ্চালন ও ভূমিক্ষয় রোধ করার জন্য পুকুরের কোণগুলি গোলাকার ও মসৃণ করা হয়।

গ) বায়োপুকুর বা বর্জ্য জলশোধক পুকুর ঃ কোষ্টাল অ্যাকোয়াকালচার অথরিটির নির্দেশিকা অনুসারে ৫ হেক্টরের বড় খামারের জন্য ১০% জলকর বায়োপুকুর হিসাবে রাখতে হবে। এই পুকুর মাছ চাষের গৌণ পুকুর হিসাবে ব্যবহার করা যায়।

- বার্ম

পুকুরের পাড়ের তলদেশ ও শীর্ষের মধ্যবর্তী একটি ধাপ মত রাখা হয় যেটি বার্ম নামে পরিচিত। এটি পাড়ের ভূমিক্ষয় রোধ করে ও পুকুরে জাল টানার সময় সাহায্য করে।

➢ জল ঢোকানো ও সরবরাহ ব্যবস্থা ঃ

জল নেওয়া ও সরবরাহ করার নালার নক্সা কতটা জল প্রয়োজন তার উপর নির্ভর করে। মাটির প্রকৃতি অনুসারে মাটির তৈরী পাথর কিংবা কংক্রিটের ঢালাইযুক্ত নালা তৈরী করা হয়। ১০-১২ ইঞ্চির পি ভি সি পাইপ জল সরবরাহের জন্য ব্যবহার করা যেতে পারে। স্লুইস গেটের নক্সা তৈরীর সময় এটা খেয়াল রাখতে হবে যে, জোয়ারের জলে যেন পুকুর ৪-৬ ঘন্টার মধ্যে ভরে যায়। দু ধরণের স্লুইস গেট করা হয় - প্রধান স্লুইস ও পুকুরের স্লুইস। প্রধান স্লুইস গেট সীমানার বাঁধের উপর ও প্রত্যেক পুকুরে স্লুইস গেট থাকে। স্লুইস গেটে কাঠের পাটা ব্যবহার করে পুকুরে জল ঢোকানো ও বের করা হয়। জলের সঙ্গে অবাঞ্ছিত প্রাণী যাতে না ঢোকে তার জন্য বড় ও ক্ষুদ্র ফাঁসের জাল ব্যবহার করা হয়। জল ঢোকানো ও বের করার আলাদা আলাদা ইনলেট ও আউটলেট পুকুরে কোণাকুণিভাবে নির্মাণ করা হয় যাতে করে জলনিকাশ ঠিকমত হয়।

প্রধান স্লইস গেট

পুকুরের স্লুইস গেট

➢ জল নিষ্কাশন ব্যবস্থা

- আউলেট (নির্গমনপথ)

পুকুরে জল বের করার উদ্দেশ্যে ইন্লেটের উল্টো দিকে আউটলেট তৈরী করা হয়। এটি আয়তাকার কংক্রিটের তৈরী যার মধ্যে নাইলনের স্ক্রিণ ও কাঠের শাটার ব্যবহার করে পুকুরের জল সম্পর্ণরূপে বের করা যায়। পুকুরের তলদেশে ইন্লেট থেকে আউটলেটের দিকে ঢাল ১ঃ ১০০০ রাখা হয়।

- জল নিষ্কাশন নালা

কমপক্ষে ০.৩ মিটার মাটির তৈরী বা কংক্রিটের ঢালাই করা জল নিষ্কাশন নালা তলদেশের ১ঃ১৫০০ ঢালযুক্ত পুকুরের তলদেশ থেকে ০.৩ মিটার নীচে ও সর্বনিম্ন ভাটার জলস্তর থেকে ০.৩ মিটার উপরে নালার শেষ প্রান্ত থাকে এইভাবে তৈরী করা হয়।

খামার নির্মান পদ্ধতি ঃ

খামার তৈরীতে সঠিক পরিকল্পনা, সার্বিক তত্ত্বাবধান ও নিপূণ কারিগরী দক্ষতা প্রয়োজন। খামার নির্মাণের ক্রমপর্যায় ধাপগুলি নিচে উল্লেখ করা হল।

ক) জমি সাফাই করা ঃ তিন ধরনের পদ্ধতি অনুসরণ করা হয় - কায়িক, যান্ত্রিক ও রাসায়নিক পদ্ধতি।

খ) জমিতে চিহ্নিতকরণ ঃ শুকনো সাদা পাউডার ব্যবহার করে বাঁধ, নালা ও পুকুরের জায়গাগুলি চিহ্নিত করা হয়।

গ) খননকার্য ঃ কায়িক বা যান্ত্রিক পদ্ধতি অনুসরণ করে।

ঘ) বাঁধ / পাড় ও স্লুইস নির্মাণ

ঙ) পুকুর তৈরী

চ) জলের নালা ও নিষ্কাশন ব্যবস্থা নির্মাণ।

ছ) বাঁধের ঢালের আস্তরণ প্রদান ঃ পাথর বা ইটের ঢালাই, কংক্রিটের স্ল্যাব, পলিথিন পেপার, ঘাস জন্মানো ইত্যাদি।

জ) অফিস, ল্যাবরেটারী, স্টোর রুম নির্মাণ।

ঝ) থাকার ঘর, প্রহরীর ঘর ইত্যাদি নির্মাণ।

নোনাজলের খামার তৈরীর জন্য কোষ্টাল অ্যাকোয়াকালচার অথরিটির নির্দেশাবলী ঃ

ক) ম্যানগ্রোভ, চাষজমি, লবন উৎপাদনের জায়গা (সল্ট প্যান), অভয়ারণ্য, ইত্যাদিকে নোনাজলের খামারে রূপান্তর করা যাবে না।

খ) খামারের অবস্থান ঃ যে গ্রামের জনসংখ্যা ৫০০ - এর কম সেখান থেকে ১০০মিটার দূরে, যে গ্রামের জনসংখ্যা ৫০০ এর বেশী সেখান থেকে ৩০০ মিটার দূরে ও শহর, ঐতিহ্যমূলক জায়গা থেকে ২ কিমি দূরে।

গ) পানীয় জলের উৎস্য থেকে ১০০ মিটার দূরে।

ঘ) প্রাকৃতিক জল ও বন্যার জল নিষ্কাশনের নালার উপর খামার তৈরী করা যাবে না।

ঙ) যখন খাঁড়ি বা জলের নালা ব্যবহার করা হচ্ছে তখন পুরানো ক্রিয়াকলাপ, যেমন - মাছ ধরাতে ব্যাঘাত ঘটানো যাবে না।

চ) দুটি পাশাপাশি খামারের মধ্যে দূরত্ব ঃ ছোট খামারের জন্য ২০ মিটার, বড় খামারের জন্য ১০০ -১৫০ মিটার।

ছ) নিকবর্তী চাষ জমি থেকে ৫০ - ১০০ মিটার দূরে খামারের অবস্থান হবে।

জ) খামারের জলকর এলাকা ৬০ শতাংশ এর বেশী হবে না, বাকি ৪০ শতাংশ জায়গা অন্যান্য উদ্দেশ্যে ব্যবহৃত হবে।

ঝ) বহু খামারযুক্ত এলাকা বর্জন করা উচিত।

কম খরচে নোনা ট্যাংরা হ্যাচারী নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ

প্রেম কুমার

মিস্টাস গুলিও একটি বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ নোনাজলের মাছ যা স্থানীয়ভাবে নোনা ট্যাংরা নামে পরিচিত ও এটি একটি সুন্দরবনের ছোট দেশীয় প্রজাতির মাছ। কেন্দ্রীয় নোনাজল জীব পালন অনুসন্ধান সংস্থার কাকদ্বীপ গবেষণা কেন্দ্র নোনা জলে এই মাছের প্রজনন, লার্ভা প্রতিপালন ও বড় মাছ উৎপাদনের এক সম্পূর্ণ প্রযুক্তি উদ্ভাবন করেছে।

ব্যাকইয়ার্ড হ্যাচারীর নক্সা ও নির্মাণ

ছয় মাসে ১ লাখ ছোট নোনা ট্যাংরা উৎপাদন করার ব্যাকইয়ার্ড হ্যাচারীর নক্সা ও কার্যপ্রণালী বিবরন চিত্রে দেওয়া হল। এই ধরণের ব্যাকইয়ার্ড হ্যাচারী ছোট ও মাঝারী ধরনের চাষীর কাছে অতি প্রয়োজনীয় হয়ে উঠবে। একটি ব্যাকইয়ার্ড হ্যাচারী তৈরীতে প্রায় ১০০০ বর্গমিটার জায়গা প্রয়োজন।

জল নেওয়ার ব্যবস্থা

ট্যাংরা হ্যাচারী পরিচালনার জন্য আন্ত:ভূমি অঞ্চলের কূপ বা খালের জোয়ারের জল খুবই আদর্শ। ট্যাংরা মাছের প্রজননে ৫-২০ পিপিটি লবণাক্ত জল উপযুক্ত। তাছাড়া জলের অন্যান্য গুণগতমানের মধ্যে তাপমাত্রা ২২-২৬ ডিগ্রি সেলসিয়াস, দ্রবীভূত অক্সিজেন ৫-৮ পিপিএম, হার্ডনেস ১০০০-২০০০ পিপিএম, ক্ষারত্ব ১৫০-২০০ পিপিএম এবং অ্যামোনিয়া ০.০৫ পিপিএম এর কম হওয়া দরকার।

রিসার্ভার বা চৌবাচ্চা

১০০০০ হাজার লিটার জল ধারণ ক্ষমতাযুক্ত একটি চৌবাচ্চা প্রয়োজন। ৫০ পিপিএম ক্লোরিনযুক্ত ব্লিচিং পাউডার দিয়ে জল শোধন করা হয়। ব্যবহারের আগে জল ক্লোরিন মুক্ত করা দরকার। কংক্রিটের তৈরী চৌবাচ্চা খরচে সাশ্রয়ী।

বৈদ্যুতিক জলের পাম্প

প্রজনন ট্যাংকে একটি ০.৫ ঘোড়া ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক জলের পাম্প RAS চালাতে ব্যবহৃত হয়। আর একটি ১ ঘোড়া পাম্প চৌবাচ্চাতে জল নিতে ও চৌবাচ্চা থেকে ব্রিডিং ট্যাংকে জল নিতে প্রয়োজন।

উচুজায়গায় স্থাপিত ট্যাংক (১০০০ লিটার -এর একটি)

লার্ভা প্রতিপালনের সময় জলের প্রবাহ করার জন্য একটি সঞ্চিত জলের চৌবাচ্চা দরকার।

ব্রুডস্টক পুকুর

২০০-২৫০ বর্গমিটারের পুকুর ব্রুডস্টক প্রতিপালনের জন্য আদর্শ। সেখানে ৫০-২৫০ গ্রাম ওজনের ব্রুডার ৫০০ টি রাখা যায়। ছোট পুকুরে ব্রুডার রাখলে সহজেই ধরা যায়। প্রজননের দু মাস আগে ব্রুডারগুলিকে যকৃৎ বা উচ্চ প্রোটিনযুক্ত (৩৫%) খাবার দিনে দুবার সমগ্র মাছের দেহের ওজনের শতকরা ৫% হারে খাওয়াতে হয়।

প্রজনন ট্যাংক

চারটে এফ.আর.পি. অথবা সিমেন্ট ট্যাংককে (২০০- ৫০০ লিটার) একে অপরের সঙ্গে পিভিসি পাইপ দ্বারা উপরে ও নিচে যুক্ত করানো হয়। ট্যাংক পরিষ্কার করার জন্য প্রত্যেক ট্যাঙ্কের কেন্দ্রে কেন্দ্রিয় নিষ্কাশন থাকে।

ডিম ফোটানো ও লার্ভা প্রতিপালন ট্যাংক

মোট ১২ টি এফ আর পি বা সিমেন্ট ট্যাঙ্ক বা গ্লাস অ্যাকোরিয়াম (১০০ লিটার) ডিমফোটানো ও লার্ভা প্রতিপালন করার জন্য দরকার। অভারহেড ট্যাংকের থেকে জলের প্রবাহ সমস্ত ট্যাংকে দেওয়া হয়। জলের প্রবাহ লার্ভার বাঁচার হার বৃদ্ধিতে সাহায্য করে।

বড় লার্ভা প্রতিপালন

বড় লার্ভার প্রতিপালন সিমেন্ট ট্যাংক, এফ.আর.পি. ট্যাংক (১০০০-১৫০০ লিটার, ৬টি), ছোট পুকুর (৫০ বর্গমিটার) অথবা হাপায় (২×১×১ মিটার) করা হয়। করার আগে পোনা মজুতের পূর্বের ব্যবস্থাপনা, যেমন- ব্লিচিং, চুন প্রয়োগ, সার প্রয়োগ ইত্যাদি করে নার্সারী পুকুরে উৎপাদনশীলতা বাড়ানো হয়।

লাইভ ফিড ইউনিট

লার্ভার বেঁচে থাকার হার বাড়ানোর জন্য ডিম ফুটে বেরোনোর ২ দিন পর থেকে সম্পুরক খাদ্য লার্ভার জন্য অপরিহার্য। শ্যাওলা ও আর্টেমিয়া নপ্লি খাওয়ানো খুবই অপরিহার্য। দিনে চার বার ৩০০০/লিটার হারে নপ্লি খাওয়ানো অত্যাবশ্যক। বড় লার্ভার প্রতিপালনের সময় সর্বোত্তম লার্ভার ঘনত্ব প্রতি লিটারে ২৫ টি রাখা উচিত। অতএব, অ্যালগি কালচার ইউনিট ও আর্টেমিয়া হ্যাচিং ইউনিট রাখা দরকার।

বায়ুসঞ্চালন ব্যবস্থা

পোর্টেবল এয়ার ব্লোয়ার (১টি) প্রজননে ও লার্ভার প্রতিপালন ট্যাংকে রাখা দরকার।

বিদ্যুৎ সরবরাহ

কমপক্ষে চার থেকে ছয় ঘন্টা বিদ্যুৎ সরবরাহ দরকার পাম্পের জল ও RAS চালু রাখার জন্য।

হ্যাচারী অপারেশন (চালু করা) ও রক্ষণাবেক্ষণ ঃ

ব্রুডস্টক সংগ্রহ ও প্রতিপালন

দুই মাস আগে এই কার্যকলাপ আরম্ভ করা হয়।

পরিপক্কতা মূল্যায়ণ এবং রোগ প্রতিরোধক ব্যবস্থা

৫ পিপিএম ফর্ম্যালডিহাইড ব্যবহার করে ব্রুডার থেকে বাহি: পরজীবি এড়ানো সম্ভব।

হরমোন ইনজেকশান (প্রয়োগ)

হয় পিটুইটারী গ্রন্থি নির্যাস অথবা এল এইচ আর এইচ এ, ওভাপ্রিম ব্যবহার করা হয়। ব্রুডারের আকার ও পরিপক্কতার উপর হরমোনের মাত্রা নির্ভর করে। সাধারণত স্ত্রী মাছকে এল.এইচ.আর.এইচ. ৬০ মাইক্রো গ্রাম/১০০ গ্রাম মাত্রায় এবং অর্ধেক মাত্রা হারে পুরুষ মাছের ক্ষেত্রে প্রয়োগ করা হয়।

ডিম পরিস্ফুটনের মেয়াদ

ইনজেকশান ও ডিম ছাড়ার মধ্যবর্তী সময় যা ৮-২৪ ঘন্টা পর্যন্ত হতে পারে। ডিম পরিস্ফুটনের সময় মস্তিষ্কের উপর কার্যকরী হরমোনের প্রভাব ডিম্বাশয়-শুক্রাশয়ের উপর কার্যকরী হরমোনের ক্ষেত্রে কম হয়।

ডিম সংগ্রহ ও ইনকিউবেশন

একগুচ্ছ নাইলন সুতো সমন্বিত (প্রত্যেকগুচ্ছ ৫০০ টি সরু ১৫ সেমি লম্বা - সুতো দিয়ে তৈরী) ডিম সংগ্রাহক প্রজনন ট্যাংকের জলে নিমজ্জিত করা থাকে। আঠালো নিষিক্ত ডিমগুলিকে ডিম সংগ্রাহক সুতোর ঝাঁটিতে সংগ্রহ করা হয়।

ইনকিউবেশনের মেয়াদ

ডিম সংগ্রাহক সুতোর ঝাঁটিকে ৫ পিপিএম আয়োডোফোর দিয়ে পরিশুদ্ধ করে ইনকিউবেশন ট্যাংকে সরিয়ে দেওয়া হয়। নিষেক ও ডিম ফুটে বেরোনোর মধ্যেকার সময়কে ইনকিউবেশন মেয়াদ বলে। ট্যাংরার ক্ষেত্রে এই মেয়াদ ১৫-১৮ ঘন্টা। এটি নির্ভর করে তাপমাত্রার উপর। তারসঙ্গে জলের প্রবাহ ডিমকে সুস্থ রাখতে সাহায্য করে।

ডিম ফুটে বাচ্চা বেরোনো ও লার্ভার প্রতিপালন

নিষিক্ত ডিমগুলি ১৫-১৮ ঘন্টা পর ফুটে বাচ্চা বের হয়। হ্যাচিং এর পর ডিম সংগ্রাহকগুলি সরিয়ে ফেলা হয় এবং ২ দিনের পর থেকে বাচ্চাগুলিকে আর্টেমিয়া নপ্লি খাওয়ানো হয়।

নার্সারী প্রতিপালন

শুরু হয় ৮ দিন থেকে এবং চলে ৩০ দিন পর্যন্ত।

জ্যান্তলার্ভার প্যাকিং এবং পরিবহণ

মোট ৫০০ টি ৩০ দিন বয়সের ফ্রাই ১০ লিটার অক্সিজেন যুক্ত জলের প্যাকেটে ১২-১৬ ঘন্টার জন্য পরিবহণ করা যায়।

ট্যাংরা চারা উৎপাদনের আয়-ব্যয় ঃ

১ লাখ ৩০ দিন বয়সের নোনা ট্যাংরার চারা ৬ মাস প্রজনন ঋতুর মধ্যে হ্যাচারীতে তৈরী করার হিসাব।

মূল্য (খরচ)

১. স্থায়ী খরচ

	বিবরন ও দামের হার	**মূল্য (টাকা)**
পাম্প	০.৫ এইচ পি এবং ১ এইচ.পি বৈদ্যুতিক জলের পাম্প	৫,০০০
অভারহেড ট্যাংক	১০০০ লিটার	১০,০০০
ছোট ব্লোয়ার ও অ্যারেশান পাইপ ইত্যাদি	অ্যারেশান ব্যবস্থা	৪,০০০
ব্রুডস্টক পুকুর (২৫০ বর্গমিটার)	লিজ খরচ	১,০০০
প্রজনন ইউনিট	এফ.আর.পি. অথবা সিমেন্ট ট্যাংক (২০০-৫০০ লিটার, ৪ টি)	১০,০০০
লাইভ ফিড ইউনিট	এফ.আর.পি. অথবা সিমেন্ট ট্যাংক, ৫০০ লিটারের (২ টি)	৫,০০০
ইনকিউবেশন ইউনিট	এফ.আর.পি. ট্যাংক/প্লাস্টিক টাব/কাঁচের অ্যাকোয়ারিয়াম, ১০০ লিটার (১২ টি)	৬,০০০
লার্ভা পালানোর ইউনিট	এফ.আর.পি. অথবা সিমেন্ট ট্যাংক, ১০০০-১৫০০ লিটার, (৬-৮ টি)	২০,০০০
মোট স্থায়ী খরচ		**৬১,০০০**
২. হ্যাচারি চালানোর খরচ		
ব্রুডস্টক মাছ	৫ কেজি, ৩৫০ টাকা/কেজি	১,৭৩০
ডিজেল/ইলেকট্রিক	পাম্প ও ব্লোয়ার চালানোর জন্য, ২,০০০ টাকা/মাস, ৬ মাসের জন্য	১২,০০০
প্রনোদিত প্রজননের জন্য হরমোন/ কেমিক্যাল		৮,০০০
আর্টিমিয়া সিস্ট	৩ টি কৌটা, ৬,০০০ টাকা করে	১৮,০০০
লার্ভার খাদ্য	স্টার্টার ফিড (৩৫% প্রোটিন)	২,৪০০
৩. মোট হ্যাচারি চালানোর খরচ		৪২,১৩০
৪. ডেপ্রিসিয়েশান	২০% (স্থায়ী খরচের)	১২,২০০
মোট উৎপাদন খরচ (৩+৪)		**৫৪৩৩০**
আয়		
৫. ট্যাংরা চারা (৩০ দিনের বয়স্ক)		
বিক্রি ১ টাকা প্রতি চারাতে		১,০০,০০০
৬. মোট আয়		১,০০,০০০
৭. নিট আয়		৪৫৬৭০
৮. মোট আয় - নিট আয়ের অনুপাত		২.১৯

নোনা ট্যাংরার ব্রুডস্টক উৎপাদন, পরিপক্কতা মূল্যায়ণ, প্রণোদিত প্রজনন ও লার্ভা প্রতিপালন

প্রেম কুমার

ভূমিকা

মিস্টাস গুলিও স্থানীয়ভাবে নোনা ট্যাংরা নামে পরিচিত এবং এটি একটি সুন্দরবনের ছোটো দেশীয় মাছ। বাংলাদেশ, ভারত, শ্রীলঙ্কা, ইন্দোনেশিয়া, ভিয়েতনাম, মায়ানমার, পাকিস্তান, জাভা, থাইল্যান্ড ও মালয়ের উপকূলবর্তী স্থানে এটি পাওয়া যায়। এটি ভারতবর্ষের উপকূলবর্তী রাজ্য, যেমন- অন্ধ্রপ্রদেশ, পশ্চিমবঙ্গ, গুজরাট, কর্নাটক, কেরলা, মহারাষ্ট্র, উড়িষ্যা এবং তামিলনাড়ুতে ব্যাপক হারে পাওয়া যায়। স্বল্প নোনাজলের মোহনা ও উপকূলবর্তী এলাকায় এরা দলবদ্ধভাবে থাকতে পছন্দ করে। এরা সাধারণত জৈবপদার্থ, ছোট কবচী প্রাণী খাদ্য হিসাবে গ্রহণ করে। নোনা ট্যাংরা চাষের জন্য সবচেয়ে ভাল লবনাক্ততা হল ৫-১২ পিপিটি এক বছরে প্রাকৃতিক জলাশয়ে এরা সর্বাধিক ৩০ সেমি (ওজনে ২৫০ গ্রাম) হয়ে থাকে। তা ছাড়া এরা ১-২ পিপিটি লবণাক্ততায়ও থাকতে পারে। প্রাকৃতিক জলাশয় থেকে অতিরিক্ত আহরণ ও পরিবেশ দূষণের জন্য এদের উপস্থিতি কমে গেছে। বর্তমানে এদের বাজারে উপস্থিতির হার কমে যাওয়ায় চাহিদা ও দাম অনেক বেড়ছে। এটি একটি মৎস্যচাষে গুরুত্বপূর্ণ মাছ কারণ এটি শক্তপোক্ত প্রকৃতির সুস্বাদু, অতিমাত্রায় পুষ্টিগুণসম্পন্ন এবং বাজারে প্রচুর চাহিদা রয়েছে। চাহিদাপূরণ ও সংরক্ষণ করার লক্ষ্যে এই মাছের নিয়ন্ত্রিত পদ্ধতিতে উৎপাদন করা প্রয়োজন। এই প্রেক্ষাপটে কেন্দ্রীয় নোনা জলজীব পালন অনুসন্ধান সংস্থার কাকদ্বীপ গবেষণা কেন্দ্রের উদ্দ্যোগে এই মাছের নোনা জলে বদ্ধ অবস্থায় প্রজনন, লার্ভার প্রতিপালন ও মাছের উৎপাদনের এক সম্পূর্ণ প্রযুক্তির উদ্ভাবণ হয়েছে।

ব্রুডস্টক উৎপাদন ও তার ব্যবস্থাপনা

একমাসের ধানীপোনা (১৫-২০ মিমি) প্রাকৃতিক উপায়ে সংগ্রহ করা হয়। ৬-৮ মাসে এই ধানীপোনাগুলিকে মরামাছ বা মুরগীর যকৃত খাইয়ে ব্রুডার হিসাবে তৈরী করা হয়। যাইহোক, ব্রুডারগুলি ছোটো আকারের হয় (৫০-৭০ গ্রাম) এবং ফেকানডিটি কম হয় (৫০০০-৮০০০)। একটি সম্ভাব্য বড় আকারের ব্রুডার মাছ পেতে গেলে তাকে এক বছর পতিপালন করতে হয় তবেই ঐসময়ে ১০০ গ্রাম এর বেশী হয়। ফেব্রুয়ারী থেকে মার্চের মধ্যে ব্রিডিং সিজিনের আগে প্রকৃতি থেকে ৫০ গ্রামের বেশী ওজনের মাছ সংগ্রহ করতে হয় ও ২ টি প্রতি বর্গমিটারে মাটির পুকুরে পালন করা হয়। ব্রুডস্টক পালনের সময় উচ্চ প্রোটিন সমৃদ্ধ দানা খাদ্য (৩০% প্রোটিন, ৮% ফ্যাট) অথবা মুরগীর যকৃত জীব ভরের ৩% হারে খাওয়ানো হয়। জলের ভৌতরাসায়নিক গুণাবলী যেমন- লবনাক্ততা, তাপমাত্রা, পি.এইচ., অ্যালকালিনিটি এবং দ্রবীভূত অক্সিজেন এর মান যথাক্রমে ৫-২০ পিপিটি, ২৯° সেন্টিগ্রেট, ৭.৫-৮, ১৪৪-১৫০ পিপিএম ও ৫-৮ পিপিএম হলে ভালো। প্রজনন ঋতুতে সম্ভাব্য ব্রুডস্টকগুলিকে ব্রুডস্টক পুকুর থেকে বাছাই করে এবং সহজভাবে ধরা যায় এমন নেটের খাঁচাতে রাখা হয়। পুর্ণাঙ্গ ব্রুডার গুলিকে ১০ টি প্রতি বর্গমিটার এই হারে নেটের খাঁচাতে ছাড়া হয় নোনা জলের পুকুরে এই খাঁচা প্রতিস্থাপন করে। ব্রুডস্টক মাছকে পরিষ্কার করা মুরগীর যকৃৎ দিনে একবার করে খাওয়ানো হয়।

প্রণোদিত প্রজনন

পরিণত ব্রুডষ্টক মাছের নির্বাচন

তিন থেকে চার মাস ব্রুডষ্টক প্রতিপালনের পর মে মাসের প্রথম সপ্তাহে পুরুষমাছ ও স্ত্রীমাছ ২:১ অনুপাতিক হারে বাছাই করা হয়। পলিথিন ক্যানুলা ২ মিমি ব্যাসের ব্যবহার করে ডিম্বাশয় থেকে ডিমের নমুনা নিয়ে স্ত্রী মাছের পরিপক্কতা যাচাই করা হয়। যে স্ত্রী মাছের ডিম্বাণুগুলির গড় ব্যাস ৯০০ মাইক্রো মিটার এর বেশী সেগুলি প্রনোজিত প্রজননে ব্যবহৃত হয়। তাছাড়া পরিণত স্ত্রী মাছের পরিপক্কতা যাচাইয়ের অন্যান্য পদ্ধতি হল- ফুলে যাওয়া পেট, লালচে খোলা এবং গোলাকার পায়ুছিদ্র। পরিণত পুরুষমাছ যার লম্বা প্যাপিলার উপরের অংশ গোলাপী বা লাল রঙের প্রণোদিত প্রজননের জন্য নির্বাচন করা হয়।

মাছের লিঙ্গ নির্ণয়

পুরুষ ও স্ত্রী জাতির মাছ আলাদা করা যায় তাদের জেনিটাল পেপিলার উপস্থিতির দ্বারা এবং নরম ফোলা পেট ও গোলাকার পায়ু দ্বারা।

রোগ প্রতিরোধক ব্যবস্থা

বহি:পরজীবী দূর করার জন্য ৫০০ পিপিএম ফর্মালিনে ব্রুডারগুলিকে ৩ মিনিট ডুবিয়ে রাখা হয় ও তারপর সার্কুলেটরি ব্যবস্থাযুক্ত ব্রিডিং ট্যাংকে স্থানান্তর করা হয়। যেহেতু নোনা ট্যাংরার ডিমগুলি আঁঠালো প্রকৃতির তাই ডিম সংগ্রাহক ব্যবহার করা প্রয়োজন। ডিম সংগ্রাহক হল নাইলন সুতোর গুচ্ছ যা জলের মধ্যে অর্ধ নিমজ্জিত অবস্থায় প্রজনন ট্যাংকে থাকে। নিষিক্ত ডিমগুলি যেন নষ্ট না হয় তার জন্য ব্রিডিং ট্যাংক ভর্তি করে ডিম সংগ্রাহক দেওয়া হয়।

পুরুষ ও স্ত্রী মাছের অনুপাত, হরমোন মাত্রা এবং ইনজেকশান

বাছাইয়ের পর পুরুষ ও স্ত্রী মাছের অনুপাত ২ ১ রেখে প্রজনন ট্যাংকে ২-৩ ঘন্টা খাপ খাইয়ে নেওয়া হয় প্রজনন ট্যাংকের মধ্যে অ্যারেশান দেওয়া হয় ও জলের স্রোত তৈরী করা হয়। প্রণোদিত প্রজননের জন্য হিউম্যান কোরিওনিক গোনাডোট্রপিন (HCG), এল.এইচ.আর.এইচ.এ., পিটুইটারি গ্রন্থির নির্যাস (PGE) অথবা বাজারে পাওয়া যায় হরমোন ব্যবহার করা হয়। HCG মাত্রা ১০০০০ আইইউ, এল.এইচ.আর.এইচ.এ. ৩৫ মাইক্রোগ্রাম, PGE ১০ মিগ্রা প্রতি কেজি স্ত্রী মাছের ওজন হারে দেওয়া হয়। স্ত্রী মাছের অর্ধেক মাত্রা পুরুষ মাছকে দেওয়া হয়। হরমোনের মাত্রা পরিপক্কতার অবস্থার উপর নির্ভরশীল। হরমোন মাছের পিঠের পৃষ্ঠ পাখনার তলার দিকে পেশীবহুল অংশে ইন্‌জেকশান করা হয়। হরমোন প্রয়োগ সাধারণত বিকেলের দিকে করা হয়।

স্পনিং, ডিমের পরিস্ফুটন এবং ভ্রুনের বিকাশ

ট্যাংরা মাছ ডিম ছাড়ে ইনজেকশানের ১০-১২ ঘন্টা পর। ট্যাংরার নিষিক্ত ডিমের উপর জেলি সদৃশ আঁঠালো পদার্থ থাকে যা ডিমকে আঠালো বৈশিষ্ট্য দেয়। নিষিক্ত ডিমগুলো স্বচ্ছ, আঠালো, গোলাকার ও ডুবন্ত প্রকৃতির হয়। আর অনিষিক্ত ডিমগুলি সাদা রঙের অস্বচ্ছ হয়। ট্যাংরার ডিমের কুসুমগুলিতে অয়েল গ্লোবুল থাকে না। ডিমছাড়ার পর জলের স্রোত বন্ধ করে দেওয়া হয়। ডিম সংগ্রাহকের গায়ে লেগে থাকা ডিমগুলি ইনকিউবেশান ট্যাংকে স্থানান্তরিত করা হয়। নোনা ট্যাংরা একটি স্বল্প ডিমযুক্ত মাছ যার দেহের আকারের উপর নির্ভর করে ২৫০০০ থেকে ১৫০০০০ টি ডিম ছাড়ে।

ইনকিউবেশন ও হ্যাচিং

ইনকিউবেশন ট্যাংক আগে থেকে প্রস্তুত রাখতে হয়। ডিম ছাড়ার ৩-৪ ঘন্টা পর ডিম সংগ্রাহকগুলি ইনকিউবেশন ট্যাংকে স্থানান্তরিত করা হয়। ইনকিউবেশন ট্যাংকগুলি ১০০০ লিটারের অ্যারেশানযুক্ত হয়। ২৮° সেলসিয়াস তাপমাত্রায় ১৭:৩০ ঘন্টায় ডিম ফুটে বাচ্চা বের হয়। ইনকিউবেশনের সময় কিন্তু তাপমাত্রা নির্ভর এবং এর তারতম্য হয় ১৪-১৮ ঘন্টা। হ্যাচিং হওয়া লার্ভা ২.১৭ ± ০.২৯ মিমি লম্বা ও কুসুমযুক্ত হয়। নতুন লার্ভা নিষ্ক্রিয় থাকে ও ট্যাংকের পাশে ও তলায় আটকে থাকে। হ্যাচিং হওয়ার ৬-১২ ঘন্টা পর ডিম সংগ্রাহকগুলো সরিয়ে ফেলা হয়।

লার্ভা প্রতিপালন

স্থানান্তরের স্ট্রেস ও মৃত্যুর হার কমানোর জন্য হ্যাচিং ট্যাংককেই লার্ভা প্রতিপালন ট্যাংক হিসাবে ব্যবহার করা হয়। ডিম সংগ্রাহকগুলি হ্যাচিং হওয়ার ৬-১২ ঘন্টা পর সরিয়ে ফেলা হয়। হ্যাচিং হওয়ার ২৪ ঘন্টা পর লার্ভার পালন ট্যাংকে ক্লোরেল্লা ১-৫×১০^{৩} কোষ/মিলি হারে দেওয়া হয়। হ্যাচিং হওয়ার ২ দিন পর লার্ভাগুলোকে আর্টেমিয়া নপ্লি যার আকার ১৫০-১৭০ মাইক্রো মিটার চওড়া ও ৫০০-৫৮০ মাই মিঃ লম্বা খাওয়ানো হয়। সর্বোত্তম লার্ভার ঘনত্ব ২৫ টি/লিটার। লার্ভাগুলোকে আর্টেমিয়া নপ্লি ৩০০০ টি/লিটার হারে দিনে ৪ বার ৭ দিন ধরে খাওয়ানো হয়। ৮ দিন থেকে আর্টেমিয়ার সঙ্গে ছোট দানা খাদ্য ও ১৫ দিন থেকে সম্পূর্ণভাবে ছোট ছোট দানা খাদ্য খাওয়ানো হয়। ৩০-৩৫ দিনে ধানীপোনা ৪৮-৫০ মিমি আকারের হয় এবং একটি ধানীপোনার উৎপাদন খরচ ৩০-৪০ পয়সা মাত্র।

নোনা ট্যাংরা মাছের নার্সারী পালন, চিরাচরিত ও উন্নত চাষ প্রযুক্তি

গৌরাঙ্গ বিশ্বাস

মিষ্টি ও নোনা উভয় জলে নোনা ট্যাংরা চাষ করা যায়। পালন পুকুরে চারামাছ ছাড়ার পূর্বে ডিমপোনাগুলিকে আঁতুড় পুকুরে উপযুক্ত পরিচর্যা করতে হয়। পালন পুকুরে মাছের ভালো বৃদ্ধি ও বেশি সংখ্যক মাছ পেতে গেলে আঁতুড় পুকুরে ডিমপোনার উপযুক্ত পরিচর্যার গুরুত্ব অপরিহার্য্য। পশ্চিমবঙ্গ ও উড়িষ্যার ধানজমি ও নোনা জলাশয়গুলিতে এই মাছের ধানীপোনা পাওয়া যায়। মিশ্র মাছচাষ পদ্ধতিতে এই নোনা ট্যাংরা চাষ করা যায়।

নার্সারী পালন ঃ

ডিমের কুসুম নি:শেষ হওয়া ডিমপোনার নার্সারী পালন একটি জটিল ধাপ কারণ এই সময়ে ডিম পোনার প্ল্যাংকটণভোজী খাদ্যভ্যাস থেকে কৃত্রিম খাদ্য গ্রহণে অভ্যাস করানো হয়। পুকুরে বিভিন্ন পরীক্ষা করে দেখা গেছে যে, প্রতি বর্গ মিটারে ২০০-২৫০ সংখ্যক ডিমপোনা কে পরিচর্যা করে ৩০-৪৫ দিনে ০.৫-১.০ গ্রামের ধানীপোনাতে পরিণত করা যায়। নার্সারী পুকুরে ১৫ দিন অন্তর সার প্রয়োগ করা হয় ও সরষে খোল, কুঁড়া ও ফিস-মিল মিশ্রিত গুঁড়ো খাদ্য প্রদান করা হয়। কাকদ্বীপ গবেষণা কেন্দ্রে সম্প্রতি ১০ দিন বয়সের চারা (০.০১-০.০২ গ্রাম) নিয়ে হাপাতে (২×১×১ মিটার) তিনটি মজুত হারে, ৫০০, ৭৫০ ও ১০০০/হাপা নার্সারী পালন করা হয়। এই গবেষণা কেন্দ্র দ্বারা তৈরী করা ৩০% প্রোটিনযুক্ত, ৩০ টাকা/কেজি দরের খাদ্য দেহের ওজনের ১০-৪% হারে দিনে দুইবার দেওয়া হয়। ৬০ দিন পরে ১০০০ টি/হাপা ঘনত্ব থেকে ৫০০ ও ৭৫০ টি /হাপা ঘনত্ব চারার বেশী বৃদ্ধি যথাক্রমে ১:৩১ ও ১:৩৫ গ্রাম পাওয়া যায়। যদিও চারার বাঁচন হার সবচেয়ে কম ঘনত্বের হাপায় অধিক পরিমাণে পাওয়া গেছে (৪৮%)। ফলে হাপাতে ৫০০ টি /হাপা ঘনত্ব নার্সারী পালনের জন্য উপযুক্ত। যাইহোক, নার্সারীতে চারার বাঁচন হার বাড়ানোর আরো প্রচেষ্টা চলছে।

চিরাচরিত পদ্ধতিতে চাষ ঃ

এই পদ্ধতিতে মাছ চাষ নির্ভর করে নদীর জোয়ারের জলে মাছের চারা, খাদ্যের উপস্থিতি ও জল পরিবর্তনের উপর। এই পদ্ধতিতে কেবলমাত্র মিশ্র চাষ করা সম্ভব। এই চাষ পশ্চিমবঙ্গের ভেড়ি ও কেরালার পক্কালিতে দেখা যায়। এই প্রকারের এই সব জলাশয়ে চিংড়ি, কাঁকড়া ও বিভিন্ন ধরনের মাছ জোয়ারের জল আদান প্রদানের মাধ্যমে চাষ হয়। মাছ বেড়ে ওঠে এই প্রকার জলে আপনা থেকেই মাছের প্রাকৃতিক খাদ্য কণা খেয়ে, তাই মাছের পরিপূরক খাদ্য সরবরাহ করার প্রয়োজন হয় না। ৩ থেকে ৪ মাস পরে জল শুকিয়ে মাছ ধরা শুরু হয়। এই পদ্ধতিতে প্রতি হেক্টরে ৫০০-৭০০ কেজি উৎপাদন হয়। এই উৎপাদনের মধ্যে ৩০% চিংড়ি থাকে এবং ৭০% মাছ থেকে যার মধ্যে ট্যাংরাও থাকে।

একক প্রজাতি চাষ ঃ

নোনা ট্যাংরাকে এককভাবে পুকুরে বা নোনা জলাশয়ে চাষ করা যায়। নোনা ভেড়িতে, প্রতি বর্গমিটারে একটি করে ধানীপোনা চাষ করলে বছরে ৮০ গ্রাম ওজন হয়। ৩০% প্রোটিনযুক্ত বাজারের খাদ্য দেহের ওজনের ৪-৬% হারে ব্যবহার করে ৮, ১২ ও ১৬ টি/বর্গমিটার ঘনত্বে চাষ করে বেশী ঘনত্বের চাষে ৯৫০ কেজি/হেক্টর উৎপাদন পাওয়া যায়। সি.আই.বি.এ. ট্যাংরা মাছের একক চাষের আধুনিক প্রযুক্তি উদ্ভাবন করেছে। প্রতি বর্গমিটারে ১-২ টি মাছ ছেড়ে ৭ মাসে বাজারের উপযুক্ত মাপের ৫৮ গ্রাম ওজনের মাছ পাওয়া যায়। প্রতি হেক্টরে ১০০০-১২০০ কেজি ফলন হয়েছে। এখানে ৩০% প্রোটিন ও ৬% ফ্যাটযুক্ত খাদ্য পরিপূরক খাবার হিসাবে দেহের ওজনের ৫% হারে দেওয়া হয়। হিসেব করে দেখা গেছে ১ কেজি মাছ তৈরি করতে ৮০ টাকা খরচ হয়। বাজারে এই মাছ বিক্রি হয় ২৫০-৩০০ টাকা প্রতি কেজি। এই মাছ ছোট ছোট পুকুরে (৩০০-৫০০ বর্গমিটার) প্রতি বর্গ মিটারে ২০-৪০ টি চাষ করলে সেটি একটি উত্তম পদ্ধতি হবে।

মিশ্রচাষ ঃ

নোনা ট্যাংরা মিঠা ও নোনা জলের মাছ এবং চিংড়ির সঙ্গে মিশ্র চাষের উপযুক্ত প্রজাতি। ১২০ দিনের মিশ্রচাষে ট্যাংরা (৪০ টি/বর্গমিটার), নাইলোনটিকা (৬০ টি/বর্গমিটার) এবং খরসুলা (৪০টি/বর্গমিটার) মজুত ঘনত্বে হেক্টর প্রতি ৩৮৬৭ কেজি উৎপাদন হয়, যেখানে একক চাষে মাত্র ১৬৪২ কেজি/হেক্টর উৎপাদন পাওয়া যায়। সাড়ে ৪ মাসের মিশ্রচাষে, নোনা ট্যাংরা ০.১ টি/বর্গমিটারে মজুত করে ৫০ গ্রাম ওজনের হয়, যেখানে পার্শে ০.১ টি/বর্গমিটার ও বাগদা চিংড়ি ১৫-১৮ টি/বর্গমিটার হারে ছাড়া হয়।

স্থানীয়ভাবে পাওয়া যায় এমনসব উপাদান দিয়ে স্বল্প মূল্যের খাদ্য তৈরী করে নোনাজলের মাছ ও চিংড়ির মিশ্রচাষকে একটি লাভজনক চাষ হিসাবে উদ্ভাবন করার অনেক প্রচেষ্টা নেওয়া হয়েছে। স্বল্পমূল্যের খাবার দিয়ে মিশ্রচাষ পদ্ধতি আমাদের খামারে ও চাষীর পুকুরে করা হয়েছে। ছয় প্রজাতির মিশ্রচাষে বিভিন্ন হারে মজুত করে, যেমন- পার্শে (৫০০০ টি/হেক্টর), ভাঙন (৫০০০ টি/হেক্টর), পায়রা চাঁদা (২৫০০ টি/হেক্টর), নোনা ট্যাংরা (৩০০০০ টি/হেক্টর) ও বাগদা চিংড়ি (২৫০০ টি/হেক্টর) ২৫ টাকা কেজি দরের খাদ্য ব্যবহার করে ৪৭৬৪ কেজি/হেক্টর উৎপাদন পাওয়া গেছে, যেখানে ৩২৫ দিনে খাদ্যের FCR ছিল ১.৩৬।

ধানের সঙ্গে নোনা ট্যাংরা চাষ ঃ

সমুদ্র উপকূলবর্তী এলাকায় বর্ষাকালে প্রচুর বৃষ্টি হলে ধান চাষ করা হয়। এই ধানচাষের পর মাটির লবণাক্ততা বৃদ্ধির জন্য জমি পতিত অবস্থায় পড়ে থাকে। এই জায়গাগুলিকে লবণাক্ততা সহনশীল ধান ও নোনাজলের মাছ চাষ করে ব্যবহার করা যায়। পশ্চিমবঙ্গে ধানের সঙ্গে মাছ চাষ বহু প্রাচীন একটি পদ্ধতি। নোনা ট্যাংরা ও অন্যান্য ট্যাংরার প্রজাতি ভারত ও বাংলাদেশের ধানক্ষেতে চাষ করা হয়। ভারত ও বাংলাদেশে ধানক্ষেতে চাষে যথাক্রমে ৫০০-২০০০ এবং ১১৬-৬০০ কেজি/হেক্টর মাছের উৎপাদন হয়। ভেটকি, পার্শে, ভাঙন ও নোনা ট্যাংরা ১০০০০-১৫০০০ টি/হেক্টর মজুত করে ১০৫০ কেজি/হেক্টর উৎপাদন পাওয়া যায়।

নোনা ট্যাংরা চাষে জলের গুণাবলী ঃ

নার্সারী পুকুরে জলের গুণাবলী-তাপমাত্রা (২৫-৩০ ডিগ্রী সেলসিয়াস), লবণাক্ততা (৩-৪ পিপিটি), জলের স্বচ্ছতা (২৭-৪০ সেমি), পি.এইচ. (৭.৯০-৮.৮০), অ্যালকালিনিটি (১৮০-২৫০ পিপিএম), দ্রবীভূত অক্সিজেন (৫-৮.৫ পিপিএম), নাইট্রেট-নাইট্রোজেন (১.২৮-১.৩৬ পিপিএম) ও ফসফেট-ফসফরাস (১.০৮-১.১৮ পিপিএম)।

ভেড়িতে নোনা ট্যাংরার চাষে জলের গুণাবলী হবে: তাপমাত্রা (১৫-৩৩ ডিগ্রী সেলসিয়াস), লবণাক্ততা (৪.২-১৭.৪ পিপিটি), দ্রবীভূত অক্সিজেন (৫.৮৭-৯.৫৮ পিপিএম), পি.এইচ. (৭.৮৫-৮.৫০)।

ধানের সঙ্গে নোনা ট্যাংরা ও অন্যান্য নোনা জলের মাছ ও চিংড়ি চাষে তাপমাত্রা (২২.২-৩২.৭ ডিগ্রী সেলসিয়াস), দ্রবীভূত কঠিণ প্রদার্থ (৩.০১-৫.২৮ পিপিএম), মোট অ্যামোনিয়া (০.১৪৩-০.১৬৫ পিপিএম), নাইট্রেট (০.০৯১-০.১১৭ পিপিএম), হার্ডনেস (১৫০০-২৫০০ পিপিএম), স্বচ্ছতা (১৫-২৩ সেমি), পি.এইচ. (৭.১-৭.৯) ও লবণাক্ততা (২.৪-১৫.২ পিপিটি) উপযুক্ত।

নোনা জলের মাছ ও চিংড়ির স্বল্প মূল্যের খাদ্য প্রস্তুতি ও খাদ্য ব্যবস্থাপনা

তাপস কুমার ঘোষাল এবং দেবাশীষ দে

নোনা জলের বিভিন্ন মাছ ও চিংড়ির চাষ ভারত, বাংলাদেশ ও দক্ষিণ- পূর্ব এশিয়ার বিভিন্ন দেশে বহু প্রাচীন কাল থেকে চলে আসছে। বর্তমানে উন্নত দেশসমূহের বাজারে চিংড়ির চাহিদা ও দাম বৃদ্ধি পাওয়ায় এবং আমাদের দেশেও নোনাজলের মাছ যেমন- ভেটকি, পার্শে, ভাঙ্গন ইত্যাদির যথেষ্ট চাহিদা ও বাজার দর থাকায় নোনা জলের মাছ চাষে ব্যাপক পদ্ধতিগত পরির্বতন এসেছে। মাছ চাষের সঙ্গে জড়িত বিভিন্ন আলোচনায় না গিয়ে বর্তমান প্রবন্ধে বাগ্‌দা চিংড়ি ও অন্যান্য মাছের বিজ্ঞানভিত্তিক খাদ্যের প্রয়োজনীয়তা ও প্রস্তুতি সম্বন্ধে আলোচনা সীমাবদ্ধ রাখা হল।

সুষম খাদ্যের প্রয়োজনীয়তা

মুক্ত জলাশয়ে স্বাভাবিক উৎস্য থেকে প্রাপ্ত প্রাকৃতিক খাদ্য মোটামুটিভাবে সকল জলজ প্রাণীর যোগান দেয়। কিন্তু বদ্ধ জলাশয়ে প্রাকৃতিক উৎস্য থেকে প্রাপ্ত খাদ্য চিংড়ি ও অন্যান্য মাছের চাহিদা মেটাতে সক্ষম নাও হতে পারে। বিশেষ করে মজুত সংখ্যা বেশী হলে এবং ভালো উৎপাদন পেতে হলে চিংড়ি ও অন্যান্য মাছের প্রয়োজনানুযায়ী সুষম খাদ্য প্রয়োগ বাঞ্ছনীয়।

সুষমা খাদ্য কি?

যে খাদ্যে পুষ্টির প্রতিটি উপাদান উপস্থিত এবং যেটি নির্দিষ্ট প্রজাতির দৈনন্দিন পুষ্টির চাহিদা মেটাতে সক্ষম হয় এবং দ্রুত বৃদ্ধি ও বংশবিস্তারে সাহায্য করে তাকে ঐ প্রজাতির সুষম খাদ্য বলা হয়।

পুষ্টির প্রয়োজনীয় উপাদান

সমস্ত মাছ ও চিংড়ির পৌষ্টিক চাহিদা প্রধানত পাঁচটি উপাদানে বিভক্ত, যথা- প্রোটিন বা আমিষ, লিপিড বা স্নেহ/চর্বি, কার্বোহাইড্রেট বা শর্করা, ভিটামিন এবং খনিজলবণ।

প্রোটিন বা আমিষ উপাদান

প্রোটিন প্রাণীর শরীরের কলায় উপস্থিত মুখ্য জৈব রাসায়নিক বস্তু। শুষ্ক ওজন ভিত্তিতে শরীরে প্রোটিনের পরিমান ৬৫-৭৫ শতাংশ। এই উপাদানকে শরীর তৈরীর নিমিত্ত খাবার বলা হয়। যেহেতু মাছ ও চিংড়ির স্বাভাবিক বৃদ্ধি ও বিপাক ক্রিয়ায় প্রোটিন আবশ্যক তাই খাদ্যে প্রোটিনের সরবরাহ অত্যন্ত প্রয়োজনীয়। প্রোটিনের জৈবিক মূল্যায়ণ নির্ভর করে তার মধ্যে উপস্থিত অ্যামাইনো অ্যাসিডের পরিমাণের উপর। যে কোনো খাদ্য গুণগতভাবে কতটা ভালো তা নির্ধারিত হয় ঐ খাদ্যে উপস্থিত প্রোটিনের পরিমাণের উপর এবং প্রোটিনের গুণের উপর। প্রোটিনের সরবরাহ যথেষ্ট না হলে মাছ বা চিংড়ির বৃদ্ধি এবং বিপাক ক্রিয়া ব্যাহত হয়। বিভিন্ন প্রজাতির প্রোটিনের প্রয়োজনীয়তা ঐ প্রজাতির বৃদ্ধির স্তর, ওজন এবং খাদ্যে উপস্থিত শক্তির মাত্রার উপর নির্ভর করে।

লিপিড/স্নেহ জাতীয় উপাদান

ফ্যাট, ফসফোলিপিড্, কোলেস্টরল ও ফ্যাটি এ্যাসিডের সৃষ্ট একটি যৌগ। লিপিড দেহে শক্তি সঞ্চিত রাখে। বিয়োজনে এই শক্তির প্রকাশ ঘটে। এক অনু লিপিড, এক অনু শর্করা বা এক অনু প্রোটিনের দ্বিগুন শক্তি হতে পারে। কোনো লিপিড গুণগতভাবে কতটা ভালো তা নির্ভর করে লিপিডে উপস্থিত অপরিহার্য (এসেনশিয়াল) ফ্যাটি অ্যাসিডের পরিমানের উপর। মাছ যা চিংড়ির খাদ্যে পলি-আনস্যাচুরেটেড ফ্যাটি অ্যাসিড (যেমন ওলেয়িক অ্যাসিড, লিনোলেয়িক অ্যাসিড, লিনোলেনিক অ্যাসিড, অ্যারাকিডনিক অ্যাসিড, ই.পি.এ. এবং ডি.এইচ.এ.) অত্যন্ত প্রয়োজনীয়। শরীরে বিভিন্ন স্টেরয়েড হরমোন তৈরীতে পলি আনস্যাচুরেটেড ফ্যাটি অ্যাসিডের প্রয়োজন। এই স্টেরয়েড হরমোন গুলি মাছ বা চিংড়ির বৃদ্ধি, খোলস ত্যাগ এবং পূর্ণতা প্রাপ্তিতে সাহায্য করা। চিংড়ি নিজের দেহে কোলেস্টেরল তৈরি করতে পারেনা। তাই চিংড়ি খাদ্যে

কোলেস্টেরল সরবরাহ অত্যন্ত জরুরী। চিংড়ির মাথা এবং স্কুইড চূর্ণ কোলেস্টেরলের খুব ভালো প্রাকৃতিক উৎস্য। সাধারণত মাছ ও চিংড়ির খাদ্যে মাছের তেল এবং সয়াবীন তেল লিপিডের উৎস্য হিসাবে ব্যবহৃত হয়।

শর্করা

শর্করা শক্তির সহজ উৎস্য। স্টার্চ, সুক্রোজ, সেলুলোজ ও কাইটিন রুপে শর্করা খাদ্যে উপস্থিত থাকে। মাছ ও চিংড়ি খাদ্যে শর্করা পরিমান ১০-৪০ শতাংশ পর্যন্ত দেওয়া যায়। চালের গুড়ো, গমের আটা, ভুট্টার গুঁড়ো, ট্যাপিকওকার গুঁড়ো খাদ্যে শর্করার উৎস্য হিসাবে ব্যবহার করা হয়।

নোনা জলের চিংড়ি ও মাছের পুষ্টির চাহিদা

পুষ্টির উপাদান	বাগদা চিংড়ি	ভেনামী চিংড়ি	কাঁকড়া	ভেটকি	নোনা ট্যাংড়া
এ্যানার্জি (শক্তি) (Kcal/kg)	২৮০০-৪৩০০	৩০০০-৩৫০০	৪০০০-৪২০০	৪০০০-৪৫০০	৩০০০-৩৫০০
প্রোটিন (%)	৩৫-৪৫	৩০-৩৫	৩০-৩৫	৪৫-৫৫	২০-২৫
লিপিড বা ফ্যাট (%)	৫-১৫	৫-১৫	৫-১০	৬-১৮	৬-৮
শর্করা (%)	২০-২৫	২০-২৫	২৫-২৮	১০-২০	২০-২৫
ফসফোলিপিড (%)	০.১-২.০	০.১-২.০	০.৫-২.০	-	-
কোলেস্টেরল (%)	০.৫	০.৫	০.৫	-	-

খনিজ লবণ

জলজ প্রাণীর বহিঃকঙ্কাল গঠন ও বিপাকক্রিয়ায় ২০টি অজৈব রাসায়নিক খনিজের প্রয়োজন। এদের মধ্যে সাতটি যথা ক্যালসিয়াম, ফসফরাস, পটাশিয়াম, সোডিয়াম, ক্লোরিন, ম্যাগনেসিয়াম ও সালফার এর প্রয়োজন হয় ০.১ শতাংশের বেশী হারে মাছ ও চিংড়ির দেহে ক্যালসিয়াম ও ফসফরাস বহিকঙ্কাল গঠনে সাহায্য করে। পটাশিয়াম, সোডিয়াম ও ক্লোরিন অসমোরেগুলেশন সাহায্য করে। আর অবশিষ্ট খনিজগুলি রক্তরঞ্জক, উৎসেচক ও জৈব অনুর অংশ বিশেষ। চিংড়ির ক্ষেত্রে ম্যাঙ্গানিজ খোলস ত্যাগে সাহায্য করে। জলজপ্রাণী তাদের খনিজের চাহিদা মেটায় খাদ্য ও জলে উপস্থিত খনিজ থেকে। যেহেতু ফসফরাসের পরিমান নোনাজলে কম সেজন্য ফসফরাসের চাহিদা মেটাতে জলজপ্রাণীরা কৃত্রিম খাদ্যের উপর নির্ভর করে। সাধারণত জলজপ্রাণীর ক্ষেত্রে খাদ্যের উপর ক্যালসিয়াম ও ফসফরাসের অনুপাত ১ ১ থাকা উচিত। নোনাজলে পর্যাপ্ত পরিমাণে উপস্থিত কপারের চাহিদা মেটায়। মাছ চিংড়ির খনিজ চাহিদা নিচের সারণীতে সেওয়া হল-

খনিজ	মাছ	চিংড়ি
ক্যালসিয়াম (শতকরা)	০.২-০.৪	১-২
ফসফরাস (শতকরা)	০.৬-০৮	১-২
ম্যাগনেশিয়াম (শতকরা)	০.০৪-০.০৭	০.২-০.৩
লৌহ (আয়রন) (পি.পি.এম.)	১৫০-২০০	৬০-১০০
তামা (কপার) (পি.পি.এম.)	৩-৪	৮-১২
দস্তা (জিঙ্ক) (পি.পি.এম.)	১৫-৩০	৮০-১২০
ম্যাঙ্গানিজ (পি.পি.এম.)	১১-১৩	৪০-৬০
আয়োডিন (পি.পি.এম.)	০.৬-১.১	০.৪-০.৬
সেলেনিয়াম (পি.পি.এম.)	০.০৩-০.০৪	১.১৭-০.২৫

ভিটামিন

স্বল্প মাত্রায় প্রয়োজনীয় এই জৈব রাসায়নিক মাছ ও চিংড়ির স্বাভাবিক বৃদ্ধি ও বিপাকে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে। যেহেতু মাছ বা চিংড়ি এই জৈব রাসায়নিকগুলি নিজেদের দেহে তৈরী করতে পারে না বা পারলেও পরিমাণে তা যথেষ্ট নয়, সেজন্য কৃত্রিম খাদ্যের মাধ্যমে ভিটামিনের সরবরাহ অত্যন্ত জরুরী। খাদ্য প্রস্তুতির সময় এবং জলে দ্রবীভূত হয়ে কিছু পরমাণে নষ্ট হয়ে যায়, সেজন্য কৃত্রিম খাদ্যে ভিটামিনের মাত্রা বেশী দেওয়া প্রয়োজন। ভিটামিন দুই প্রকার— জলে দ্রাব্য (ভিটামিন বি কমপ্লেক্স, সি, পি ইত্যাদি) এবং স্নেহে দ্রাব্য (ভিটামিন এ,ডি, ই, কে)। জলে দ্রাব্য ১১ টি ভিটামিনের মধ্যে মাছ ও

চিংড়ির ক্ষেত্রে তিনটি ভিটামিন (ভিটামিন সি, ইবনোসিটল এবং কোলিন) বেশী পরিমাণে দরকার। কোলিনের উৎস হিসেবে মাছ বা চিংড়ির খাদ্যে মাছ গুঁড়ো, চিংড়ি গুঁড়ো, তুলো বীজ খোল, সয়াবীন খোল এবং ইষ্ট ব্যবহার করা হয়। মাছ র চিংড়ির প্রয়োজনীয় বিভিন্ন ভিটামিনের পরিমাণ নিম্নরূপ-

ভিটামিন (পি.পি.এম.)	মাছ	চিংড়ি
থায়ামিন	১০	১২০
রাইবোফ্ল্যাভিন	২০	৪০
পাইরিডক্সি	১০	১২০
প্যান্টোথেনিক অ্যাসিড	৪০	১০০
নিয়াসিন	১৫০	১৫০
ফোলিক অ্যাসিড	৫	৫
ভিটামিন বি-১২	০.১	০.১
কোলিন	৩০০০	৬০০
ইনোসিটল	৪০০	২০০০
ভিটামিন সি	১০০	১০০০
ভিটামিন ই	৩০	২০০
ভিটামিন কে	১০	৪০
ভিটামিন এ (আই.ইউ.)	২৫০০	৫০০০
ভিটামিন ডি (আই.ইউ.)	২৪০০	১০০০

খাদ্যের উপাদান

চালের গুঁড়ো, গমের আটা, ভূট্টার গুঁড়ো, ধানের কুঁড়ো, গমের কুঁড়ো, অর্থনৈতিকভাবে কমগুরুত্বপূর্ণ ছোটো মাছ, চিংড়ির মাথার গুঁড়ো, সয়াবীন খোল, বাদাম খোল, সরষে খোল, সার্ক লিভার তেল, কড্ লিভার, সয়াবীন তেল, খনিজ মিশ্রন, ভিটামিন মিশ্রন এবং বন্ধনকারী (বাইণ্ডার) হিসাবে গুয়ার গাম, সেলুলোজ পাউডার, হেমিসেলুলোজ, ইউরিয়া সিন্থেটিক পলিমার ইত্যাদি উপাদানগুলি মাছ ও চিংড়ির খাদ্য তৈরী করতে ব্যবহৃত হয়।

খাদ্য প্রস্তুতি

কোন প্রজাতির খাদ্য প্রস্তুত করার পূর্বে নিম্নলিখিত বিষয়গুলি মাথায় রাখা দরকার-

(ক) নির্দিষ্ট প্রজাতির বাজারদর — সাধারণত নিয়মানুযায়ী ব্যবহৃত শুষ্ক খাদ্যের দাম নির্দিষ্ট প্রজাতির দামের ২৫ শতাংশের বেশী হওয়া উচিত নয়।

খ) প্রজাতির পুষ্টির চাহিদা— বিভিন্ন প্রজাতির পুষ্টির চাহিদা, বৃদ্ধির বিভিন্ন স্তরে বিভিন্ন।

গ) প্রজাতির খাদ্যাভ্যাস — প্রজাতিটি শাকাহারী, মাংসাশী বা সর্বভূক।

ঘ) সারা চাষের মরশুমে খাদ্য উপাদানগুলি কাছাকাছি জায়গায় সহজলভ্য কিনা? উপাদানগুলির পুষ্টিগুণ কেমন? উপাদানগুলিতে কোন ক্ষতিকর পদার্থ আছে কিনা ?

ঙ) মজুত সংখ্যা বা চাষ পদ্ধতি- খাদ্য কোন চাষ পদ্ধতির জন্য ব্যবহৃত হবে- ব্যাপক, প্রাক্‌নিবিড় বা নিবিড়?

এছাড়াও খাদ্য যাতে অর্থনৈতিক দিক থেকে লাভজনক, সুস্বাদু ও গ্রহনীয় হয় সেদিকে নজর দেওয়া অত্যন্ত প্রয়োজনীয়। খাদ্য পুষ্টিকর দিক থেকে গুণগত, অর্থনৈতিক দিক থেকে লাভজনক ও গ্রহণীয় তখনই হবে যখন খাদ্যের উপাদান নির্বাচন সঠিক হবে। উপাদান নির্বাচনের জন্য অনেক পদ্ধতি অনুসরণ করা হয়, তার একটি হল নূন্যতম দাম শ্রেষ্ঠ ক্রয় পদ্ধতি।

পুষ্টির উপাদানের ভারসাম্য

যেহেতু মাছ ও চিংড়ির খাদ্যে ব্যবহৃত পুষ্টি উপাদানগুলির মধ্যে প্রোটিনের দাম সব থেকে বেশী সেজন্য খাদ্যে সর্বপ্রথম প্রোটিনের ভারসাম্য হিসাব করা দরকার। পিয়ারসন স্কোয়ার পদ্ধতিতে এই ভারসাম্য হিসাব করা যায় যা নিচে দেওয়া হল। উদাহরণ স্বরুপ, বাদাম খোল (৪০ শতাংশ প্রোটিন) ও চালের কুঁড়ো (১২ শতাংশ প্রোটিন) দিয়ে ৩০ শতাংশ প্রোটিনযুক্ত মাছের খাদ্য তৈরীর জন্য প্রথমে একটি বর্গক্ষেত্র গঠন করতে হবে। খাদ্য উপাদানগুলির প্রোটিনের মাত্রাসহ নাম বাঁদিকের দুই কোনে লিখতে হবে। বর্গক্ষেত্রের কেন্দ্রে তৈরী খাদ্যের প্রোটিনের মাত্রা লিখতে হবে। এর পরে কোনাকুনি ভাবে তৈরী খাদ্যের প্রোটিন থেকে খাদ্য উপাদানগুলির প্রোটিন বিয়োগ করে বিয়োগফল ডানদিকের দুই কোণে খাদ্য উপাদানের পাশে লিখতে হবে (চিহ্নের কোন প্রয়োজন নেই)।



ডানদিকে উপাদানগুলির যোগফল (১৮ + ১০) = ২৮

৩০ শতাংশ প্রোটিন যুক্ত খাদ্য তৈরী করতে উপাদনগুলির পরিমাণের হিসাবে নিম্নরূপ—

বাদাম খোল - ১৮/২৮ × ১০০ = ৬৪.২৯ শতাংশ

চালের কুঁড়ো - ১০/২৮ × ১০০ = ৩৫.৭১ শতাংশ

সুষম খাদ্য তৈরীর পদ্ধতি

প্রথমে খাদ্যের প্রতিটি উপাদনকে আলাদা আলাদাভাবে গুঁড়ো (পাউডারের মতো) করে নিতে হবে। এরপর ফর্মূলা অনুযায়ী গুঁড়ো খাদ্য উপাদানগুলিকে (ভিটামিন, খনিজ মিশ্রণ ও তেল ছাড়া) ওজন করে ভালোভাবে মেশাতে হবে। প্রতি কেজি এই মিশ্রণের সঙ্গে ৪০০-৬০০ মিলি (প্রয়োজন মতো) জল মেশাতে হবে এবং একটি বড় পাত্রে মিশ্রণটিকে ৫-১০ মিনিট গরম করতে হবে যাতে করে একটু চিটচিটে ভাব আসে। ঠাণ্ডা হয়ে গেলে মিশ্রণটি পলিথিনের উপর বিছিয়ে ছোটোছোটো ভাগ করে সেই প্রতিটি ভাগে ভিটামিন, খনিজ মিশ্রণ এবং তেল সমানভাবে এবং প্রতিটি ভাগকে খুব ভালোভাবে মেশাতে হবে। তারপর সমগ্র মিশ্রণটিকে আবার একসাথে ভালোভাবে মেশাতে হবে। এরফলে মিশ্রণের প্রতিটি এককে সব উপাদান সমপরিমাণে থাকবে। এই মিশ্রনকে পেলেট তৈরীর মেশিনে দিলে পেলেট তৈরী হবে। বাড়িতে সিমাই তৈরীর মেশিনেও এধরণের পেলেট তৈরী সম্ভব। পেলেট তৈরীর পরে পেলেটগুলিকে রৌদ্রে বা ওভেনে ৪০-৫০ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রায় শুকোতে হবে। পেলেট শুকিয়ে গেলে প্রয়োজন অনুযায়ী সেগুলিকে ছোটো ছোটো দৈর্ঘ্যে ভেঙে নিতে হবে এবং পলিথিন বস্তায় ভালোভাবে মুখ বেঁধে রাখতে হবে। যথাসম্ভব খাদ্য ভর্তি বস্তাগুলিকে কাঠের পাটাতনের উপরে রাখতে হবে।

জলে খাদ্যের স্থায়ীত্ব

খাদ্য তৈরী করলেই শুধু চলবে না সেই খাদ্য যাতে জলে তাড়াতাড়ি গুলে না যায়। সেদিকে বিশেষ লক্ষ্য দেওয়া প্রয়োজন। সেইজন্য খাদ্যে বন্ধনকারী (যথা গুয়ারগাম, এলজিন পাউডার, ইউরিয়ার সিন্থেটিক পলিমার) ব্যবহার বাঞ্ছনীয়। খাদ্য তৈরীর পর পুরোপুরি শুকিয়ে গেলে একটি পাত্রে জল নিয়ে খাদ্যের কয়েকটি দানা ফেলে দেখতে হবে খাদ্যদানাগুলি ২ ঘন্টার মধ্যে যেন জলে গুলে না যায়।

নীচের সারণীগুলিতে কাকদ্বীপ গবেষণা কেন্দ্রে ব্যবহৃত নোনাজলের বিভিন্ন মাছ ও চিংড়ি খাদ্য প্রস্তুতির উপাদান ও ফর্মূলা নমুনা স্বরূপ দেওয়া হল-

পার্শে মাছের পরিপূরক খাদ্য (প্রতি ১০০ কেজি)

খাদ্য উপাদান	কেজি
মাছের গুঁড়ো	৪০.০০
সয়াবীন খোল	৭.০০
সরষে খোল	১০.০০
গমের আটা	২০.০০
চালের কুঁড়ো	২০.০০
খনিজ মিশ্রন	১.০০
ভিটামিন মিশ্রন	০.৫০
গুয়ারগাম	১.৫০

নোনা ট্যাংড়ার পরিপূরক খাদ্য (প্রতি ১০০ কেজি)

খাদ্য উপাদান	কেজি
ভূট্টা গুঁড়ো	১৮.০০
গমের গুঁড়ো	১১.০০
সয়াবীন খোল	১৫.০০
সরষে খোল	২০.০০
মাছের গুঁড়ো	২৫.০০
চিংড়ি গুঁড়ো	৭.০০
খনিজ মিশ্রন	১.৫০
সয়াবীন তেল	২.০০
গুয়ারগাম	০.৫০

এই সমস্ত খাদ্যের গুণাগুণ নির্ভর করে খাদ্যে উপস্থিত উপাদানগুলির গুণগত মানের উপর। খাদ্যের উপাদান নির্বাচনের সময় মনে রাখতে হবে ঐ উপাদানগুলিতে কোন ক্ষতিকারক পদার্থ আছে কিনা যেগুলি মাছ বা চিংড়ির পুষ্টিতে ব্যাঘাত ঘটায়। কোন কোন পুষ্টিকর খাদ্য উপাদানে কিছুকিছু ক্ষতিকারক পদার্থ থাকে যেগুলিকে খাদ্য তৈরীর পূর্বে দূরীকরণের ব্যবস্থা করতে হবে। উদাহরণস্বরূপ, সয়াবীন মিলে ট্রিপসিন ইনহিবিটার থাকে সেজন্য সয়াবীন মিলকে খাদ্যে মিশ্রনের পূর্বে সামান্য শুষ্ক তাপে ভেজে নেওয়া প্রয়োজন। চিংড়ির মাথা খাদ্যে ব্যবহারের পূর্বে স্টীমের সাহায্যে এটিকে জীবাণুমুক্ত করা প্রয়োজন।

বাগদা চিংড়ির পরিপূরক খাদ্য (প্রতি ১০০ কেজি)

খাদ্য উপাদান	কেজি
মাছ গুঁড়ো	৩৮.০০
চিংড়ি গুঁড়ো	৮.০০
চিংড়ি মাথার গুঁড়ো	২.০০
সয়াবীন খোল	২৫.০০
গমের আটা	১৭.০০
ব্রেওয়ার ইষ্ট	০.৯৫
খনিজ মিশ্রন	২.০০
ভিটামিন মিশ্রন	১.০০
ভিটামিন সি	০.০৫
সার্ক লিভার তেল	৩.০০
সয়াবীন তেল	১.০০
গুয়ারগাম	২.০০

নিম্নলিখিত শর্তাবলীর উপর খাদ্য প্রয়োগের ফলাফল নির্ভর করে—

ক) খাদ্যের পুষ্টিগুণ।

খ) জলে খাদ্যের স্থায়ীত্ব।

গ) খাদ্য পরিচালন পদ্ধতি।

খাদ্যের পুষ্টিগুণ এবং জলে খাদ্যের স্থায়ীত্ব সম্বন্ধে পূর্বে উল্লেখ করা হয়েছে।

খাদ্য পরিচালন পদ্ধতি

যথাযথ খাদ্য পরিচালনের অর্থ হল খাদ্যের প্রয়োগ ও নিয়ন্ত্রণ এমন হওয়া উচিত যাতে মাছ বা চিংড়ি খাদ্য ভালোভাবে খায়, খাদ্য নষ্ট কম হয়, পরিবেশ কম দূষিত হয় এবং মাছের বৃদ্ধি ও ফলন সর্বোচ্চ হয়।
যথাযথ খাদ্য পরিচালনের জন্য নিম্নলিখিত বিষয়গুলি অনুসরণ করা উচিত-

(ক) নিয়মিতভাবে পুকুরের জীবভর (বায়োমাস) নির্ণয় করতে হবে।

(খ) বায়োমাস অনুযায়ী পর্যাপ্ত খাবার মাছ বা চিংড়িকে দিতে হবে।

(গ) খাদ্য প্রয়োগের সময় ও পদ্ধতি সঠিক হওয়া বাঞ্ছনীয়।

বিভিন্ন প্রজাতির মাছ ও চিংড়ির খাদ্য গ্রহণের সময় বিভিন্ন। চিংড়ি সাধারণত রাত্রিতে বেশী খায় সেজন্য চিংড়ির দৈনিক খাদ্যের সিংহভাগ রাত্রিতে দেওয়া উচিত। কিন্তু যে কোনো মাছ বা চিংড়ির ক্ষেত্রেই দৈনিক খাদ্যের যে পরিমাণ সেটাকে যদি তিন চারবারে ভাগ করে দেওয়া যায় তাহলে খাদ্য নষ্ট কম হয় ও মাছের দ্রুত বৃদ্ধি ঘটে। নিম্নে চিংড়ির খাদ্য প্রয়োগের সময় সারণী দেওয়া হল-

খাদ্যের ধরন	চিংড়ির ওজন (গ্রাম)	খাদ্য প্রয়োগের সময়					পেলেট খাদ্যের পরিমাণ
		সকাল ৬টা	সকাল ১০টা	দুপুর ২টা	সন্ধ্যা ৬টা	রাত্রি ১০টা	
স্টার্টার	<৪	৩৫%	-	৩০%	-	৩৫%	১-২ মিমি
গ্রোয়ার	৪-১৫	২০%	১৫%	১৫%	৩০%	২০%	২-২.৫ মিমি ×৪-৫ মিমি
ফিনিশার	>১৫	২০%	১৫%	১৫%	৩০%	২০%	২-২.৫ মিমি ×৬-৮ মিমি

খাদ্যকে পুকুরের চারিদিকে পাড় থেকে জলে ৬ ফুট দূরত্বের মধ্যে সমানভাবে ছড়িয়ে দেওয়া উচিত। সাধারণত অমাবস্যা বা পূর্ণিমাতে চিংড়ি খোলস ত্যাগ করে ও
খাবার কম খায়। সেজন্য খোলস ত্যাগের সময় খাদ্যের পরিমাণ ৩০-৫০ শতাংশ কমিয়ে দেওয়া বাঞ্ছনীয়।

(ঘ) খাদ্য প্রয়োগের হার সঠিক হওয়া বাঞ্ছনীয়

খাদ্য প্রয়োগের হার নির্ণয় করতে হবে মাছ বা চিংড়ির ওজনের সঙ্গে সঙ্গতি রেখে। নিম্নে সারণীতে চিংড়ির ওজন এবং খাদ্য প্রয়োগের হার দেওয়া হল যা কাকদ্বীপ গবেষণা কেন্দ্রে গবেষণার মাধ্যমে প্রস্তুত করা হয়েছে।
চিংড়ির ক্ষেত্রে খাদ্য প্রয়োগের হার নিম্নরুপ-

চাষের দিন	দেহের গড় জেন (গ্রাম)	খাদ্য প্রয়োগের হার (শতকরা)
১-৫	০.১	২০
৬-১০	০.৩	১৩
১১-১৫	০.৫	১০
১৬-২০	০.৭	৯.৫
২১-২৫	১.০	৯.০
২৬-৩০	১.৪	৮.৫
৩১-৩৫	১.৯	৬.৫
৩৬-৪০	২.৫	৪.৫
৪১-৪৫	৩.৪	৪.৩
৪৬-৫০	৪.৬	৪.০
৫১-৫৫	৫.৭	৩.৮
৫৬-৬০	৬.৮	৩.৭
৬১-৬৫	৭.৯	৩.৬
৬৬-৭০	৯.২	৩.৫
৭১-৭৫	১০.৫	৩.৪
৭৬-৮০	১২.৮	৩.৩
৮১-৮৫	১৪.৯	৩.২
৮৬-৯০	১৭.০	৩.১
৯১-৯৫	১৯.২	৩.০
৯৬-১০০	২১.৫	২.৯
১০১-১১০	২৪.৬	২.৮
১১১-১২০	২৮.৪	২.৩

মাছের ক্ষেত্রে খাদ্য প্রয়োগ প্রাথমিক অবস্থায় বায়োমাসের ১০ শতাংশ ও পরে ধীরে ধীরে তা কমিয়ে ৫-৩ শতাংশ হারে দেওয়া উচিত।

মাছের লার্ভার খাদ্য হিসাবে লাইভ ফিড ও আর্টেমিয়া নপ্লি উৎপাদন

ক্রিষ্টিনা লালরামছানি

ভূমিকা

মাছের চারা উৎপাদনে লার্ভা অবস্থার খাদ্য রূপে লাইভ ফীড অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ডিম থেকে বের হওয়ার পরে মাছের লার্ভা যে কুসুম থলি বহন করে তা মাত্র কয়েক দিনের জন্য খাদ্য ও শক্তি সরবরাহ করতে পারে । এই অবস্থায় মাছের খাদ্যনালী সম্পূর্ণভাবে গঠিত হয় না এবং হজম শক্তি খুব দুর্বল থাকে। এই কারণে লার্ভা অবস্থায় মাছের খাদ্য হিসেবে অতিক্ষুদ্র সুষম আহার প্রয়োজন হয় সর্বাধিক বৃদ্ধি এবং বাঁচার হারের জন্য। হ্যাচারীতে এই প্রয়োজন মেটানোর জন্য লাইভ ফীড ব্যবহার করা হয় যা প্রধানত ফাইটোপ্লাংকটন, জুপ্লাংকটন এবং অন্যান্য ক্ষুদ্র কণা যা খেয়ে মাছ ও খোলসযুক্ত প্রাণীর লার্ভা জীবিত থাকে। যদিও খুব দ্রুত মাছের লার্ভা কে প্রস্তুত করা খাদ্যে অভ্যস্ত করার বিভিন্ন প্রক্রিয়া সফল হয়েছে, তথাপি জীবন্ত খাদ্যের প্রয়োজনীয়তাকে সম্পূর্ণভাবে বাদ দেওয়া যায়নি। হ্যাচারিতে মাছ এবং খোলসযুক্ত প্রাণীর চারা তৈরীর সাফল্য লাইভ ফীড এর প্রাপ্যতার ওপর নির্ভরশীল। অতিক্ষুদ্র শৈবাল এবং অন্যান্য সালোকসংশ্লেষকারী জীব কণাগুলি হল খাদ্যশৃঙ্খলের ভিত্তি এবং এগুলি প্রয়োজনীয় পুষ্টি যেমন ভিটামিন, প্রোটিন ইত্যাদি প্রদান করে জুপ্লাংকটন সৃষ্টিতে সাহায্য করে অথবা মাছের লার্ভা দ্বারা সরাসরি খাদ্যরূপে গৃহীত হয়। জুপ্লাংকটন হলো অতি ক্ষুদ্র প্রাণী কণা যার মধ্যে বিশেষত রটিফার, কোপিপোডা এবং আর্টেমিয়া মাছের লার্ভার ক্ষেত্রে লাইভ ফীড হিসাবে ব্যবহৃত হয়।

ক্লোরেল্লা উৎপাদন

ক্লোরেল্লা একটি এককোষী সবুজ ক্ষুদ্র শৈবাল যাতে প্রচুর পরিমাণে পুষ্টিকর পদার্থ যেমন প্রোটিন, ক্যারোটিনয়েড, লিপিড, পলিস্যাকারাইড, ভিটামিন, অ্যান্টিঅক্সিডেন্ট এবং খনিজ লবন আছে। এই শৈবালের বৃদ্ধি বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে যেমন পুষ্টির প্রাপ্যতা, পি.এইচ., লবণাক্ততা, তাপমাত্রা এবং আলো। বিভিন্ন মিডিয়া যেমন গিলার্ড মিডিয়াম, ওয়ালনেস মিডিয়াম, বি.জি. ১১ মিডিয়াম, চু ১০ মিডিয়াম ইত্যাদি ক্লোরেল্লা উৎপাদনে ব্যবহার করা যায়।

উৎপাদনের জন্য মিডিয়াম প্রস্তুতি

দ্রবণ ক

রাসায়নিকের নাম	পরিমাণ (গ্রাম)
পটাসিয়াম নাইট্রেট	১০০
সোডিয়াম অর্থো ফসফেট	২০
ইডিটিএ	৪৫
বোরিক অ্যাসিড	৩৩.৪
ফেরিক ক্লোরাইড	১.৩
ম্যাঙ্গানিজ ক্লোরাইড	০.৩৬
লবণ গুলি ১ লিটার জলে মেশাতে হবে	

দ্রবণ খ

রাসায়নিকের নাম	পরিমাণ (গ্রাম)
জিঙ্ক ক্লোরাইড	৪.২
কোবাল্ট ক্লোরাইড	৪
কপার সালফেট	৪
অ্যামোনিয়াম মলিবডেট	১.৮
লবণ গুলি ১ লিটার জলে মেশাতে হবে	

দ্রবণ গ

রাসায়নিকের নাম	পরিমাণ (গ্রাম)
ভিটামিন বি ১	২০০
ভিটামিন বি ১২	১০
উপাদান গুলি ১ লিটার জলে মেশাতে হবে	

কার্যকরী মিডিয়াম

১ মিলিলিটার ক দ্রবণ, ০.৫ মিলিলিটার খ দ্রবণ এবং ০.১ মিলিলিটার গ দ্রবণ ১ লিটার লবণাক্ত জলের সঙ্গে মেশাতে হবে এবং শৈবালের কালচার এতে মেশাতে হবে। বড় আকারের উৎপাদনের ক্ষেত্রে উন্নত ইয়াসীমা মিডিয়াম ব্যবহার করা যেতে পারে। এই মিডিয়াম নিম্নলিখিতভাবে প্রস্তুত করা হয়।

দ্রবণ ঘ

রাসায়নিকের নাম	পরিমাণ (গ্রাম)
অ্যামোনিয়াম সালফেট	৮৩
সুপার ফসফেট	৮.৩ (১০:১:১)
ইউরিয়া	৮.৩

উপরের টেবিলে দেওয়া অনুপাতে লবণগুলির মিশ্রণ ১০০ গ্রাম নিয়ে ১০০০ লিটার পরিশুদ্ধ সামুদ্রিক জলে মেশানো হয়।

উৎপাদন পদ্ধতি

ঘরের ভেতর/বাইরেঃ ঘরের ভেতর উৎপাদন প্রক্রিয়ায় আলো, তাপমাত্রা ও সারের পরিমাণ ইত্যাদি নিয়ন্ত্রণ করা যায় এবং অপ্রয়োজনীয় কিছু মিশে যাওয়ার সম্ভাবনা থাকে না। পক্ষান্তরে ঘরের বাইরে উৎপাদনের ক্ষেত্রে একটি নির্দিষ্ট প্রজাতির লাইভ ফীড উৎপাদন করা খুবই কঠিন।

উন্মুক্ত এবং বদ্ধঃ উন্মুক্ত উৎপাদন ব্যবস্থা, যেমন খোলা পুকুর এবং চৌবাচ্চায় খুব সহজেই অপ্রয়োজনীয় বিভিন্ন বস্তু মিশে যায়। বদ্ধ উৎপাদন ব্যবস্থায় টেস্টটিউব, ফ্লাস্ক, জার ইত্যাদিতে মেশে না।

অ্যাক্সেনিক/জেনিকঃ অ্যাক্সেনিক উৎপাদন ব্যবস্থায় কোন অপ্রয়োজনীয় জীব কণার উপস্থিতি থাকে না। অত্যন্ত সতর্কতার সঙ্গে প্রতিটা ব্যবহার করা কাঁচের জিনিস, উৎপাদনের মিডিয়া এবং পাত্রগুলি জীবাণুমুক্ত করা হয়। তবে এই ব্যবস্থাটি বাস্তবে করা খুবই কঠিন।

ব্যাচ কালচারঃ ব্যাচ কালচারে সাধারণত একবারই নমুনা মেশানো হয় একটি পাত্রে রাখা সারযুক্ত লবণাক্ত জলের সঙ্গে। এরপর এটি বৃদ্ধির পর্যায়ে থাকে বেশ কয়েক দিনের জন্য এবং তারপর এই লাইভ ফিডকে আহরণ করে ব্যবহার করা হয় যখন এই জীবকণাগুলি সর্বাধিক ঘনত্বে পৌঁছায়। বাস্তবে এই শৈবালগুলিকে আরো বড় পাত্রে আরও বৃদ্ধির জন্য রাখা হয় এবং সর্বাধিক ঘনত্বে পৌঁছালে আহরণ করে ব্যবহার করা হয়। এই প্রক্রিয়ার ধাপগুলি হল টেস্টটিউব, ২ লিটার ফ্লাস্ক, ২০ লিটার কার্বোস, ১৬০ লিটার জার, ৫০০ লিটার এর ঘরের ভিতরের চৌবাচ্চা, ৫০০০-২৫০০০ লিটারের ঘরের বাইরের চৌবাচ্চা।

সেমি কনটিনিউয়াস পদ্ধতিঃ এই পদ্ধতিতে বড় চৌবাচ্চায় রাখার বর্ধিত সময় পাওয়া যায় এবং সেখান থেকে প্রয়োজনের সময় জীব কলা আহরণ করা হয় এবং পুনরায় মিডিয়া সংযোগ করে চৌবাচ্চায় মিডিয়ার আয়তন পূর্বাবস্থায় ফিরিয়ে আনা হয়। চৌবাচ্চায় আবার নতুন করে জীবনের সৃষ্টি হয় এবং আবার আহরণ করা হয়। এই প্রক্রিয়ায় উৎপাদন ঘরের ভেতর বা ঘরের বাইরে করা যেতে পারে এবং দীর্ঘ সময়ের জন্য এই ব্যবস্থা চালানো যেতে পারে।

কনটিনিউয়াস পদ্ধতিঃ এই পদ্ধতিতে ক্রমাগত সারযুক্ত লবণাক্ত জল উৎপাদন ব্যবস্থার মধ্যে প্রবেশ করানো হয় এবং অতিরিক্ত উৎপাদিত জীব কণা ক্রমশ বেরিয়ে যেতে থাকে ফলে এই প্রক্রিয়ায় বৃদ্ধি সর্বাধিক এর খুব কাছাকাছি বজায় রাখা সম্ভব হয়। এই কনটিনিউয়াস কালচার পদ্ধতি দুই ধরণের হতে পারে ।

রটিফার উৎপাদনঃ রটিফার হলো আণুবীক্ষণিক বহুকোষী প্রাণী যা পুষ্টিগুণে সমৃদ্ধ এবং মাছ চাষে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং এদেরকে লিভিং পুষ্টিকর ক্যাপসুল বলা হয় সামুদ্রিক মাছের লার্ভার জন্য। সামুদ্রিক এবং আধা লবণাক্ত হ্যাচারি ব্যবস্থায় মূলত *ব্রাকিওনাস প্লিকাটিলিস* ও এবং *ব্রাকিওনাস রোটান্ডিফরমিস* ব্যবহার করা হয় যাদের আকার যথাক্রমে ১৩০-৩৪০ মাইক্রন। এরা জল থেকে ৩০ মাইক্রন এর কম আকারের খাদ্যকণা যেমন ব্যাকটেরিয়া, শৈবাল, ঈস্ট এবং প্রোটোজোয়া ফিল্টার করে খায়। সঠিক বৃদ্ধির জন্য উচ্চ হারে দ্রবীভূত অক্সিজেন, তাপমাত্রা ২৫-৩০ ডিগ্রি সেন্টিগ্রেড, পি.এইচ. ৭.৫- ৮.৫, লবণাক্ততা ২০-৩০ পি.পি.টি. এবং অ্যামোনিয়া ১ পিপিএমের নিচে থাকা প্রয়োজন।

উৎপাদন পদ্ধতি

স্টক কালচার

পুকুরের জল ৫০-১০০ মাইক্রন ফাঁসের জাল দিয়ে ছেঁকে নেওয়া হয়। ছেঁকে নেওয়া অংশ মাইক্রোস্কোপের নিচে পরীক্ষা করা হয় এবং রটিফার গুলি ড্রপার দিয়ে বেছে নেওয়া হয়। রটিফার যেখানে রাখা হয় সেখানে জলের গুণমান পুকুরের জলের সমতুল্য হওয়া উচিত। সংগৃহীত রটিফারগুলি অ্যান্টিবায়োটিক ব্যবহার করে শোধণ করা হয় এবং ক্লোরেল্লা মিডিয়ামে রাখা হয় এবং এই মিডিয়াম প্রতি ১২ ঘন্টা অন্তর ১০ লাখ/মিলিলিটার ক্লোরেল্লা সম্পন্ন মিডিয়াম দিয়ে প্রতিস্থাপন করা হয়। উৎপাদনের প্রথম পর্যায়ে ২ টি রটিফার/মিলিলিটার ঘনত্বের টেস্টটিউবে শুরু করা যায় যা পরবর্তীকালে বেড়ে গিয়ে ১০০-১৫০ টি/মিলিলিটার ঘনত্বে উপনীত হয় এবং এই সময়ে ক্লোরেল্লার ঘনত্ব বাড়িয়ে ৪০-৫০ লাখ/মিলিলিটার রাখা হয়।

মাস কালচার

ব্যাচ কালচারঃ সরল এবং কম ঝুঁকিপূর্ণ হওয়ায় বেশিরভাগ রটিফার উৎপাদন এই ব্যাচ কালচার পদ্ধতিতেই করা হয়ে থাকে। এই পদ্ধতিতে উৎপাদিত সমস্ত রটিফার আহরণ করে নেওয়া হয় এবং নতুন করে উৎপাদন প্রক্রিয়া শুরু করা হয়। চৌবাচ্চার জল শোধণ করার পরে নতুন ক্লোরেল্লা ছাড়া হয় ১০ লাখ/মিলিলিটার হারে। এরপর এখানে ৫০ টি/মিলিলিটার হারে রটিফার ছাড়া হয় ও সর্বোচ্চ ঘনত্বে পৌঁছানোর পর আহরণ করা হয়। এই প্রক্রিয়ায় ৫-১০ দিন সময় লাগে ১৫০-২০০ টি/মিলিলিটার পৌঁছাতে। এর থেকেই কিছুটা অংশ নমুনা রূপে পরবর্তী কালচারের জন্য রেখে দেওয়া যেতে পারে।

সেমি কনটিনিউয়াস পদ্ধতিঃ এই পদ্ধতিতে সাধারণত অনেক বড় আকারের ট্যাংকে উৎপাদন করা হয়। এই প্রক্রিয়ায় রটিফারের ঘনত্ব একটি নির্দিষ্ট মাত্রায় বজায় রাখা হয়। ১৫-২০ দিন পর আহরণ করে উৎপাদন প্রক্রিয়ার শুরুতে ৫০ টি/মিলিলিটার ঘনত্বের নমুনা দেওয়া হয়।

কোপিপড উৎপাদন

নোনা জলের কোপিপোড মাছের থেকে হাইলি আনস্যাচুরেটেড ফ্যাটি এসিড (হুফা), ক্যারোটিনয়েড এবং অন্যান্য প্রয়োজনীয় উপাদান যায়। এতে প্রচুর পরিমাণে প্রোটিন থাকে এবং এটি মিথিওনিন এবং হিস্টিডিন ছাড়া অন্যান্য অ্যামাইনো অ্যাসিড সম্পন্ন। নোনা জলের মাছের চারা উৎপাদনে কোপিপডের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এতে ডি.এইচ.এ. এর মাত্রা প্রায় আর্টিমিয়ার সমতুল্য। কোপিপোড প্রচুর পরিমাণে উৎপাদন করা হয়ে থাকে রটিফার এবং আর্টিমিয়ার বিকল্প হিসাবে।

উৎপাদন পদ্ধতি

প্রকৃতি থেকে ১৫০ মাইক্রন ফাঁসের জাল দিয়ে কোপিপোড সংগ্রহ করে উৎপাদন প্রক্রিয়া শুরু করা যেতে পারে। নোনা জলের ২৫-৩০ পি.পি.টি. লবণাক্ততায় উৎপাদন করা যেতে পারে এবং এগুলিকে একটি চোঙাকার চৌবাচ্চায় পালন করা হয়। সাধারণ তাপমাত্রায় স্ত্রী ও পুরুষ ১:১ অনুপাতে থাকলে ভালো। জল থেকে ডিম সংগ্রহ করে উৎপাদনের জন্য ৫০০০ টি/লিটার ঘনত্বে পালন করা হয়। স্বাভাবিক তাপমাত্রায় ২৪ ঘণ্টাতেই ডিম ফুটে কোপিপোড নির্গত হয়। সম্পূর্ণ বৃদ্ধি

হতে মোটামুটি ২০ দিন সময় লাগে এবং এখান থেকেই পরিণত কোপিপোড ১৮০ ফাঁসের জাল দিয়ে সংগ্রহ করা হয়। এই সংগ্রহ করা কোপিপোডগুলি দিয়ে আবার স্টক কালচার করা সম্ভব। আরো উন্নত উৎপাদন ব্যবস্থাপনার জন্য সেমি কনটিনিউয়াস কালচার থেকে ৪৫ মাইক্রোনের নেটের মাধ্যমে নিরবিচ্ছিন্নভাবে সংগ্রহ করা যেতে পারে।

আর্টেমিয়া উৎপাদন

ব্রাইন শ্রিম্প বা *আর্টেমিয়া স্যালিনা* একটি ক্ষুদ্র প্রাণী যা অতি লবণাক্তায় বসবাস করে। এরা যেকোনো পরিবেশে মানিয়ে নিতে পারে এবং তাপমাত্রা, পি.এইচ., লবণাক্ততা, অ্যালকালিনিটি এবং আয়ন এর বিভিন্ন মাত্রা সহ্য করতে পারে। জীবিত খাদ্যরূপে আর্টেমিয়া সর্বাধিক ব্যবহৃত হয় কারণ এর পুষ্টিগুণ অত্যন্ত ভালো। আর্টেমিয়া নপ্লিতে ৫০-৫৫ শতাংশ প্রোটিন, ১৪-১৮ শতাংশ লিপিড সহ অতি উচ্চ পরিমাণে ই.পি.এ. এবং ডি.এইচ.এ. থাকে। অত্যন্ত গুরুত্বপূর্ণ কয়েকটি বৈশিষ্ট্য আছে যার ফলে এটি মাছের চারা উৎপাদনে খুবই উপযোগী। আর্টেমিয়ার সিস্ট গুলি শুকনো অবস্থায় দীর্ঘদিন বেঁচে থাকতে পারে এবং সিস্ট থেকে উৎপন্ন নাউপ্লি মাছের লার্ভার সব অবস্থাতে খাদ্য হিসাবে খুবই উপযোগী। আর্টেমিয়া সাধারণ পরিবেশে ডিমের পরিবর্তে সরাসরি নপ্লি সৃষ্টি করে, আবার অস্বাভাবিক এবং অসুবিধাজনক পরিস্থিতিতে আর্টেমিয়ার ভ্রূণ একটি খোসার মধ্যে আবদ্ধ হয়ে নিষ্ক্রিয় অবস্থায় দীর্ঘদিন থাকতে পারে যা সিস্টরূপে নির্গত হয়। বাণিজ্যিকভাবে আর্টেমিয়া সিস্ট উৎপাদন করা হয় বিভিন্ন স্থানে এবং মাছের চারা উৎপাদনকারীদের কাছে বিপণন করা হয়।

আর্টেমিয়া সিস্টের হ্যাচিং

সফলভাবে আর্টেমিয়া সিস্ট এর হ্যাচিং করতে হলে ২০-৩০ পি.পি.টি. লবণাক্ততা, ২৫-৩০ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রা, পি.এইচ. ৮-৮.৫ এবং ১০০ লাক্স এর বেশি আলো এবং প্রচুর বায়ু সঞ্চালন এর প্রয়োজন হয়।

সিস্ট এর হাইড্রেশান

একটি গ্লাস জারে ২০ পি.পি.টি. লবণাক্ততার ১ লিটার জলে ১০০ গ্রাম সিস্ট নিয়ে প্রচুর বায়ু সঞ্চালন করলে সঠিক হাইড্রেশান হয়।

সিস্ট এর ডিক্যাপসুলেশান

সিস্টগুলিকে শোধন এবং ব্যাকটেরিয়া এবং অন্যান্য জীবাণু থেকে মুক্ত করার জন্যই ডিক্যাপসুলেশান করা হয়। এর ফলে ভালো হ্যাচিং ও বাঁচার হার পাওয় যায়। ভেজা সিস্ট গুলিকে ২০০ পি.পি.এম. ডিক্যাপসুলেশান জলে রাখা হয় ১০-১৫ মিনিটের জন্য এবং এর ফলে সিস্টের খোসা সম্পূর্ণ দূরীভূত হয়ে যায় এবং সিস্টগুলি কমলা রঙের দেখায়। এই সময় তাপমাত্রা ৪০ ডিগ্রি সেন্টিগ্রেডের নিচে থাকলে ভালো। ডিক্যাপসুলেশান হওয়ার পর সিস্টগুলি ভালোভাবে ধুয়ে নেওয়া হয় এবং অবশিষ্ট ক্লোরিন ০.১ শতাংশ সোডিয়াম থায়োসালফেট দ্রবণে ১ মিনিট রেখে দূর করা হয়।

ইনকিউবেশন এবং হ্যাচিং

ডিক্যাপসুলেশান হওয়া সিস্টগুলিকে ২.৫ গ্রাম প্রতি লিটার হিসাবে শোধণ করা নোনা জলে রাখা হয় এবং ১০০০ লাক্সের বেশি আলো জ্বালানো হয়। সেই সঙ্গে অত্যন্ত জোরালো বায়ু সঞ্চালন করা হয় যাতে সিস্টগুলি ভাসমান অবস্থায় থাকে। এই প্রক্রিয়ায় সিস্ট থেকে হ্যাচিং এর মাধ্যমে নপ্লি নির্গত হয়।

নপ্লি আহরণ

আর্টেমিয়া ইনস্টার ১ অবস্থায় যখন সর্বাধিক পুষ্টিগুণ সমৃদ্ধ থাকে তখনই আহরণ করা উচিত অর্থাৎ হ্যাচিং হওয়ার পরেই আহরণ করার জন্য বায়ু সঞ্চালন বন্ধ করে আলো নিভিয়ে পাত্রটিকে ঢেকে দেওয়া হয় এবং নিচের একটি জায়গায় আলো দেওয়া হয়। সদ্য হ্যাচিং হওয়া নপ্লিগুলি ওই আলোতে আকর্ষিত হয়ে এক জায়গায় জড়ো হয়। সেখান থেকে নপ্লি সংগ্রহ করে ভাল করে ধুয়ে লাইভ ফীড রূপে ব্যবহার করতে হয়।

নোনাজলের মাছচাষে রোগ প্রতিরোধের জন্য ব্যাবস্থাপনা

সঞ্জয় দাস

নোনাজলের মাছচাষ ভারতের দ্রুততম বর্ধনশীল ক্ষেত্রগুলির অন্যতম। ২০১৬-১৭ আর্থিক বছরে আমাদের দেশ মাছ এবং মৎস্য পণ্য রফতানি করে প্রায় ৩৭,৮৭১ কোটি টাকা বৈদেশিক মুদ্রা আয় করেছে। এই আয়ের প্রায় ৬৫.২ শতাংশই (২৪,৭১১ কোটি টাকা) শুধুমাত্র হিমায়িত চিংড়ির রফতানির মাধ্যমে এসেছে। এইজন্য নোনাজলের মাছচাষ একটি অত্যন্ত লাভজনক উদ্যোগ। কিন্তু এত দ্রুত বর্ধনশীল এবং লাভজনক ক্ষেত্র হওয়া সত্ত্বেও বিভিন্ন সময়ে বিভিন্ন রোগ নোনাজলের মাছচাষকে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ করেছে। ভারতবর্ষে নোনাজলের মাছচাষ মূলত চিংড়ি চাষের ওপর নির্ভরশীল এবং দেশের চিংড়ি চাষীরা বর্তমানে প্রধানত *পিনিয়াস ভেনামি* নামক একটি বিদেশী প্রজাতির ওপর নির্ভর করে থাকেন। এই প্রজাতির চিংড়ি চাষের জন্য আমাদের বিদেশ থেকে ব্রুডস্টক আমদানি করতে হয়। এ ছাড়াও এই প্রজাতির চিংড়ির চাষের জন্য কিছু বহিরাগত রোগের ভারতে আবির্ভাব হওয়ার সম্ভাবনা থেকে যায়। নোনাজলের মাছচাষের বেশীরভাগ রোগই বিভিন্ন সংক্রামক জীবাণু, যেমন- ভাইরাস, ব্যাক্টিরিয়া, ছত্রাক অথবা পরজীবি দ্বারা হয়ে থাকে। ২০০৬-০৮ সময়কালে কেবলমাত্র হোয়াইট স্পট রোগের জন্য ৪৮,৭১৭ মেট্রিক টন চিংড়ি নষ্ট হয়েছে এবং যার জন্য আমাদের দেশের প্রায় ১,০২২ কোটি টাকা আর্থিক ক্ষতি হয়েছে। এ ছাড়া বর্তমানে আর্লি মর্টালিটি সিন্ড্রোম অথবা অ্যাকিউট হেপাটোপ্যানক্রিয়াটিক নেক্রোটিক সিন্ড্রোম নামক একটি রোগ দক্ষিন-পূর্ব এশিয়ার বিভিন্ন দেশ এবং মেক্সিকোতে চিংড়ি চাষের ব্যাপক ক্ষতি করেছে। এই রোগের কারণে ২০১৩ সালে ২০১২ সালের তুলনায় ওই সব দেশে চিংড়ির উৎপাদন প্রায় ৬০ শতাংশ কমে গেছে। ১৯৯৪ সাল থেকে বিভিন্ন রোগ আমাদের দেশে চিংড়ির উৎপাদনের মূল বাধা হিসাবে পরিগণিত হয়েছে। বর্তমানে ভেনামি চাষের মূল সমস্যাগুলির একটি হল বিভিন্ন সময়ে বিভিন্ন রোগের প্রাদুর্ভাব। তথাপি সঠিক ব্যবস্থাপনা, উপযুক্ত জৈবসুরক্ষা বিধি এবং পুকুরের জলের সার্বিক গুনাগুণ বজায় রেখে এই সকল রোগসমূহকে কিছুটা হলেও প্র শমিত করা যায় এবং এর ফলে মাছের উৎপাদনও বৃদ্ধি পায়।

চিংড়ির বিভিন্ন রোগসমূহ

হোয়াইট স্পট্ রোগ

হোয়াইট স্পট্ রোগ হল চিংড়ির একটি মারাত্মক মারণ রোগ যা হোয়াইট স্পট সিন্ড্রোম ভাইরাস নামক এক ডি.এন.এ. ভাইরাস দ্বারা হয়ে থাকে। ১৯৯১-৯২ সালে চিন এবং চিনের অধীনস্থ তাইওয়ান প্রদেশে এই রোগের প্রথম অস্তিত্ব ধরা পড়ে। পরবর্তীকালে এই হোয়াইট স্পট্ রোগ বিশ্বের প্রায় সমস্ত চিংড়ি উৎপাদনকারী দেশে ছড়িয়ে পড়ে। এই মারণ রোগ বাগদা ও ভেনামি সহ পিনিড গ্রুপের সমস্ত প্রজাতির চিংড়ি, কাঁকড়া এবং লোব্সটারে সংক্রমণ করতে পারে। সাম্প্রতিক গবেষণাতে দেখা গেছে যে এই ভাইরাস দ্বারা পরীক্ষামূলক সংক্রমণে মিষ্টিজলের কাঁকড়ার প্রায় ১০০ শতাংশ পর্যন্ত মৃত্যু হতে পারে। এই ভাইরাস ৩০ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রায় নোনাজলে ৩০ দিন এবং মিষ্টিজলে ৩ থেকে ৪ দিন বেঁচে থাকতে পারে। এই রোগ চিংড়ির সীড থেকে অথবা পরিবেশ থেকেও ছড়াতে পারে। পুকুরে হোয়াইট স্পট সিন্ড্রোম ভাইরাস দ্বারা সংক্রমিত সীড বা পোস্ট-লার্ভা মজুত এই রোগের অন্যতম মূল কারণ। চিংড়ির হ্যাচারিতে সংক্রমিত ব্রুডস্টক থেকে সংক্রমিত মীন উৎপন্ন হয়। পরিবেশের ভাইরাস দ্বারা সংক্রমিত জল ও মাটি থেকেও এই রোগ ছড়ায়। বিভিন্ন জলজ জীব, যেমন- দেশী কাঁকড়া, রোটিফার, আর্টেমিয়া, শ্যাওলা, পলিকিট পোকা, ইত্যাদি এই রোগের ভাইরাস বহন করে। এমনকি পাখি দ্বারাও এই রোগ সংক্রমিত হয়। বিভিন্ন পরিবেশজনিত চাপ, যেমন- তাপমাত্রা, লবনাক্ততা ও পি.এইচ্. এর আকস্মিক পরিবর্তন এবং জলে কম মাত্রার দ্রবীভূত অক্সিজেনের উপস্থিতি এই রোগের তীব্রতা আরো বাড়িয়ে দেয়। প্রাথমিক

অবস্থায় এই রোগে আক্রান্ত চিংড়ির মধ্যে অলস ভাব, খাবারের প্রতি অনীহা, দুর্বল খোলশ এবং কিছু ক্ষেত্রে দেহে লালচে ভাব লক্ষ্য করা যায়। আক্রান্ত মাছগুলি পুকুরের ধারে চলে আসে। সবথেকে গুরুত্বপূর্ণ উপসর্গ হল চিংড়ির বহিঃকঙ্কালে বিষেশত উপরীভাগের খোলশে (ক্যারাপেজ) সাদা সাদা ফুটকি দাগের উপস্থিতি। তীব্র সংক্রমণের ক্ষেত্রে চিংড়ির মৃত্যু হার ১০০ শতাংশ পর্যন্ত হয় এবং পুরো ফসলটাই নষ্ট হয়ে যায়। এই রোগ নির্ণয় লক্ষণ দেখে অথবা গবেষণাগারে বিভিন্ন পরীক্ষা দ্বারা করা যায়। পি.সি.আর্. দ্বারা ভাইরাসের ডি.এন.এ.-এর উপস্থিতি সনাক্তকরণ এই রোগ নির্ণয়ের সবচেয়ে উপযুক্ত এবং নিশ্চিতকরণ পরীক্ষার পদ্ধতি হিসাবে বিবেচিত হয়েছে। হোয়াইট স্পট্ রোগের সনাক্তকরণের জন্য বিভিন্ন পি.সি.আর্. কিট বাণিজ্যিকভাবে পাওয়া যায়। ও.আই.ই. দ্বারা অনুমোদিত একটি আইসোথার্মাল অ্যাম্প্লিফিকেসন কিট (POCKIT system এর সহিত IQ Plus ™ WSSV kit) বাণিজ্যিকভাবে পাওয়া যায়।

বাগদায় হোয়াইট স্পট্ রোগ

হোয়াইট স্পট্ রোগ দ্বারা আক্রান্ত চিংড়ির খোলশ

ইনফেক্সাস হাইপোডার্মাল এবং হিমাটোপোইটিক নেক্রোসিস্ ভাইরাস

যদিও এই রোগে চিংড়ির মৃত্যু বেশী হয় না, কিন্তু মাছের বৃদ্ধির হার কমে যায় এবং একই পুকুরের চিংড়িগুলির মধ্যে ওজন ও আকৃতির তারতম্য লক্ষ করা যায়। এর ফলে চাষীরা আর্থিক ক্ষতির সম্মুখীন হয়। আবার এই রোগে প্যাসিফিক ব্লু শ্রিম্প *(পিনিয়াস স্টাইলিরস্ট্রিস)* নামক একটি প্রজাতির চিংড়িতে ব্যাপকহারে মৃত্যু হয়। এই রোগ সমস্ত চিংড়ি উৎপাদনকারী দেশেই হয়। এই সংক্রমণে আক্রান্ত চিংড়ির রোস্ট্রাম এবং সম্মুখের অ্যাপেনডেজগুলির বিকৃতি লক্ষ্য করা যায়। এর জন্য এই রোগ 'রান্ট ডিফর্মিটি সিন্ড্রোম' নামেও পরিচিত। বাগদা প্রজাতির চিংড়ির মধ্যে স্বাভাবিকভাবে এই ভাইরাসের উপস্থিতি লক্ষ্য করা যায়। বেশীর ভাগ ক্ষেত্রে এই ভাইরাস থাকা সত্ত্বেও রোগের কোন লক্ষণ প্রকাশ পায় না।

ইয়োলো হেড রোগ

ইয়োলো হেড রোগ চিংড়ির বিশেষত বাগদার একটি মারাত্মক রোগ। এই রোগ *ওকাভাইরাস* প্রজাতির এক আর.এন.এ. ভাইরাস দ্বারা হয়। সাধারণত পরিবেশের সংক্রমিত জল ও আক্রান্ত চিংড়ি থেকে এই রোগ ছড়ায়। আক্রান্ত চিংড়ির সেফালোথোরাক্সের ওপরের ভাগ হলুদাভ হয়ে যায়। এর জন্য এই রোগকে ইয়োলো হেড রোগ বলে। ক্যারাপেজ স্বচ্ছ হয়ে যায় এবং যার জন্য ভেতরের অঙ্গ-প্রত্যঙ্গ পরিষ্কার ভাবে দেখা যায়। এই রোগ হলে চিংড়িগুলি প্রচুর পরিমাণে খাবার খেতে শুরু করে এবং এর পরেই খাবার খাওয়া সম্পূর্ণরূপে বন্ধ করে দেয়। মৃতপ্রায় চিংড়িগুলিকে পুকুরের ধারে আসতে লক্ষ্য করা যায়। আক্রান্ত পুকুরে মাছের ব্যাপক হারে মৃত্যু হয় এবং ফসল নষ্ট হয়ে যায়। রিভার্স-ট্রান্সক্রিপ্টেজ পি.সি.আর্. দ্বারা এই রোগ নির্ণয় করা যায়। চিংড়ির লিম্ফয়েড অঙ্গ এবং গিল এই রোগ নির্ণয়ের জন্য সবথেকে উপযুক্ত অঙ্গ।

ট্যরা সিন্ড্রোম

এই রোগ *অ্যাপারাভাইরাস* প্রজাতির এক আর্.এন্.এ. ভাইরাস দ্বারা হয়। এই ভাইরাস ট্যরা সিন্ড্রোম ভাইরাস (টি.এস্.ভি.) নামে পরিচিত। ইকুয়েডর দেশের ট্যরা নদী থেকে এই রোগের নামকরন হয়েছে। ১৯৯১ সালে এই নদীর তীরবর্তী চিংড়ির ফার্মগুলিতে এই রোগের প্রথম মড়ক লাগে। কিন্তু পরবর্তীকালে এই রোগটি আমেরিকা মহাদেশ, ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জ, মধ্যপ্রাচ্য এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার চিংড়ি উৎপাদনকারী দেশগুলিতে ছড়িয়ে পড়ে। সৌভাগ্যক্রমে এখনো পর্যন্ত এই রোগ ভারতে হয়নি। মূলত ভেনামি এবং প্যাসিফিক ব্লু শ্রিম্প এই ভাইরাস দ্বারা আক্রান্ত হয়। পুকুরে মাছ ছাড়ার ১৫ থেকে ৪০ দিনের মধ্যে এই রোগ শুরু হয়। আক্রান্ত চিংড়ির দেহ ফ্যাকাসে লাল বর্ণের হয় এবং প্লিওপোডগুলি গাঢ় লাল রঙের হয়ে যায়। এই কারণে এই রোগকে 'রেড টেল ডিজিজ্' বলা হয়। আক্রান্ত চিংড়িগুলির খোলশ খুব দুর্বল প্রকৃতির হয় এবং তারা খোলশ ত্যাগ করতে পারে না। খোলশ ত্যাগ বা মোল্টিং এর সময় বেশীর ভাগ চিংড়ি মারা যায়। আক্রান্ত ব্রুডস্টক / সিড এবং পরিবেশ থেকেও এই রোগ ছড়াতে পারে। বিভিন্ন জলজ প্রাণী এবং পাখি এই রোগের ভাইরাস বহন করে। রিভার্স-ট্রান্সক্রিপ্টেজ পি.সি.আর. এবং পরিমাণাত্মক রিয়েল টাইম পি.সি.আর. দ্বারা এই রোগ নির্ণয় করা যায়।

লুজ সেল সিন্ড্রোম

ভারতে ১৯৯৮ সালে এই রোগ প্রথম দেখা যায়। আক্রান্ত চিংড়ির মৃত্যু বেশী না হলেও বৃদ্ধি কমে যাওয়ার জন্য প্রচুর আর্থিক ক্ষতি হয়। শীতকালের তুলনায় গরমকালে এই রোগ অনেক বেশী হয়। লুজ সেল সিন্ড্রোমের অধিক প্রাদুর্ভাব অন্ধ্রপ্রদেশের কিছু জেলা (পূর্ব গোদাবরী, পশ্চিম গোদাবরী ও নেলোর) এবং তামিলনাড়ু রাজ্যে দেখা গেছে। এই রোগে চিংড়ির দেহ স্পঞ্জ এর মতো হয়ে য়ায় এবং হেপাটোপ্যানক্রিয়াস ছোটো হয়ে যায় এবং যার ফলে বাজারদর কমে যায়। আক্রান্ত চিংড়ি খোলশ ত্যাগ করতে পারে না। খোলশ ও মাংসপেশীর মধ্যে ফাঁক দেখা যায় এবং পরে এখানে জল জমে যায়। কোনো নির্দিষ্ট একটি কারণের জন্য এই রোগ হয় না। আক্রান্ত চিংড়ি থেকে বিভিন্ন প্রজাতির *ভিব্রিও* ব্যাক্টিরিয়া পাওয়া গেছে। কিছু কিছু গবেষণায় এই রোগে ভাইরাসের উপস্থিতিও লক্ষ্য করা গেছে। উত্তম ব্যাবস্থাপনা পদক্ষেপ পালন করে এবং সঠিক জৈবসুরক্ষা বিধি অবলম্বন করে এই রোগ প্রতিহত করা যায়। ইদানীংকালে এটা দেখা গেছে যে পুকুরের জলে নাইট্রাইটের মাত্রা বেশী থাকলেও চিংড়ির খোলশ দুর্বল প্রকৃতির হয়।

ব্ল্যাক গিল রোগ

পুকুরে প্ল্যাঙ্কটনের পরিমাণ অত্যধিক বৃদ্ধি পেলে এই রোগ হয়। পুকুরের তলার মাটি পচে যাওয়া, কম মাত্রার দ্রবীভূত অক্সিজেন, পুকুরের জলের খারাপ গুণমান এবং অত্যধিক মাত্রায় চিংড়ির মজুত হার এই রোগের অন্যান্য কারণ। এর রোগকে অনেক সময় ফুলকা পচা রোগ বলা হয়ে থাকে। ফুলকা কালো রঙের হয়ে যায়। এই রোগে বিভিন্ন পচন সৃষ্টিকারী ব্যাক্টিরিয়া (*ফ্ল্যাভোব্যাক্টিরিয়াম, সাইটোফাগা* ইত্যাদি) এবং পরজীবি (*য়ুথামনিয়াম* ইত্যাদি) চিংড়ির ফুলকা আক্রমণ করে। চুন প্রয়োগ (পরিমাণ পি.এইচ্. দেখে), স্যানিটাইজার প্রয়োগ, জল বিনিময় এবং অ্যারেশনের সময় বাড়িয়ে এই রোগ কিছুটা নিয়ন্ত্রণ করা যায়।

ব্ল্যাক গিল রোগ

আর্লি মর্টালিটি সিন্ড্রোম

এই রোগ ব্যাক্টিরিয়া দ্বারা সৃষ্ট রোগগুলির মধ্যে চিংড়ির সব থেকে মারাত্মক রোগ এবং চিংড়ির মৃত্যু হার ১০০ শতাংশ পর্যন্ত হতে পারে। মূলত ভেনামি চিংড়িতে এই রোগ সবচেয়ে বেশী দেখা য়ায়। তবে বাগদাতেও এই রোগ হতে দেখা গেছে। এই রোগের মূল সংক্রমিত অঙ্গ হলো হেপাটোপ্যানক্রিয়াস। আর্লি মর্টালিটি সিন্ড্রোম এর অন্য নাম হলো অ্যাকিউট হেপাটোপ্যানক্রিয়াটিক নেক্রোসিস সিন্ড্রোম্। *ভিব্রিও প্যারাহিমোলাইটিকাস্* এর কিছু নির্দিষ্ট প্লাসমিড বহনকারী স্ট্রেইন এই রোগের জন্য দায়ী। সর্বপ্রথম ২০০৯ সালে চিনে এবং চিনের অন্তর্গত তাইওয়ান প্রদেশে প্রথম এই রোগ হয়। পরবর্তীকালে এই রোগ দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন দেশ (থাইল্যান্ড, ভিয়েতনাম ও মালয়েশিয়া), বাংলাদেশ এবং মেক্সিকো তে চিংড়ির খামারে ছড়িয়ে পড়ে। মাছ ছাড়ার ২০ থেকে ৩০ দিনের মধ্যে সাধারণত এই রোগ হয। অনেক সময় এমন দেখা যায় যে মজুতের এক মাস পর জাল টানার পর কোনো চিংড়ি পাওয়া যায় না। চিংড়ির হেপাটোপ্যানক্রি য়াস ফ্যাকাসে এবং ছোটো হয়ে যায়। মৃতপ্রায় চিংড়িগুলি পুকুরের নিচে চলে যায় এবং মারা যায়। তাপমাত্রার আকস্মিক পরিবর্তন, খুব বেশী লবনাক্ততা এবং মজুতহার বেশি থাকলে এই রোগ তীব্র হয়। পি.সি.আর. এবং হিস্টোপ্যাথলজিক্যাল পরীক্ষা দ্বারা এই রোগ নির্ণয় করা যায়। হেপাটোপ্যানক্রিয়াসের হিস্টোপ্যাথলজিক্যাল পরীক্ষা এই রোগ নির্ণয়ের সবথেকে উপযুক্ত পদ্ধতি।

ভিব্রিওসিস্

ভিব্রিও ব্যাক্টিরিয়ার বিভিন্ন প্রজাতি যেমন *ভি. প্যারাহিমোলাইটিকাস্, ভি. অ্যালগিনোলাইটিকাস্, ভি. মিমিকাস্, ভি. হার্ভেই, ভি. ফিশ্চেরি, ভি. লিটোরালিস্, ভি. মেচনিকফি* ইত্যাদি দ্বারা এই রোগ হয়। নোনাজলের পুকুরে বিভিন্ন প্রজাতির *ভিব্রিও* স্বাভাবিকভাবেই উপস্থিত থাকে। কিন্তু বিভিন্ন কারণের জন্য পুকুরের চিংড়ির মধ্যে স্ট্রেস হলে এই রোগ হয়। ভিব্রিওসিস্ চিংড়ির হ্যাচারিতে অন্যতম প্রধান সমস্যা। পুকুরে এই রোগ হলে গিলে কালো দাগ দেখা যায় , মাংসপেশী সাদা ও অস্বচ্ছ হয়, প্লিওপোড লাল বর্ণের হয়ে যায় এবং শুঁড় ভেঙে যায়। আক্রান্ত মাছগুলির মধ্যে পুকুরের ধারে চলে আসার প্রবণতা লক্ষ্য করা যায়। আক্রান্ত চিংড়ির হিমোলিম্ফ সহজে জমাট বাঁধে না। হিমোলিম্ফ এবং হেপাটোপ্যানক্রিয়াস্ থেকে টি.সি.বি.এস. অথবা জোবেইল মেরাইন আগারে *ভিব্রিও* আইসোলেট করা যায়। কিছু *ভিব্রিও* এর প্রজাতি লুমিনিসেন্ট *ভিব্রিও* নামে পরিচিত, যেমন- *ভি. হার্ভেই, ভি. ফিশ্চেরি,* ইত্যাদি) এবং এই প্রজাতিগুলির ব্যাক্টিরিয়া অন্ধকারে আলো বিকিরন করে। হিমোলিম্ফের স্মিয়ার তৈরী করে অন্ধকারে পর্যবেক্ষণ করলে আলোর বিচ্ছুরণ দেখা যায়। লুমিনিসেন্ট *ভিব্রিও* দ্বারা খুব বেশী পরিমাণে সংক্রমণ হলে হিমোলিম্ফ থেকে সরা সরি এই আলোর বিকিরণ লক্ষ করা যায়। ভিব্রিও এর কিছু প্রজাতি হোয়াইট ফিকাল সিন্ড্রোম নামক একটি রোগ করে এবং এতে চিংড়ির ফলন ব্যাপক ভাবে হ্রাস পায়। পুকুরে *ভিব্রিও* জনিত রোগ বিভিন্ন উপায়ে প্রতিহত করা যায়, যেমন- প্রোবায়োটিক প্রয়োগ, নিম পাতার নির্যাস প্রয়োগ (২০ কেজি প্রতি হেক্টর), ইত্যাদি। সম্প্রতি এটি দেখা গেছে যে ফিডের সাথে রসুনের পেস্ট (৫ থেকে ১০ গ্রাম প্রতি কেজি ফিড), থানকুনি পাতার পেস্ট (১০ গ্রাম প্রতি কেজি ফিড) অথবা পেয়ারা পাতার পেস্ট (১০ গ্রাম প্রতি কেজি ফিড) মিশিয়ে চিংড়িকে খাওয়ালে এই রোগ থেকে কিছুটা নিরাময় হয়।

এন্টারোসাইটোজুন হেপাটোপেনাই

এন্টারোসাইটোজুন হেপাটোপেনাই (ই.এইচ্.পি.) একটি মাইক্রোস্পোরিডিয়া গ্রুপের পরজীবি যা পুকুরে চিংড়ির বৃদ্ধিকে ব্যাহত করে এবং এর ফলে চাষীদের প্রচুর অর্থনৈতিক ক্ষতি হয়। এই পরজীবি চিংড়ির হেপাটোপ্যানক্রিয়াসকে সংক্রমিত করে। এর ফলে চিংড়ির অন্যান্য অঙ্গ সঠিক মাত্রায় পুষ্টি পায় না এবং চিংড়ির বৃদ্ধি ভীষনভাবে ব্যাহত হয়। চিংড়ির মৃত্যু খুব একটা বেশী না হলেও বৃদ্ধির হার কমে যাওয়ার জন্য চাষীদের প্রচুর আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হয়। এই রোগে অনেক সময় হোয়াইট ফিকাল সিন্ড্রোম দেখা যায়। পি.সি.আর. এবং হিস্টোপ্যাথলজিক্যাল পরীক্ষা দ্বারা এই রোগ

নির্ণয় করা সম্ভব। হেপাটোপ্যানক্রিয়াসের টিবিউলার এপিথেলিয়াম বেসমেন্ট মেমব্রেন থেকে পৃথক হয়ে যায় এ বং ই.এইচ্.পি. এর স্পোর দেখা যায়।

ইনফেক্সাস মায়োনেক্রোসিস্ ভাইরাস

এটি চাষের চিংড়ির একটি উঠতি রোগ এবং প্রধানত ব্রাজিল, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড এবং চিনে দেখা যায়। সাম্প্রতিককালে এই রোগ পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনিপুর জেলার চন্ডীপুর এলাকায় একটি ফার্মে দেখা গেছে। ইনফেক্সাস মায়োনেক্রোসিস্ ভাইরাস এক প্রকার আর.এন.এ. ভাইরাস। এই রোগে মাংসপেশীতে বিভিন্ন মাত্রায় নেক্রোসিস্ হয় এবং আক্রান্ত চিংড়ির পেটের দিকটা অস্বচ্ছ সাদা হয়ে যায়। প্রথমে কিছুদিন ব্যাপক হারে চিংড়ির মৃত্যু হয় এবং পরের দিকে ক্রমাগতভাবে প্রতিদিন কম হারে মাছ মরতে দেখা যায়। এখোনো পর্যন্ত এই রোগ শুধুমাত্র ভেনামিতেই দেখা গেছে।

হোয়াইট ফিসিস সিন্ড্রোম

গত এক দশক ধরে এই রোগ চিংড়ির ফার্মে দেখা যাচ্ছে। এই রোগ সমস্ত চিংড়ি উৎপাদনকারী দেশেরই একটি বড় সমস্যা। যদিও এই রোগ বাগদা এবং ভেনামি উভয় প্রজাতির চিংড়িতেই হয়, কিন্তু ভেনামিতে এই রোগ বেশী হয়। সাধারণত মাছ ছাড়ার ৬০ দিনের মাথায় এই রোগের প্রকোপ শুরু হয়। আক্রান্ত পুকুরে সাদা সুতোর মতো চিংড়ির মল ভাসতে দেখা যায়। আক্রান্ত চিংড়ির অন্ত্রের রঙ বাদামি বা হলুদাভ হয়,খাবার প্রতি অনীহা দেখা যায়, বৃদ্ধি কমে যায় এবং চিংড়ির খোলশ দুর্বল হয়ে যায়। চিংড়ির বেঁচে থাকার হার প্রায় ২০ থেকে ৩০ শতাংশ কমে যায়। এই রোগের অনেকগুলি কারণ হতে পারে, যেমন- পরজীবিজনিত কারণ, ভিব্রিওসিস্, *এন্টারোসাইটোজুন হেপাটোপেনাই*, বেশী নীলাভ-সবুজ শ্যাওলা, লুজ সেল সিন্ড্রোম, ইত্যাদি। আক্রান্ত চিংড়ির হিমোলিম্ফে অনেক বেশী পরিমাণে *ভিব্রিও* প্রজাতির ব্যাক্টিরিয়া পাওয়া যায়। ছয়টি প্রজাতির ছত্রাক (*অ্যাসপারজিলাস ফ্লেভাস্, অ্যাসপারজিলাস অরক্রাসিয়াস, অ্যাসপারজিলাস জ্যাপোনিকাস্, পেনিসিলিয়াম্, ফিউসেরিয়াম্* এবং *ক্ল্যাডোস্পোরিয়াম ক্ল্যাডোস্পোরয়ডিস্*) হোয়াইট ফিসিস সিন্ড্রোম দ্বারা আক্রান্ত চিংড়িতে পাওয়া গেছে। মাছের কম মজুত হার, উপযুক্ত জল বিনিময় এবং ভালো চাষের ব্যাবস্থাপনার মাধ্যমে এই রোগ নিয়ন্ত্রন করা যায়। নিয়মিত প্রোবায়োটিক ব্যাবহার করলে এই রোগকে প্রতিহত করা যায়।

ব্রাউন স্পট রোগ

সাধারণত পুকুরের তলদেশ খারাপ হয়ে গেলে এই রোগ হয়। এই রোগে চিংড়ির খোলশ কাইটিনোলাইটিক ব্যাক্টিরিয়া দ্বারা আক্রান্ত হয়। খোলশ দুর্বল হয়ে যায় এবং খোলশের ওপর বাদামি রঙের দাগ দেখা যায়।

ব্রাউন স্পট রোগ

নেক্রোটাইজিং হেপাটোপ্যানক্রিয়াটাইটিস

এই রোগের কারণ হলো রিকেটসিয়া গ্রুপের এক ধরনের ব্যাক্টিরিয়া যা চিংড়ির হেপাটোপ্যানক্রিয়াস কে সংক্রমিত করে। এই রোগের প্রাথমিক লক্ষণ চিংড়ির মধ্যে অলস ভাব। কালো ফুলকা, কম হারে বৃদ্ধি, ফুলকায় পরজীবি ও পচন সৃষ্টিকারী দ্বারা সংক্রমণ এবং নরম ও দুর্বল খোলশ এই রোগের অন্যান্য লক্ষণ। আক্রান্ত চিংড়ির হেপাটোপ্যানক্রিয়াস ফ্যাকাসে সাদা হয়ে যায়। সাধারনত জলের তাপমাত্রা এবং লবণক্ততা দীর্ঘসময় ধরে বেশী থাকলে এই রোগের প্রকোপ বেশী হয়। এই রোগের সংক্রমণ হলে ৩০ দিনের মধ্যে মৃত্যুহার ৯০ থেকে ৯৫ শতাংশ হয়ে যায়। নেক্রোটাইজিং হেপাটোপ্যানক্রিয়াটাইটিস রোগের জীবাণু বহনকারী কোনো বাহক জীবকে খাদ্য হিসাবে গ্রহন করলে হয়।

নোনাজলের মাছের কিছু গুরুত্বপূর্ণ রোগ

ভাইরাল নার্ভাল নেক্রোসিস্

এটি সামুদ্রিক এবং নোনাজলের মাছের ভয়ঙ্কর একটি রোগ। এটি বিটানোডাভাইরাস নামক এক আর.এন.এ. ভাইরাস দ্বারা হয়ে থাকে। এই রোগে মাছে বিশেষত লার্ভা এবং জুভেনাইল দশায় ব্যাপক হারে মৃত্যু হয়। এই রোগের অন্য নাম হলো ভাইরাল এনসেফালোপ্যাথি অ্যান্ড রেটিনোপ্যাথি। ভারতে ২০০৫ সালে চেন্নাই তে ভেটকি মাছে এই রোগ প্রথম দেখা যায়। পরে দেশের অন্যান্য জায়গা থেকেও এই রোগের প্রতিবেদন পাওয়া যায়। চাষের এবং প্রকৃতির বিভিন্ন প্রজাতির নোনাজলের মাছ, যেমন- ভেটকি, ভাঙন্, আঁশ ভাঙন, মিল্কফিস, কইভোল, ওয়েল সার্ডাইন্, ট্যাংরা, *অ্যাম্বাইগ্যাস্টার ক্লুপয়ডিস্* ইত্যাদি এই রোগে আক্রান্ত হয়ে থাকে। বিভিন্ন মিষ্টিজলের মাছ, যেমন- নাইলোটিকা (*ওরিওক্রোমিস নাইলোটিকাস্*) এবং রঙিন মাছ গাপ্পি তেও এই রোগ হতে দেখা গেছে। প্রধানত ভাইরাস দ্বারা দূষিত জল এবং সংক্রমিত জুভেনাইল মাছ দ্বারা এই রোগ ছড়ায়। অনেক সময় দেখা গেছে যে চাষের মাছগুলিকে এক পুকুর থেকে অন্য পুকুরে স্থানান্তরিত করলে এই রোগ ছড়িয়ে পড়ে। কিছু প্রজাতির মাছ এই রোগের বাহক হিসাবে কাজ করে। আক্রান্ত ব্রুডস্টক থেকেও এই রোগ পরবর্তী প্রজন্মতে ছড়িয়ে পড়ে। আক্রান্ত মাছগুলির প্রাথমিক লক্ষণ হলো আঁকাবাঁকাভাবে সাঁতার কাটা। দেহের রঙ লাল হয়ে যায় এবং খাবারের প্রতি অনীহা দেখা যায়। জুভেনাইল মাছে মৃত্যুহার খুব বেশী হয় (প্রায় ১০০ শতাংশের কাছাকাছি)। প্রধানত রিভার্স-ট্রান্সক্রিপ্টেজ পি.সি.আর্. এবং হিস্টোপ্যাথোলজি দ্বারা এই রোগ নির্ণয় করা যায়।

ইরিডোভাইরাস দ্বারা সৃষ্ট রোগসমূহ

নোনাজলের মাছের মধ্যে ইরিডোভাইরাসের সংক্রমণ মূলত ভেটকি মাছে (*ল্যাটেস্ ক্যালকেরিফার্*) হয়। প্রধানত ইরিডোভাইরাসের দুটি প্রজাতি ভেটকি মাছকে সংক্রমিত করে - *লিম্ফোসিস্টিভাইরাস* এবং *রানাভাইরাস্*)। এর মধ্য লিম্ফোসিস্টিভাইরাসের সংক্রমণ কয়েকটি নির্দিষ্ট জায়গার মধ্যে সীমাবদ্ধ থাকে এবং এতে মাছের মৃত্যু খুব একটা হয় না। অপরপক্ষে রানাভাইরাস্ মাছের সারা দেহে সংক্রমণ করে এবং প্রচুর মাছের মৃত্যু হয়। আক্রান্ত মাছগুলির মধ্যে অলস ভাব লক্ষ্য করা যায় এবং রক্তাল্পতা দেখা য়ায়। মাছের মৃত্যুহার বিভিন্ন বিষয় যেমন বয়স, জলের তাপমাত্রা, জলের গুণমান এবং অন্যান্য চাষের অবস্থার ওপর নির্ভর করে এবং এই মৃত্যুহার ০ থেকে ১০০ শতাংশ পর্যন্ত হতে পারে। রোগ নির্ণয় বিভিন্ন ইমিউনোলজিক্যাল পদ্ধতি যেমন পরোক্ষ ফ্লুরোসেন্ট অ্যান্টিবডি টেস্ট দ্বারা করা হয়। এই পরীক্ষার জন্য স্প্লীন এবং কিডনি হলো সবথেকে গুরুত্বপূর্ণ অঙ্গ। যকৃত এবং কিডনির পাতলা সেকসন কে জিমসা দ্বারা স্টেইন করলে আক্রান্ত অংশগুলি খুব গাঢ় ভাবে স্টেইন নেয়। পি.সি.আর্. দ্বারাও এই ভাইরাস সনাক্তকরণ করা সম্ভব। এই ভাইরাস থেকে মুক্ত মাছ মজুত করলে ও পুকুরের জলের গুণমান সঠিক ভাবে বজায় রাখলে এই রোগকে আটকানো যায়। অতিরিক্ত হারে মাছ মজুত করলে অথবা পুকুরে প্রয়োজনের অতিরিক্ত খাবার দিলে এই রোগ হবার সম্ভাবনা বেড়ে যায়। ইরিডোভাইরাস সংক্রমণ প্রতিহত করার জন্য কিছু দেশে টীকা উপলব্ধ আছে। কিন্তু আমাদের দেশে এই টীকা এখোনো পাওয়া যায় না।

***ভিব্রিও* প্রজাতি দ্বারা সৃষ্ট রোগসমূহ**

চিংড়ির মতো নোনাজলের মাছেও ভিব্রিওসিস্ হয়। ভিব্রিওর বিভিন্ন প্রজাতি যেমন *ভি. হার্ভেই, ভি. অ্যাঙ্গুইলেরাম্, ভি. সালমনিসিডা, ভি. প্যারাহিমোলাইটিকাস্, ভি. অ্যালগিনোলাইটিকাস্* এবং *ভি. ভালনিফিকাস* এই রোগ করে। গরমকালে যখন জলের তাপমাত্রা বেশী থাকে তখন এই রোগ বেশী হয়। রোগের প্রাথমিক লক্ষণ হলো অলস ভাব এবং খাবারের প্রতি অনীহা। মাছের দেহ লালচে হয়ে যায় এবং দেহের বিভিন্ন অংশে বিশেষত চোয়াল এবং পাখনার নিচের অংশে লাল লাল ঘা দেখা যায়। কিছু কিছু ক্ষেত্র মাছের প্লীহা বড় হয়ে যায়। আক্রান্ত মাছের দেহের বিভিন্ন অংশে রক্তপাত হয়। এই সমস্ত লক্ষণগুলির জন্য ভেটকিতে ভিব্রিওসিস্ কে 'আলসারেটিভ হিমোরেজিক সেপ্টিসেমিয়া' বলা হয়। অনেক সময় এই রোগে মাছের দেহে মিউকাসের একটি পুরু আস্তরন পড়ে। নার্সারি পালনে এই রোগ খুব ভয়ংকর আকার ধারণ করে। এই

রোগের নির্ণয় সাধারণত নির্দিষ্ট প্রজাতির *ভিব্রিও* আইসোলেট করে অথবা নির্দিষ্ট সিরামের সাহায্যে স্লাইড অ্যাগ্লুটিনেসন বিক্রিয়া দ্বারা করা যায়। এই রোগ নির্ণয়ের জন্য সবথেকে উপযুক্ত অঙ্গ হলো মস্তিষ্ক ও কিডনি। পরীক্ষামূলক ভাবে ভেটকি মাছে *ভি. অ্যাঙ্গুইলেরাম*-র জন্য টীকা সফলভাবে ব্যাবহার করা হয়েছে। এ ছাড়াও ভেটকি মাছে ভিব্রিওসিস্ কে প্রতিহত করার জন্য অ্যাকোয়াভ্যাক ভিব্রিও ওরাল নামক একটি টীকা পাওয়া যায়।

_অ্যারোমোনাস_ প্রজাতি দ্বারা সংক্রমণ

যদিও বিভিন্ন প্রজাতির *অ্যারোমোনাস* মাছের পুকুরে স্বাভাবিকভাবে উপস্থিত থাকে, কিন্তু কোনো কোনো সময় পরিবেশগত স্ট্রেইস এর কারণে এই জীবাণু মাছে রোগ সৃষ্টি করে। অ্যারোমোনাসের বিভিন্ন প্রজাতি মাছের দেহে হিমোরেজিক রোগ করে এবং এতে দেহের বিভিন্ন অংশে রক্তপাত হয়। এই পরিবেশগত স্ট্রেইস এর কারণগুলি হলো জলের উচ্চ তাপমাত্রা, পি.এইচ্. এর আকস্মিক পরিবর্তণ, বেশী পরিমাণে কার্বন ডাই অক্সাইডের উপস্থিতি, জলে দ্রবীভূত অক্সিজেনের মাত্রা কমে যাওয়া, বেশী পরিমাণে অ্যামোনিয়া ও অন্যান্য ক্ষতিকারক গ্যাসের উপস্থিতি, ইত্যাদি। নোনাজলের পুকুরে অ্যারোমোনাসের সংক্রমণ প্রধানত *অ্যা. হাইড্রোফিলা, অ্যা. সেভিই* এবং *অ্যা. পাঙ্কটাটা* প্রজাতি দ্বারা হয়। রক্তপাত মূলত পাখনা এবং পুচ্ছের কাছাকাছি অংশে হয়। খুব অ্যাকিউট সংক্রমণে লেজ ক্ষয়ে যায়। অ্যারোমোনাস প্রজাতি গবেষণাগারে স্টার্চ অ্যাম্পিসিলিন আগার অথবা রিমলার শটস আগারে আইসোলেট করা যায়।

কলামনারিস রোগ

এই রোগ *ফ্লেক্সিব্যাক্টর কলামনারিস* এক ব্যাক্টিরিয়া দ্বারা হয়। এই রোগ মূলত মিষ্টিজলের পুকুরে হয়। নোনাজলের মাছের মধ্যে এই সংক্রমণ প্রধানত ভেটকি এর জুভেনাইল দশায় হতে দেখা যায়। এই রোগে মাছের দেহ একটি তুলোর মতো আস্তরনে ঢাকা পড়ে যায়। খুব বেশী হারে মাছ মজুত করলে এবং পুকুরের জলের গুণমাণ ভালো না হলে মূলত এই রোগ হয়। আক্রান্ত মাছগুলিকে কপার সালফেট দ্রবণে (৪ মিলিগ্রাম প্রতি লিটার) ১ থেকে ২ মিনিট ডুবিয়ে রাখতে হবে।

এপিজুটিক আলসারেটিভ সিন্ড্রোম

এই রোগ *অ্যাফানোমাইসিস ইনভেডেন্স* নামক এক প্রকার ছত্রাক দ্বারা হয়ে থাকে। এটি মিষ্টিজলের মাছের সবথেকে গুরুত্বপূর্ণ রোগ এবং এই রোগে প্রচুর অর্থনৈতিক ক্ষতি হয়। নোনাজলের মাছের মধ্যে ভেটকি, নোনা ট্যাংরা, পার্শে, ভাঙন্, ইত্যাদি মাছে এই রোগ হয়। মিল্কফিসে এই রোগ সাধারনত হয় না। এই ছত্রাকের জুস্পোর জলের মধ্যে বেঁচে থাকতে পারে এবং অন্য মাছে রোগ ছড়ায়। রোগগ্রস্থ মাছের সংস্পর্শেও এই রোগ ছড়ায়। ঠান্ডা পড়লে অথবা বৃষ্টি হলে এই রোগের প্রাদুর্ভাব বেশী হয়। শীতকালে এই রোগের মৃত্যুহার বেশী হয়। এই রোগে মাছের সারা দেহে রক্তপাত সহ ঘা এর উপস্থিতি লক্ষ্য করা যায়। এগুলিকে হিমোরেজিক আলসার বলে। এই আলসার মাথার কাছে বেশী হলে মস্তিষ্ক উন্মুক্ত হয়ে যায়। সাধারণ ক্ষেত্রে লক্ষণ সহজেই এই রোগ নির্ণয় করা যায়। অণুবীক্ষণ যন্ত্রে আক্রান্ত টিসুর অংশ দেখলে ছত্রাকের হাইফি দেখা যায়।

ডাইনোফ্লেজেলেট দ্বারা সৃষ্ট রোগ

অ্যামাইলুডিনিয়াম অসিলেটাম নামক ডাইনোফ্লেজেলেট মাছের ফুলকাকে আক্রান্ত করে এবং ফুলকা ও ত্বকে নেক্রোসিস তৈরী করে। মাছের বেশী মজুত হার এবং পুকুরে অত্যধিক জৈবপদার্থের উপস্থি তি এই রোগের একটি অন্যতম কারণ। কখনো কখনো মাছের ফুলকায় এবং ত্বকে সাদা দাগ দেখা যায়। ট্রিটমেন্ট না করলে ব্যাপক হারে মাছের মৃত্যু হতে পারে। অণুবীক্ষণ যন্ত্রে গিল এবং ত্বক দেখে রোগ নির্ণয় করা যায়। আক্রান্ত মাছগুলিকে ২০০ পিপিএম ফরম্যালিনে ১ ঘন্টা অথবা ০.৫ পিপিএম কপার সালফেটে ৫ দিন ডুবিয়ে রাখলে কিছুটা উপকার পাওয়া যায়।

সিলিয়েটেড প্রোটোজোয়া দ্বারা সৃষ্ট রোগসমূহ

ক্রিপ্টোক্যারিয়ন এবং *ট্রাইকোডিনা* হলো মাছের দুটি সবথেকে গুরুত্বপূর্ণ সিলিয়েটেড প্রোটোজোয়া। *ক্রিপ্টোক্যারিয়ন ইরিট্যান্স* সংক্রমণে আক্রান্ত মাছে খুব বেশী পরিমাণে মিউকাস উৎপন্ন হয় এবং মাছের দেহে সাদা ফুটকি দাগ দেখা যায়। এই রোগকে মাছের হোয়াইট স্পট রোগ বলে। সাধারণত জলের তাপমাত্রা কম থাকলে এবং মজুত হার খুব বেশী হলে এই রোগ হয়। *ট্রাইকোডিনা* প্রজাতির প্রোটোজোয়া ভেটকি মাছে ট্রাইকোডিনিয়াসিস রোগ করে। এতে মাছের ত্বক এবং ফুলকা আক্রান্ত হয়। আক্রান্ত মাছের ফুলকা রুদ্ধ হয়ে যায় এবং শ্বাস প্রশ্বাস ব্যাহত হয়। এই রোগেও প্রচুর পরিমাণে শ্লেষ্না উৎপন্ন হয়। ফরম্যালিন বাথ দ্বারা এই রোগকেও নিয়ন্ত্রণ করা যায়।

নোনাজলের মাছের ফ্লুক

মাছের ফ্লুক সাধারনত গিল এবং ত্বককে আক্রান্ত করে। মাছের ত্বকের ফ্লুকের মধ্যে গুরুত্বপূর্ণ হলো *বেনেডিনিয়া* ও *ড্যাক্টাইলোগাইরাস* প্রজাতির ফ্লুক্। ফুলকার ফ্লুকের মধ্যে গুরুত্বপূর্ণ হলো *গাইরোড্যাক্টাইলাস* ও *ডিপ্লেকটেনাম* প্রজাতির ফ্লুক্। পুকুরের জলের কম পি.এইচ্. এবং বেশী নাইট্রাইট ও নাইট্রেট থাকলে এই রোগ বেশী হয়। এই রোগের মূল লক্ষণহলো শ্বাস প্রশ্বাস জনিত সমস্যা। আক্রান্ত মাছগুলিকে পুকুরের জলের ওপরের দিকে ভাসতে দেখা যায় এবং বেশী অক্সিজেন পাওয়ার জন্য এরেটরের নিকট ভিড় করে। মাছের বিভিন্ন অংশে রক্তপাত হয়। খুব বেশী মাত্রার সংক্রমণ মাছের সারা দেহ মিউকাসের পাতলা আবরনে ঢাকা পড়ে। আক্রান্ত মাছগুলিতে ব্যাক্টিরিয়াল সংক্রমণ হতে পারে।

ক্রাস্টেসিয়ান পরজীবি দ্বারা সংক্রমণ

নোনাজলের মাছে রোগ সৃষ্টিকারী গুরুত্বপূর্ণ ক্রাস্টেসিয়ান পরজীবি হলো কোপিপোড্, ক্যালিগাস (সি লাইস), আর্গাসিলাস (গিল ম্যাগট্) এবং লার্নিয়া (অ্যাঙ্কর ওয়ার্ম্)। এর সবগুলি ভেটকি মাছকে আক্রান্ত করে। দূষিত জল, লাইভ ফিড্, প্রকৃতির আক্রান্ত মাছ থেকে এই রোগ পুকুরে ছড়ায়। ফুলকা এবং ত্বকে সেকেন্ডারি ব্যাক্টিরিয়াল সংক্রমণ হয়। সঠিক সময়ে ট্রিটমেন্ট না করা হলে প্রচুর মাছের মৃত্যু হয়। এই সব পরজীবিরা বিভিন্ন রোগ সৃষ্টিকারী ব্যাক্টিরিয়া এবং ভাইরাসের বাহক হিসাবেও কাজ করে।

আর্গুলোসিস (মাছের উকুন্)

এই রোগ *আর্গুলাস* প্রজাতির মাছের উকুন দ্বারা হয়ে থাকে। যদিও মাছের উকুন প্রধানত মিষ্টিজলের মাছে হয়, নোনাজলের মাছেও এর সংক্রমণের খবর আছে। উকুনের সংক্রমণ খুব বেশী হলে হিমোরেজিক আলসার সৃষ্টি হয় এবং এর পরবর্তীকালে ব্যাক্টিরিয়া দ্বারা সংক্রমণ হয়। মাছ ছাড়ার পূর্বে পুকুরের প্রস্তুতিকরণের সময় পুকুর সঠিকভফবে শুকানো হলে এই রোগের প্রাদুর্ভাব কমে। আক্রান্ত মাছগুলিকে ফরম্যালিন অথবা অগ্র্যানোফসফরাস জাতীয় পদার্থ দ্বারা চিকিৎসা করা যায়।

নোনাজলের চিংড়ি এবং সাদা মাছের কিছু সাধারণ চিকিৎসা ব্যাবস্থা

মাছের পুকুরে রোগ হলে কোনো অ্যাকোয়াকালচার বিশেষজ্ঞ অথবা মৎস্য স্বাস্থ্য বিশেষজ্ঞের পরামর্শ নিয়েই পুকুরে ওষুধ প্রয়োগ করা উচিত। মাত্রাতিরিক্ত ওষুধ ব্যবহার করলে পুকুরের মাছের অবস্থা আরো খারাপ হতে পারে। আবার ঘটনাক্রমে চাষীরা যদি কোনো নিষিদ্ধ রাসায়নিক বা ওষুধ নিজের অজান্তেই পুকুরে ব্যাবহার করে ফেলেন, তাহলে রপ্তানি করার সময় মাছ প্রত্যাখ্যান হতে পারে। এতে চাষীর তো বটেই, দেশেরও সামগ্রিকভাবে প্রচুর অর্থনৈতিক ক্ষতি হয়। তথাপি মাছের কিছু সাধারণ চিকিৎসা ব্যাবস্থার সংক্ষিপ্ত বিবরণ নিচে দেওয়া হলো।

চিংড়ির হোয়াইট স্পট রোগ এবং চিংড়ি ও মাছের অন্যান্য ভাইরাসঘটিত রোগসমূহের কোনো কার্যকর চিকিৎসা ব্যাবস্থা নেই। তথাপি ভালো ও উন্নত জলজ পালন ব্যবস্থা অবলম্বন করলে এবং জৈবসুরক্ষা বিধি (যেমন- কাঁকড়া বেড়া,

পাখির বেড়া, পুকুরের জলের ভালো গুণগত মান বজায় রাখা, ইত্যাদি) যথাযথভাবে পালন করলে ভাইরাস জনিত রোগের প্রকোপ কম হয়। পুকুরের জলের গুণমান বজায় রাখা এই সব রোগ প্রতি হত করার জন্য খুবই গুরুত্বপূর্ণ। অনেক সময় এটা দেখা গেছে যে হোয়াইট স্পষ্ট রোগের ভাইরাস যদি খুব কম পরিমাণে থাকে (যেমন- দ্বিতীয় স্টেপ পজিটিভ্) এবং পুকুরের জলের গুণমান যদি ঠিক থাকে তাহলে রোগ প্রকাশ পায় না। ভাইরাসজনিত রোগ প্রতিহত করার জন্য নিম্নলিখিত ব্যাবস্থা নেওয়া যেতে পারে:

- ফিডের সহিত রসুনের পেস্ট মিশিয়ে খাওয়ানো (প্রতি কেজি ফিডের সহিত ৫ গ্রাম্)
- রসুনের পেস্টের পরিবর্তে হলুদের পেস্ট দেওয়া যেতে পারে
- পুকুরে নিমপাতার নির্যাস প্রয়োগ (হেক্টর প্রতি প্রায় ২০ কেজি নিমপাতা লাগবে)
- বানিজ্যিকভাবে পাওয়া কিছু জলজ ওষুধ ব্যাবহার করা যেতে পারে যা চাষের মাছে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করে (যেমন- ইমিউজোন্, ভিরজন অ্যাকোয়া, ইত্যাদি)

ব্যাক্টিরিয়াজনিত রোগের প্রতিকার

পটাশিয়াম পার্ম্যাঙ্গানেটের প্রয়োগ: পটাশিয়াম পার্ম্যাঙ্গানেট হেক্টর প্রতি ২০ কেজি হারে দিতে হবে। সাদা মাছের ক্ষেত্রে পটাশিয়াম পার্ম্যাঙ্গানেট দ্রবণে ডিপ ট্রিটমেন্ট করা যেতে পারে। আক্রান্ত মাছগুলিকে আলাদা করে পটাশিয়াম পার্ম্যাঙ্গানেট দ্রবণে (২০ থেকে ৩০ মিলিগ্রাম প্রতি লিটার) ১০ থেকে ৩০ মিনিট ডুবিয়ে রাখতে হবে। এই ট্রিটমেন্ট ৩ দিন করতে হবে।

চুন প্রয়োগ: প্রতি ১০০০ বর্গমিটারে ৫ কেজি কলিচুন দিতে হবে। চুন দেওয়ার ২ দিন পর পটাশিয়াম পার্ম্যাঙ্গানেট (প্রতি ১০০০ বর্গমিটারে ১ কেজি) দিলে ভালো ফল পাওয়া যায়। যদি পুকুরের তলা নষ্ট হয়ে যায় তা হলে পটাশিয়াম পার্ম্যাঙ্গানেট এবং চুন বালির সাথে মিশিয়ে দিতে হবে।

বেনজালকোনিয়াম ক্লোরাইড্: বেনজালকোনিয়াম ক্লোরাইড্ (৫০ শতাংশ) হেক্টর প্রতি ৩ লিটার হারে প্রয়োগ করলে ক্ষতিকারক ব্যাক্টিরিয়ার প্রকোপ কিছুটা কমে।

প্রোবায়োটিকের ব্যাবহার: প্রোবায়োটিক হলো উপকারী ব্যাক্টিরিয়া যা কিনা ক্ষতিকারক ব্যাক্টিরিয়াকে প্রতিহত করতে সাহায্য করে। পুকুরের জলে ক্ষতিকারক ব্যাক্টিরিয়ার মাত্রা কম করার জন্য জলের প্রোবায়োটিক ব্যাবহার করতে হবে। চিংড়ি এবং সাদামাছের দেহে ক্ষতিকারক ব্যাক্টিরিয়ার মাত্রা কমানোর জন্য ফিডের সাথে মিশিয়ে গাট প্রোবায়োটিক ব্যাবহার করা যেতে পারে। বাণিজ্যিকভাবে পাওয়া প্রোবায়োটিকের ব্যাবহারের জন্য প্রস্তুতকারকের নির্দেশ যথাযথভাবে পালন করা উচিত।

থানকুনি পাতা: থানকুনি পাতার পেস্ট (প্রতি কেজি ফিডের সাথে ৫ গ্রাম) বিভিন্ন ব্যাক্টিরিয়াজনিত সংক্রমণ প্রতিহত করার জন্য খুবই উপযোগী।

নোনাজলের মাছে এপিজুটিক আলসারেটিভ সিন্ড্রোমের চিকিৎসা

প্রতি ১০০০ বর্গমিটারে ২০ কেজি হারে চুন প্রয়োগ করতে হবে। চুন দেওয়ার ১ থেকে ২ দিন পর পটাশিয়াম পার্ম্যাঙ্গানেট (প্রতি ১০০০ বর্গমিটারে ১ কেজি) দেওয়া যেতে পারে।

কপার সালফেট প্রয়োগ: কপার সালফেট নোনাজলের পুকুরে দেওয়া যেতে পারে। তবে ডোজ সম্বন্ধে খুব সচেতন থাকতে হবে। পুকুরে কপার সালফেটের সর্বোচ্চ ডোজ হবে X/১০ কেজি প্রতি হেক্টরে, যেখানে X হলো পুকুরের জলের অ্যালকালিনিটি। উদাহরণ- যদি পুকুরের জলের অ্যালকালিনিটি ১৫০ পিপিএম হয়, তা হলে কপার সালফেটের সর্বোচ্চ ডোজ হবে ১৫ কেজি প্রতি হেক্টরে। অন্যথায় আক্রান্ত মাছগুলিকে কপার সালফেটের দ্রবণে (লিটার প্রতি ৪ মিলিগ্রাম্) ৫ মিনিট ডুবিয়ে রাখা যেতে পারে। এই ডিপ ট্রিটমেন্ট ৩ দিন করতে হবে।

CIFAX: এই ওষুধ এপিজুটিক আলসারেটিভ সিন্ড্রোমের ক্ষেত্রে খুব ভালো কাজ করে। ডোজ্: হেক্টর প্রতি ১ লিটার্। খুব বেশী সংক্রমণ হলে ৭দিন পর আরো এক বার প্রয়োগ করতে হবে।

চিংড়ি এবং মাছে পরজীবি দ্বারা সংক্রমণের চিকিৎসা

ফরম্যালিন প্রয়োগ: পুকুরের ক্ষেত্রে হেক্টর প্রতি ১৫ থেকে ২০ লিটার ফরম্যালিন দেওয়া যেতে পারে। অন্যথায় আক্রান্ত মাছগুলিকে ২৫০ পিপিএম ফরম্যালিন দ্রবণে ৫ মিনিট ডুবিয়ে রাখা যেতে পারে।

আক্রান্ত মাছগুলিকে ১০০০ পিপিএম অ্যাসেটিক অ্যাসিড দ্রবণে ১ থেকে২ মিনিট ডুবিয়ে রাখলে কিছুটা সুফল পাওয়া যায়।

ম্যালাকাইট গ্রিন: ম্যালাকাইট গ্রিন এককোষী পরজীবির ক্ষেত্রে কিছুটা উপযোগী। সাদামাছের পুকুরে ১ পিপিএম হারে দেওয়া যেতে পারে (হেক্টর প্রতি ১ কেজি)। চিংড়ির পুকুরে এর প্রয়োগ না করাই ভালো।

ডাইক্লোরোভস্: হেক্টর প্রতি ২০ কেজি।

চিংড়ির *এন্টারোসাইটোজুন হেপাটোপেনাই* রোগের জন্য ব্যাবস্থাপনা

চাষ চলাকালীন এই রোগের কোনো কার্যকর চিকিৎসা ব্যবস্থা নেই। এর কারণ হলো মাইক্রোস্পোরিডিয়ান স্পোর ব্লিচিং (ক্লোরিন্) সহ সবরকম জীবাণুনাশকের প্রতি রেজিস্ট্যান্ট। যদি পুকুরে *এন্টারোসাইটোজুন হেপাটোপেনাই* সমস্যা দেখা যায়, তাহলে পরবর্তী চাষের পুকুর প্রস্তুতিকরণের পূর্বে পুকুরের মাটিতে খুব বেশী ডোজে কলিচুন (হেক্টর প্র তি প্রায় ৬ টন্) প্রয়োগ করতে হবে। চুনের ক্ষয়জারক গুণের জন্য এই রোগের স্পোর মারা যায়।

চিংড়ি চাষের পুকুরে রোগ নিয়ন্ত্রণের জন্য নিম্নলিখিত ব্যাবস্থাগুলি অবলম্বন করা জরুরী:

চিংড়িমাছের খামারে রোগ প্রতিরোধের জন্য দুটো সবথেকে গুরুত্বপূর্ণ বিষয় হলো 'Better Management Practice (BMP)' এবং তটীয় জলকৃষি কর্তৃপক্ষ (Coastal Aquaculture Authority)-এর নির্দেশিকাগুলি যথাযথভাবে পালন করা। তটীয় জলকৃষি কর্তৃপক্ষ (Coastal Aquaculture Authority)-এর বিস্তারিত নির্দেশিকাগুলি www.caa.gov.in ওয়েবসাইটে পাওয়া যায়। এই রোগ প্রতিরোধ সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচে দেওয়া হল:

- পুকুরের সঠিক প্রস্তুতি: নোনাজলের চিংড়িমাছ চাষের প্রথম পদক্ষেপ হল উপযুক্ত পুকুরের প্রস্তুতি। অন্তত তিন সপ্তাহ ধরে পুকুর শুকানো প্রয়োজন এবং কালো মাটি তুলে ফেলা উচিত। খনন করা মাটি খামারের ভিতরে ফেলে রাখা উচিত নয়। পুকুরে সঠিক পরিমানণে চুন দেওয়া উচিত। চুনের পরিমাণ নির্ভর করে মাটির অম্লতার (pH) ওপর। কতটা চুন দরকার জানার জন্য CIBA-এর নির্দেশিকা দেখুন (http://www.ciba.res.in/Books/ciba0295.pdf)। অবশ্য, মটির অম্লতা (pH) ৭.৫ থেকে কম হলে মোটামুটিভাবে হেক্টর প্রতি ৩০০ থেকে ৫০০ কেজি হারে চুন দেওয়া যেতে পারে।
- জৈবসূরক্ষাবিধি: চাষের খামারে ক্ষতিকারক জীবাণু, ভাইরাস ও পরজীবি এবং তাদের বাহকের অনুপ্রবেশ আটকানোর জন্য জৈবসুরক্ষা বিধি সঠিকভাবে মেনে চলা খুবই দরকার। খামারে উপযুক্ত কাঁকড়া এবং পাখির বেড়া (Crab fencing and Bird fencing) দেওয়া উচিত। খামারের প্রবেশ দ্বারে পটাশিয়াম পারম্যাঙ্গানেট ফুট বাথ (প্রতি লিটারে ৩ মিলিগ্রাম) থাকা উচিত।
- চিংড়িমাছ ছাড়ার অন্তত ১৪ দিন আগে উপযুক্ত পরিমানে ব্লিচিং দিয়ে পুকুরের জল জীবাণুমুক্ত করা উচিত। জলের গভীরতা যদি 1 মিটার হয়, তাহলে প্রতি বিঘা এলাকার জন্য ৬০ থেকে ৮০ কে.জি. ব্লিচিং প্রয়োজন (হেক্টর প্রতি প্রায় ৪৫০ থেকে ৫৯০ কে.জি.)।
- চিংড়িমাছের মীন বা পোস্ট-লার্ভার (post-larvae) উতস: সর্বদা সুখ্যাত হ্যাচারি থেকেই চিংড়ির মীন কিনুন। ভেনামি প্রজাতির চিংড়ির জন্য তটীয় জলকৃষি কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত হ্যাচারির তালিকা www.caa.gov.in ওয়েবসাইটে পাওয়া যায়। চিংড়ির মীন পি.সি.আর. দ্বারা হোআইট স্পট রোগ এবং ইনফেকসাস হাইপোডার্মাল

এবং হিমাটোপয়টিক নেক্রোসিস রোগ মুক্ত প্রত্যয়িত হওয়া উচিত। বর্তমান কালে *এন্টারোসাইটোজুন হেপাটোপেনাই* রোগের প্রাদুর্ভাব বাড়ার কারনে এই রোগের জন্যও চিংড়ির মীন পরীক্ষা করা উচিত।

- মজুত ঘনত্ব: মজুত ঘনত্ব বাড়ার সাথে সাথে হোআইট স্পট রোগ এবং অন্যান্য রোগের সম্ভাবনা বেড়ে যায়। তটীয় জলকৃষি কর্তৃপক্ষের নির্দেশিকা অনুযায়ী বাগদা এবং ভেনামি প্রজাতির চিংড়িমাছের ক্ষেত্রে মজুত এর সর্বোচ্চ অনুমোদিত সীমা যথাক্রমে প্রতি বর্গমিটারে ৩০ এবং ৬০। এর থেকে বেশী মজুত কখোনোই করা উচিত নয়।
- মজুত করার সময়, চিংড়িমাছের মীনগুলিকে পুকুরের ততকালীন পরিবেশ যেমন- তাপমাত্রা, অম্লতা (pH),লবনাক্ততা ইত্যাদির সহিত সহনশীল করা প্রয়োজন। মীনের প্যাকেটে ধীরে ধীরে পুকুরের জল মিশিয়ে এটা করা হয়।
- চিংড়িমাছের খামারে মানুষের প্রবেশ নিয়ন্ত্রণ করা উচিত। কোনো অননুমোদিত ব্যক্তিকে প্রবেশ করতে দেওয়া উচিত নয়।
- মাছ তোলার পর তৎক্ষণাৎ পুকুরের জল ছাড়বেন না। পুকুরের জল ব্লিচিং করুন (বিঘা প্রতি ৬০ থেকে ৮০ কেজি অথবা হেক্টর প্রতি ৪৫০ থেকে ৫৯০ কে.জি.) এবং তারপর ৭ দিন ধরে রাখার পর জল ছাড়ুন।
- পুকুরের চিংড়িগুলিকে নিয়মিত নজরে রাখুন। কোন অস্বাভাবিক উপসর্গ বা আচরণ দেখা দিলে অবিলম্বে কোনো জলজ প্রাণী স্বাস্থ্য বিশেষজ্ঞের সাথে যোগাযোগ করুন। রোগগ্রস্থ চিংড়িমাছের নমুনা পি.সি.আর. এবং অন্যান্য স্ক্রীনিং পদ্ধতির জন্য কোনো যোগ্যতাসম্পন্ন পরীক্ষাগারে নিয়ে আসুন। চিংড়ির কিছু রোগ ভারতে এখনো পর্যন্ত হতে দেখা যায়নি, যেমন হলুদ মাথা রোগ, ট্যরা সিন্ড্রোম, আর্লি মর্টালিটি সিন্ড্রোম, ইনফেকসাস মায়োনেক্রোসিস, ইত্যাদি। কিন্তু এশিয়ার অন্যান্য দেশে এই রোগগুলির প্রাদুর্ভাব আছে। এই কারণে চিংড়িচাষের পুকুরে যদি কোনো নতুন ধরণের রোগের লক্ষণ দেখা যায়, সেই ক্ষেত্রে অবিলম্বে কোনো জলকৃষি স্বাস্থ্য বিশেষজ্ঞ অথবা যোগ্য কর্তৃপক্ষকে সেই ব্যাপারে অবহিত করুন।
- চাষের সময় পুকুরের জল এবং জল-মাটি-সংযোগসস্থলের নমুনা পরীক্ষা করুন। নির্দিষ্ট সময় অন্তর জল এবং জল-মাটি-ইন্টারফেজ নমুনার অম্লতা (pH), অস্বচ্ছতা, লবনাক্ততা (salinity), দ্রবীভূত অক্সিজেন. ক্ষারত্ব, মোট হার্ডনেস, ম্যাগনেসিয়াম হার্ডনেস, ক্যালসিয়াম হার্ডনেস, হাইড্রোজেন সালফাইড, মোট এমোনিয়া-নাইট্রোজেন, নাইট্রাইট-নাইট্রোজেন, নাইট্রেট-নাইট্রোজেন, মোট ফসফরাস ইত্যাদির জন্য পরীক্ষা করা উচিত।
- বিশেষজ্ঞ পরামর্শ ছাড়া মাত্রাতিরিক্ত ওষুধ ব্যবহার করবেন না।
- এন্টিবায়োটিক ব্যবহার করবেন না। জলজ পালনে প্রায় সব অ্যান্টিবায়োটিকের ব্যবহার নিষিদ্ধ।
- যতটা সম্ভব জল বিনিময় না করাই ভালো। জল বিনিময় চিংড়ির পুকুরে বিভিন্ন রোগজনক জীবাণুর প্রবেশের সম্ভাবনা বাড়িযে দেয়। খুব প্রয়োজনে জল বিনিময় যদি করতেই হয়, তাহলে জলের বিভিন্ন গুণমানের (যেমন অম্লতা, তাপমাত্রা, লবনাক্ততা, ইত্যাদি) যেন বেশী তারতম্য না হয় সেদিকে বিশেষ নজর দেওয়া উচিত। জল বিনিময় পরিশ্রুত জল দ্বারাই করা উচিত।
- প্রয়োজন মতো খাবার (ফিড) দিন। চেক ট্রে দ্বারা নিয়মিত ফিডের ব্যবহার নিরীক্ষণ করুন। প্রয়োজনের চেয়ে কম অথবা প্রয়োজনের অতিরিক্ত খাবার দেবেন না। শুকনো জায়গায় ফিড এবং ফিডের উপাদান সংরক্ষণ করুন। ভিজা স্যাঁতসেঁতে জায়গায় খাবার সংরক্ষণ করলে সেই খাবার ছত্রাক দ্বারা সংক্রমিত হতে পারে এবং তার জন্য আফলাটক্সিকোসিসের মতো ভয়ংকর রোগ হতে পারে।
- পুকুরের জলের গভীরতা: জলের গভীরতা অন্তত ১২৫ সেন্টিমিটার হওয়া দরকার (ভেনামির জন্য ১৫০ সেন্টিমিটার)। জলের গভীরতা কম হলে চিংড়ির স্ট্রেস হয় এবং এর ফলে রোগের সম্ভাবনাও বেড়ে যায়।
- পুকুরে জল ঢোকানোর এবং বার করার আলাদা যায়গা থাকা উচিত।
- যদি সম্ভব হয়, একটা পুকুরকে রিজর্ভার হিসাবে রাখুন। খামারের আয়তন যদি ২ হেক্টরের বেশী হয়, তাহলে রিজর্ভার পুকুর রাখা বাধ্যতামূলক। ছোটো আকারের খামারের চাষীরা অনেকজন মিলে একটি অভিন্ন রিজর্ভার বানাতে পারেন।

- রোগ জীবাণুর বাহকের প্রবেশ আটকানোর জন্য, পুকুরে জল ঢোকানোর সময় জাল দ্বারা ফিল্টার করে ঢোকানো উচিত। আদর্শভাবে, খামারে রিজর্ভার পুকুরে পরিশ্রুত জল সঞ্চয় করে রাখা উচিত যাতে জরুরি অবস্থায় ব্যবহার করা যায়।
- সঠিক পদ্ধতিতে অসুস্থ ও মৃত চিংড়ি গুলিকে পরিত্যাগ (dispose) করা উচিত। মৃত চিংড়িগুলির ওপর চুন ও ব্লিচিং প্রয়োগ করুন এবং পুকুর থেকে বেশ কিছুটা দুরে মাটির নীচে পুঁতে দিন।
- প্রতিটি পুকুরের জন্য আলাদা জাল এবং অন্যান্য সরঞ্জামাদি ব্যবহার করুন।
- খামারে উৎপন্ন বর্জ্য পদার্থের সঠিক ব্যবস্থাপনার জন্য একটি ট্রিটমেন্ট প্ল্যান্ট থাকা দরকার। পাঁচ হেক্টরের বেশী আয়তনের খামারের জন্য এই ট্রিটমেন্ট প্ল্যান্ট থাকা বাধ্যতামূলক।
- খামারের কর্মীরা যাতে ভালো স্বাস্থ্যবিধি এবং স্যানিটারি পদ্ধতি মেনে চলে সেদিকে বিশেষ নজর দেওয়া উচিত।

নোনা ট্যাংরা চাষের নতুন অভিমুখ ঃ মিশ্রচাষ ও ইন্টেগ্রেটেড মাল্টিট্রফিক অ্যাকোয়াকালচার (IMTA)

সি. পি. বালাসুব্রামানিয়ান, প্রেম কুমার ও কে. কে. বিজয়ন

১৯৮০ এর মাঝামাঝিতে পৃথিবীতে ৮.৫ কোটি টন খাবার মাছ উৎপাদন হয়েছিল ও এই উৎপাদন ১৯৯০-এর মাঝামাঝি পর্যন্ত একই রকম ছিল। সারা পৃথিবীর মাছ চাষে উৎপাদন ১৬ কোটি টন হয়ে গেছে। এ্যাকোয়াকালচার সবথেকে দ্রুত বৃদ্ধিপ্রাপ্ত একটি বিভাগ। নোনা জলের চাষের মধ্যে চিংড়ি চাষ সবথেকে উল্লেখযোগ্য। গত ৩০ বছর চিংড়ি চাষ খুব বেড়ে গেছে। আগে নোনা জলের মাছ ও চিংড়ি দেশী ও বিদেশী উচ্চশ্রেণীর মানুষের কদরের জন্য ভাবা হতো এবং গরীব শ্রেণীর আওতার বাইরে ছিল। গরীবদের জন্য সস্তাতে পুষ্টিকর মাছ উৎপাদন করা খুব জরুরী। যদিও মাছ চাষ পুষ্টিকর খাবার জন্য যোগান দেওয়ার একটা খাদ্যকেন্দ্রিক ব্যবসা। নোনাজলের চাষকে ঠিকভাবে করতে হলে এই তিনটে জিনিসের কথা মাথায় রাখতে হবে (১) সমাজের প্রয়োজনীয়তা, (২) লাভজনক পদ্ধতি, (৩) পরিবেশ বান্ধব। এই লক্ষ্যগুলো অর্জন করতে হলে সস্তায় পুষ্টিকর মাছ উৎপাদন প্রয়োজন। চিংড়ি, কাঁকড়া, ঝিনুক জাতীয় প্রাণী ও অন্যান্য মাছের বিভিন্ন চাষ পদ্ধতি অনুসরণ করা প্রয়োজন। আর্থিক ও পরিবেশের চিরস্থায়ী পদ্ধতি হিসাবে মিশ্রচাষ ও ইন্টেগ্রেটেড মাল্টি-ট্রফিক অ্যাকোয়াকালচার (IMTA) খুব উপযোগী। নোনা জলের চাষে মাছের প্রজাতির বৈচিত্র্য খুব প্রয়োজন। আঞ্চলিকভাবে প্রাপ্য প্রজাতি যেটি নিম্ন আয়ের মানুষ সহজেই কিনতে পারবে এমন প্রজাতির মাছ চাষ করে জীবিকা ও পুষ্টির চাহিদা মেটানো সম্ভব। সমুদ্র উপকূলবর্তী অঞ্চলে নোনা ট্যাংরা পাওয়া যায়। এটা পশ্চিমবঙ্গের উপকূল অঞ্চলের মাছ চাষের একটা গুরুত্বপূর্ণ উৎপাদন। এর উৎপাদন গত ৪০ বছরের অনেকটা কমে গেছে। তাই এই মাছের উৎপাদন বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কা আছে। এটা সুস্বাদু আর পুষ্টিকর, তাই এর উৎপাদন বৃদ্ধি করা জরুরী। এই মাছের সাথে চিংড়ি, কাঁকড়া একত্রিতভাবে চাষ করা যায়।

মিশ্রচাষ

দু ধরনের মিশ্রচাষ করা সম্ভব- পুকুরে মিশ্রচাষ এবং পুকুরে খাঁচাসহ মিশ্রচাষ। পুকুরে মিশ্রচাষে বিভিন্ন প্রজাতির মাছ ও চিংড়ি ছেড়ে করা হয়। নোনা ট্যাংরা ৮, ১৯ ও ১৬/বর্গ.মি. হারে পুকুরে ছেড়ে অন্যান্য মাছের সঙ্গে মিশ্রচাষ করা যায়। পুকুরে খাঁচাসহ চাষে অতিরিক্ত ব্যবস্থা হিসাবে খাঁচায় ০.৫ টি কাঁকড়া/বর্গ মিটারে ছেড়ে চাষ করা হয়।

চাষ পদ্ধতি

খামারের নক্সা পরিকল্পনা ঃ আয়তাকার পুকুর ০.১-১ হেক্টর, চিংড়ি পুকুরকে সহজেই মিশ্রচাষের পুকুরে পরিণত করা যায়। কাঁকড়ার জন্য জলের লবণাক্ততা ১০-৩৪ পিপিটি উপযুক্ত। পুকুরের জলের গভীরতা কমপক্ষে ১ মিটার, সঙ্গে চারদিক কমপক্ষে ৫০ সেমি উচু নেটের বেড়া দিয়ে ঘিরে দিতে হবে। নেটটির নিচের দিক কমপক্ষে ১০ সেমি মাটিতে পুতে দিতে হবে।

পুকুর প্রস্তুতি ঃ চিংড়ি চাষের মত করে সঠিক পদক্ষেপ নিয়ে পুকুর প্রস্তুত করতে হবে। পুকুর শুকিয়ে ১ সপ্তাহ ফেলে রাখতে হবে অথবা জলনিকাশী ব্যবস্থা নেই এমন পুকুরে জৈব কীটনাশক ব্যবহার করে জলশোধন করে নিতে হবে। চুন ও সার প্রয়োগ করে পুকুর তৈরী করে নিতে হবে।

চারা স্থানান্তরণ ও মজুতকরণ ঃ একমাস বয়সী চারা তৈরী পুকুরে ছাড়া হয়। ছোট কাঁকড়া (২৫-৫০ গ্রাম) সংগ্রহ করে খাঁচায় ছাড়া হয়।

মাছের পুষ্টি ও খাদ্য প্রদান ঃ CIBA দ্বারা তৈরী নোনা ট্যাংরার খাদ্য দেহের ওজনের ৫-৬% হারে দেওয়া হয়। কাঁকড়ার খাবার হিসাবে মরা মাছ (২৫%) ও টাটকা ঝিনুক বা চিংড়ির মাংস (৭৫%) মিশিয়ে দেওয়া হয়। প্রতি ১৫ দিন অন্তর ৫% হারে খাবার কমাতে হবে।

১ হেক্টর পুকুরে দুমাস বয়সী ৫০০০ কাঁকড়ার জন্য খাদ্যের হিসাব করার উদাহরণ

কাঁকড়ার ওজন (গ্রাম)	৫০
বাঁচন হার (%)	৮০
মোট কাঁকড়ার সংখ্যা	৫০০০ × ৮০% = ৪০০০০
মোট দেহের ওজন	৪০০০০ × ৫০ = ২০০০০ গ্রা বা ২০০ কেজি
খাদ্যের হার (%)	৯০
মোট খাদ্যের পরিমাণ	২০০ × ৯০% = ১৮০ কেজি

জলের গুণাবলী ঃ জলের গভীরতা কমপক্ষে ৮০-১০০ সেমি। নিয়মিত জল পরিবর্তন করতে হবে জোয়ারের সময়, প্রথম মাসে ৪০%, দ্বিতীয় মাসে ৫০% ও তৃতীয় মাস থেকে ৬০% হারে। জলের গুণমান হবে নোনাজলের চাষের উপযোগী।

আহরণ ও আহরণের পর ব্যবস্থাপণা ঃ মাছ ও কাঁকড়া চাষের সময়কাল ৫-৬ মাস। কাঁকড়ার আকার ২৫০ গ্রামের হলেই বিক্রি করা যায় যেটা হতে ২-৩ মাস সময় লাগতে পারে। জোয়ারের জল বের করার সময় কাঁকড়া স্লুইস গেটে এসে জড়ো হলে হাতজাল দিয়ে ধরে নেওয়া হয়। সম্পূর্ণ কাঁকড়া ধরতে হলে পুকুর শুকিয়ে হাত দিয়ে ধরতে হয়। পায়ের বড় দাঁড়াগুলো সুতো দিয়ে বেঁধে জীবন্ত অবস্থায় বাজারজাত করা হয়।

ইন্টেগ্রেটেড মাল্টিট্রফিক অ্যাকোয়াকালচার (IMTA)

আই.এম.টি.এ. এমন একটি চাষ পদ্ধতি যেখানে মূল খাদ্য খাওয়া প্রজাতি (খোলস যুক্ত মাছ অথবা নিরামিষাশী মাছ)-র সঙ্গে জৈব বস্তু এবং অজৈব বস্তু শোষণকারী প্রজাতি নির্দিষ্ট অনুপাতে একসাথে চাষ করা হয় প্রক্রিয়াটিকে পরিবেশ বান্ধব, আর্থিকভাবে লাভজনক এবং সামাজিকভাবে গ্রহণযোগ্য করার জন্য। আই.এম.টি.এ. বিভিন্নভাবে করা যেতে পারে। এটি বদ্ধ জমিতে, উন্মুক্ত জলে, আধা লবণাক্ত বা সামুদ্রিক পরিবেশে করা যেতে পারে। এই প্রক্রিয়ায় উচ্চ ঘনত্বের মাছ চাষে উৎপন্ন অতিরিক্ত জৈব এবং অজৈব বস্তুকে অন্যান্য বিক্রয়যোগ্য প্রজাতির দ্বারা ব্যবহার করা হয় এবং এক্ষেত্রে খাদ্য স্তরের বিভিন্ন অবস্থানের প্রজাতিগুলিকে ব্যবহার করা হয়। এছাড়াও এটি মাছ চাষে 'ইকোসিস্টেম অ্যাপ্রোচ' ব্যবহারকে সুনিশ্চিত করে যা সর্বপ্রথম এফ.এ.ও. দ্বারা প্রস্তাবিত হয়। কিছু ক্ষেত্রে আই.এম.টি.এ. বোঝাতে অতি সরলীকৃত ভাবে ইন্টিগ্রেটেড আকোয়াকালচার বলা হয়, যদিও এটি সম্পূর্ণভাবে আলাদা। এর প্রধান উদ্দেশ্য হলো দীর্ঘমেয়াদী এবং নিরবচ্ছিন্নভাবে চাষ করার প্রক্রিয়া প্রতিষ্ঠা করা যেখানে একটি প্রজাতির বর্জ্য পদার্থকে ব্যবহার করে অন্য বিক্রয়যোগ্য প্রজাতির খাদ্য এবং শক্তির উৎসরূপে ব্যবহার করে আর্থিক লাভ আহরণ করা হয় । এই প্রক্রিয়ার আর্থিক লাভ এবং পরিবেশের বিষয়টি অনুধাবণ করে একথা বলা যায় যে, উপকূলবর্তী এবং সামুদ্রিক মাছ চাষের সকল অংশীদারগণকে এটি গ্রহণ করতে উৎসাহ প্রদান করা উচিত।

নোনা ট্যাংরা, কাঁকড়া, ঝিনুক ও মাছের সঙ্গে চাষ করা যায়। পশ্চিমবঙ্গে খাঁড়ি অঞ্চলের ঝিনুক, *ক্রাসোস্ট্রিয়া কুটোকেনসিস্* ১৫০০/হেক্টর হারে জল পরিশ্রুত করার জন্য ব্যবহার করা যেতে পারে। মিশ্রচাষ ও IMTA হল নোনাজলের চিরস্থায়ী চাষের কৌশল। IMTA পদ্ধতিতে পুষ্টির সম্পূর্ণ পূণর্ব্যবহার হয় এবং এটি ঠিক প্রাকৃতিক বাস্তুতন্ত্রের অনুকরণ।

অধিক ঘনত্বে রিসার্কুলেটরি অ্যাকুয়াকালচার ও খাঁচায় ক্যাট ফিসের চাষ

প্রেম কুমার

রিসার্কুলেটরি অ্যাকুয়াকালচার সিস্টেম (RAS) মাছ চাষের একটি অভিনব ব্যবস্থা। এই সিস্টেমে মাছ উচ্চ ঘনত্বে ইন্ডোর ট্যাংকের নিয়ন্ত্রিত পরিবেশে প্রতিপালন করা যায়। এই রিসার্কুলেটরি সিস্টেমে ব্যবহৃত জল পরিশ্রুত করে পুণরায় ব্যবহার করা হয়। উপচে পড়া এবং বাষ্পিভবনের ফলে ট্যাংকের জলের পরিমাণ কমে যায় তাই নতুন করে ট্যাংকে জল দেওয়া হয়।

RAS-র সুবিধা ঃ

১। নিবিড় চাষ ঃ

ট্যাংকে ইন্ডোর সিস্টেম মাছ উৎপাদনে বিপ্লব আনতে পারে, যেভাবে শুয়োর ও মুরগী পালন শিল্পে প্রভূত উন্নতি হয়েছে। কম ঘনত্বে উন্মুক্ত বড় পুকুরে মাছ চাষ বিভিন্ন রোগ, পরজীবী, ছোট মাছকে বড় মাছ খেয়ে ফেলা, দূষণ এবং ঋতুভিত্তিক স্বল্প বৃদ্ধির সমস্যা থেকে মুক্তি পেতে এটি একটি চমৎকার বিকল্প ব্যবস্থা।

২। জল ও জমি সংরক্ষণ ঃ

RAS জল ও জমি উভয়কেই সংরক্ষিত করে। ছোট জায়গায় এই ব্যবস্থায় মাছের সর্বাধিক উৎপাদন করা যায়। RAS-এ জল পূনর্ব্যবহার হওয়ার ফলে পুকুরে মাছ চাষের যে জল লাগে তার ২০% হলেই চলে। এই ব্যবস্থায় জলের ব্যবহার, জলের গুণাগুন এবং বর্জ্য নিষ্কাশন সংক্রান্ত সমস্যাগুলি থেকে মুক্তি পাওয়া যায়। জলের ক্রমবর্ধমান চাহিদার প্ররিপ্রেক্ষিতে এই সুবিধাগুলির জন্য এই ব্যবস্থায় মাছ চাষ ক্রমশ জনপ্রিয় হচ্ছে।

৩। স্থান নির্বাচনের সুবিধা ঃ

যেসব এলাকায় স্থানাভাব রয়েছে এবং জল সহজে পাওয়া যায় না, সেই সব এলাকার জন্য এই ব্যবস্থা খুবই কার্যকরী, কারণ এই সিস্টেমে অল্প জল ও জায়গার দরকার হয়। যেখানে শীতল জলবায়ু এবং মাছের বার্ষিক বৃদ্ধি ও উৎপাদনের পরিমাণ কম সেই সব জায়গায় মূলত ভারতের উত্তরভাগে এই ইন্ডোর কালচার সিস্টেম (RAS) খুব কার্যকরী। ভৌগলিকভাবে অসুবিধাজনক স্থান যেখানে মাছের বৃদ্ধির উপযুক্ত সময় কম অথবা অতিরিক্ত শুষ্ক (মরুভূমি) অঞ্চল যেখানে মাছ চাষ স্বল্প লাভজনক এবং কম বার্ষিক উৎপাদন সেখানে RAS-এর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

৪। চাষের বিভিন্নতা ঃ

RAS-এ বর্তমানে ক্যাটফিস, ভেটকি, তেলাপিয়া, ক্রে ফিস, নীল কাঁকড়া, সামুদ্রিক ঝিনুক ও অ্যাকুরিয়ামে রাখা মাছেরা বৃদ্ধি পাচ্ছে। ইন্ডোর ফিস কালচার সিস্টেমে মনোকালচার ও পলিকালচার হয়। সাধারণত রিসার্কুলেটরি সিস্টেমে ঠান্ডা জলের প্রজাতি যেমন স্যালমন ও ট্রাউট প্রতিপালন করা উপযুক্ত নয়। চাষ ঘনত্ব ২০-৫০ টি/বর্গমিটার রাখা দরকার।

৫। সহজ আহরণ ঃ

আহরণের জন্য তুলনামূলকভাবে কম সংখ্যক লোক লাগে। RAS ট্যাংকের বাইরে আউটলেট ভাল্ব খুলে দিলে জল বেরিয়ে যায় তখন মাছ ধরে নেওয়া হয়।

RAS-র অসুবিধা ঃ

ক. একটি ব্যয় সাপেক্ষ ব্যবস্থা যেখানে ঘর, চৌবাচ্চা, জল সরবরাহ ব্যবস্থা, পাম্পিং, বায়ূসঞ্চালন, আলো, ইত্যাদি ব্যবস্থা করতে হয়।

খ. সফলভাবে এই জটিল ব্যবস্থা পরিচালনার জন্য দক্ষ পরিচালক এবং কর্মী দরকার।

গ. লাগাতার দেখাশোনা এবং দক্ষ প্রযুক্তিগত সহযোগিতার দরকার এটি পরিচালনা ও রক্ষণাবেক্ষনের জন্য।

ঘ. এটি একটি অতি ঝুঁকিপূর্ণ ব্যবস্থা যেখানে যান্ত্রিক ও বৈদ্যুতিক ব্যবস্থা ব্যর্থ হলে মাছ মরে যাওয়ার সম্ভবনা থাকে।

RAS এর ডিজাইন এবং নির্মাণ ঃ

RAS-এর গুরুত্বপূর্ণ উপাদানগুলি হল প্রধান ট্যাংক, অ্যান্টি ট্যাংক, ফিল্টার, অক্সিজেন ইনজেকশন এবং বায়ুসঞ্চালন, পাম্প, জল গরম করার ব্যবস্থা এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা।

১. ট্যাঙ্ক ঃ

গোলাকার বা ডিম্বাকার ট্যাংকের সাথে সেন্ট্রাল ড্রেন থাকলে জল পরিস্কার করতে বা ঘোরাতে সহজ হয়। রিয়ারিং ট্যাংকের আয়তন ১০-১০০ টন। ট্যাংকের আয়তন বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে যেমন চাষ ঘনত্ব, মাছের প্রজাতি, জল সরবরাহ, জলের গুণগতমান এবং আর্থিক অবস্থা। ট্যাংক ফাইবার রি-ইনফোর্সড প্লাস্টিক (FRP), কংক্রিট, প্লাস্টিক সিট ইত্যাদি অথবা অন্য কোন উপাদান দ্বারা তৈরী হতে পারে যা জল ধরে রাখা এবং মাছের পক্ষে ব্যবহার উপযোগী। হালকা ওজনযুক্ত টেকসই প্লাস্টিক ট্যাংক সবচেয়ে সুবিধাজনক যা সহজে সরানো এবং পরিষ্কার করা যায় তবে জলপূর্ণ অবস্থায় সরাতে গেলে বিশেষ সতর্কতা প্রয়োজন হয়। কংক্রিট ট্যাংক আর্থিকভাবে লাভজনক কিন্তু এটি একটি স্থির ও স্থায়ী নির্মাণ যা প্রয়োজনে সরানো যায় না। অবিষাক্ত প্লাস্টিক অথবা রাবারের তৈরী ট্যাংকও ব্যবহার করা হয়। অনেক চাষী কাঠের, কংক্রিটের, ধাতুর অথবা অন্য পদার্থে তৈরী ট্যাংক ব্যবহার করেন।

২. অ্যান্টি ট্যাঙ্ক ঃ

এই ট্যাংক RAS -র জন্য অত্যাবশ্যকীয় নয়, এটি প্রধান ট্যাংকের সরাসরি শাকশান প্রেসার থেকে এড়িয়ে চলার জন্য ব্যবহৃত হয়। অ্যান্টি ট্যাংক মেন ট্যাংকের উপর এবং নীচের সাথে সংযুক্ত। এই ট্যাংক থেকে জল পাম্প করে ফিল্টার সিস্টেমে দেওয়া হয়।

৩. ফিল্টার ব্যবস্থা ঃ

দুটি প্রধান জল দূষক যা জল থেকে বার করা দরকার সেগুলি হল মাছের বর্জ্য (বিষাক্ত অ্যামোনিয়াজাত পদার্থ) এবং মাছের অগৃহিত খাদ্যের কণা।

ক. প্রেসার স্যান্ড ফিলটার ঃ

এই সিস্টেমে কঠিন ও ভাসমান পদার্থসমূহ, যেমন অগৃহিত খাদ্যকণা ও মল জল থেকে সরিয়ে ফেলা হয়। এটি মাল্টিমিডিয়া দ্বারা তৈরী যা উলম্বভাবে, প্লাস্টিক বেরেলের ভিতর থাকে ফিল্টার মিডিয়ার প্রস্থ অনুযায়ী। এই ব্যবস্থার সাথে পাম্প ও ওয়াটার ফিল্টার যুক্ত থাকায় একে বলা হয় প্রেসার স্যান্ড ফিলটার।

খ. বায়োলজিক্যাল ফিল্টার ঃ

বায়োফিল্টার হল RAS -র মূল্য অঙ্গ। এটি একটি লাইভ মিডিয়া দ্বারা প্রস্তুত যেখানে ব্যাকটেরিয়ার বৃদ্ধি হয় যা অ্যামোনিয়াকে নির্বিষ করে দেয়। অ্যামোনিয়ার নির্বিষকরণ বায়োফিল্টারে নাইট্রিফিকেশন প্রক্রিয়ায় হয়। নাইট্রিফিকেশন প্রক্রিয়ায় ব্যাকটিরিয়ার দ্বারা অ্যামোনিয়া নাইট্রোজেন কম বিষাক্ত নাইট্রাস অক্সাইড এবং শেষে নাইট্রেট-এ পরিণত হয়। এই পদ্ধতির জন্য ব্যাকটিরিয়া যাতে সহজে বেড়ে উঠতে পারে তার জন্য ব্যাকটিরিয়া মাধ্যমের মধ্য দিয়ে প্রতিনিয়ত জলের প্রবাহ চালানো হয় এবং জলের তাপমাত্রা ও গুণাগুন বজায় রাখা হয়। দুই ধরণের বায়বীয় ব্যাকটিরিয়ার দরকার এই কার্যকলাপে। নাইট্রোসোমনাস ব্যাকটিরিয়া যা অ্যামোনিয়াকে নাইট্রাস অক্সাইডে পরিনত করে এবং নাইট্রোব্যাকটর যা নাইট্রাস অক্সাইডকে নাইট্রেটে পরিণত করে। নাইট্রিফিকেশন হল একটি বায়বীয় পদ্ধতি যেখানে অক্সিজেনের খুব দরকার। প্রত্যেক ১ মিলিগ্রাম অ্যামোনিয়া পরিবর্তীত হওয়ার জন্য ৫ মিলিগ্রাম অক্সিজেনকে গ্রহণ করে ফলে ৫ মিলিগ্রাম অক্সিজেনের যোগান থাকা দরকার এই পরিবর্তনে। নাইট্রিফিকেশন একটি অ্যাসিডিফাইং পদ্ধতি কিন্তু খুবই কার্যকর যখন জলের পি.এইচ. ৭-৮ ও তাপমাত্রা ২৭-২৮° সেন্টিগ্রেড থাকে। আল্লিক জল (পি.এইচ. ৬.৫ থেকে কম) নাইট্রিফিকেশানে বাধা সৃষ্টি করে এবং এই জল ব্যবহার না করাই ভালো।

গ. কার্টিজ ফিল্টার ঃ

কার্টিজ ফিল্টার একটি খুব সরল ও মডিউলার ফিল্টার যেটি একটি পাত্রের মধ্যে ঢোকানো থাকে এবং দানাদার কণাগুলিকে অপসারণ করতে ব্যবহার করা হয়। এই কার্টিজ ফিল্টার বিভিন্ন ধরণের উপাদানের দ্বারা গঠিত হতে পারে এবং কিছু ক্ষেত্রে পলিপ্রোপাইলিন দ্বারা নির্মিত। ফিল্টারগুলি বিভিন্ন মাপের কণা অপসারণের জন্য বিভিন্ন এবং ব্যবহারের ক্ষেত্রে ক্রমশ ছোট দানা অপসারণের জন্য বিভিন্ন ফিল্টার ব্যবহার করা হয়। একটি আদর্শ ফিল্টার ২০ মাইক্রন, ৫ মাইক্রন, ১ মাইক্রন কণা অপসারণের জন্য ক্রমপর্যায়ে ব্যবহার করা হয়। তবে বিশেষ ক্ষেত্রে অন্য প্রয়োজনীয়তা থাকতে পারে।

ঘ. ডিসইনফেকশান সিস্টেম ঃ

ইউ.ভি স্টেরিলাইজার অথবা যা ওজনাইজার স্থাপন করা হয় যাতে জলের মধ্য থেকে অবাঞ্ছিত ব্যাকটিরিয়া, অ্যালগি এবং জীবাণু গুলিকে দূর করা যায়। প্রয়োজনীয় ইউ.ভি স্টেরিলাইজার বা ওজনাইজার এর ক্ষমতা জলের পরিমাণ, প্রবাহমাত্রা ও গুণমানের উপর নির্ভর করে।

RAS -র মধ্যে আদর্শ জলের গুণমান ঃ

RAS -র মধ্যে দ্রবীভূত অক্সিজেন, তাপমাত্রা, পি.এইচ., অ্যালকালিনিটি, ভাসমান কঠিনকণা, অ্যামোনিয়া, নাইট্রাইট এবং কার্বন-ডাই অক্সাইডের মাত্রা খুবই গুরুত্বপূর্ণ। এই গুণাগুন একে অপরের সঙ্গে সম্পর্কযুক্ত এবং ভৌত, জৈবিক ও রাসায়নিক প্রভাব ফেলে। সঠিক ব্যবস্থাপনায় জলের গুণমান বজায় রাখলে সফলভাবে RAS পরিচালিত হয়।

RAS-এর জলের গুণমান

বৈশিষ্ট্য	আদর্শ মাত্রা	অনপোযুক্ত
DO	২-৮	<৪
CO_2	১০-১৫	>১৫
NH_3	০.০১	>০.০২৫
NO_2	০-০.৫	>০.৫
pH	৬.৫-৭.৭	<৬.০, >৮.৫

রিসার্কুলেশান রেট ঃ

একক সময়ে যে পরিমাণ জল পুনর্ব্যবহার হয় তাকে বলা হয় রিসার্কুলেশান রেট। এটি খুব সহজে অনুমান করা যায় ট্যাংকের জলের পরিমাণকে পাম্পের ক্ষমতা দিয়ে ভাগ করলে। বেশী পরিমাণ টার্নওভার মানে বেশী ফিলট্রেশান। সাধারণত, ১ ঘন্টায় ১ টা টার্নওভার RAS এর জন্য আদর্শ।

ব্যাকওয়াসিং ঃ

ফিল্টারের মধ্যে আটকে থাকা শক্ত কণাগুলিকে বিপরীতমুখী জলের স্রোত দ্বারা বার করে দেওয়ার পদ্ধতি কে বলে ব্যাকওয়াসিং ।

চাষ ঘনত্ব ঃ

RAS -র উৎপাদন ক্ষমতার মূল্যায়ণের ক্ষেত্রে, সর্বাধিক ধারণযোগ্য চাষ ঘনত্বে পরিচালনা করা হয়, যদিও এই সিস্টেমে সম্ভাব্য উৎপাদন ক্ষমতার পরিমাণ পরিমাপ করা মূল্যহীন। মাছের অতিরিক্ত ঘনত্বে খাদ্য বাড়িয়ে দিলেই যথেষ্ট। খেতে না পাওয়া মাছ কম পরিমাণ অক্সিজেন গ্রহন করে এবং কম বর্জ্য সৃষ্টি করে। অতএব, এই ব্যবস্থায় স্টকিং রেট (ফিস/ঘন মিটার) এমনভাবে নির্ধারণ করা হয় যাতে ব্যবস্থাটি ব্যবহৃত খাদ্যের বর্জ্য অপসারণ করে জলের উৎকর্ষতা বজায় রাখতে পারে। RAS -র সর্বাধিক ফিড রেট কেপাসিটি ব্যবস্থাটির জল পরিশোধণের ক্ষমতা, ডিজাইন, কোন ধরণের মাছ চাষ হচ্ছে এবং কোন ধরণের মাছের খাবার খাওয়ানো হচ্ছে তার উপর নির্ভরশীল।

ফেনার ভগ্নাংশকরণ (প্রোটিন স্কিমার) ঃ

অনেক সুক্ষ্ম ভাসমান শক্ত কণা এবং দ্রবীভূত জৈবকণা যেগুলি অতিনিবিড় রিসার্কুলেটরি সিস্টেমে উৎপন্ন হয় সেগুলোকে সাধারণ পদ্ধতিতে অপসারণ করা যায় না। এই কণাগুলিকে ফোম ফ্র্যাকসানেশন দ্বারা সরানো ও নিয়ন্ত্রিত করা যায়। এই পদ্ধতির মাধ্যমে বায়ু নল দিয়ে বদ্ধ জলের নীচে পাঠানো হয়, ফলে জলের মধ্যে ফেনা তৈরী হয় যা উপরিভাগে উঠে আসতে থাকে তৎসঙ্গে দ্রবীভূত জৈব কণাগুলি জলের ফেনার সঙ্গে ভাসতে থাকে, তখন ওইগুলিকে সরানো হয়। এই প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ বিষয় গুলি হলো ফেনার আকার এবং ফেনার সঙ্গে দ্রবীভূত জৈব পদার্থের সংযোগের সময়। ফেনার ভগ্নাংশকরণ নোনা জল ও মিঠা জলের পরিবেশে একটি কার্যকরী প্রক্রিয়া। নোনা জলে লবণাক্ততা বাড়ার সঙ্গে এর দক্ষতা বৃদ্ধি হয়। ফেনা ভগ্নাংশকরণ খুব সুদক্ষভাবে করা যায় যখন জলের লবনাক্ততা ১২ পিপিটি এবং তার বেশী হয়। কোন কোন সময় এটিকে বলা হয় প্রোটিন স্কিমার। ফেনা ভগ্মাংশকরনের একটি অতিরিক্ত সুবিধা হল জলের মধ্যে অক্সিজেন সংযোগ ঘটানো। দুর্ভাগ্যবশত এটি মিষ্টি জলে সবসময় ভালো কাজ নাও করতে পারে।

খাঁচায় চাষ ঃ

খাঁচায় চাষের ক্ষেত্রে জলাশয়ের সম্পূর্ন জল ব্যবহার হলেও মাছগুলি খাঁচায় আবদ্ধ থাকে ও ভিতর দিয়ে সহজে জল অবাধে চলাফেরা করতে পারে। উনবিংশ শতাব্দীর শেষের দিকে দক্ষিণ পূর্ব এশিয়ায় খাঁচায় মাছের চাষ শুরু হয় এবং ওই সময় খাঁচা তৈরীতে কাঠ বা বাঁশ ব্যবহার হতো এবং চাষ করা মাছকে ছোট কমদামী মাছ খাওয়ানো হতো।

সুবিধা ঃ

১. অনেক ধরণের জলাশয় যেমন হ্রদ, রিজার্ভার, পুকুর, ছোট জলাশয়, নদী ইত্যাদি ব্যবহার করা হয় যেখানে সহজে মাছ ধরা যায় না।
২. চাষের প্রাথমিক খরচ (পুঁজি) অনেক কম লাগে।
৩. মাছ আহরণ করা খুবই সহজ।
৪. দেখাশোনা, মাছের স্যাম্পেলিং করা খুবই সহজ।
৫. একই পুকুরে নির্দিষ্ট অংশ ব্যবহার করে খাঁচায় মাছ চাষ এবং পুকুরে অ্যনান্য মাছের চাষ করা যায়।
৬. মাছের দ্রুত গতির চলাফেরা কমে ফলে দ্রুত বৃদ্ধি করানো সম্ভব।

অসুবিধা ঃ

১. খাদ্য পুষ্টিগতভাবে সম্পূর্ণ হওয়া চাই এবং সঠিক সংরক্ষণ প্রয়োজন।
২. কম দ্রবীভূত অক্সিজেন সিন্ড্রোম বেশী দেখা যায়।
৩. রোগ হওয়ার প্রবণতা বেশী এবং রোগ তাড়াতাড়ি ছড়িয়ে পড়তে পারে।
৪. বর্বরতা বা চুরি বেশী হয়।

উপযুক্ত প্রজাতি এবং চাষ ঘনত্ব ঃ

মিঠা জল, আধানোনা জল, সামুদ্রিক জল ইত্যাদিতে খাঁচা ব্যবহার করে বিভিন্ন ধরণের খোলসযুক্ত প্রাণী ও মাছের চাষ করা হয়। খাদ্য হিসাবে ব্যবহৃত মাছের চাষ এবং ধানীপোনা থেকে চারাপোনা প্রতিপালন স্বাদু জলে খাঁচাতে করা হয়। খাঁচায় চাষযোগ্য তেলাপিয়া ভালো প্রজাতিগুলি হল- নাইলোটিকা, নীল তেলাপিয়া, ফ্লোরিডা লাল তেলাপিয়া, তাইওয়ান লাল তেলাপিয়া এবং এই প্রজাতিগুলির হাইব্রিড বা সংকর। মাছের প্রজাতি নির্বাচনের ক্ষেত্রে সহজলভ্যতা, বৃদ্ধি হার এবং কম তাপমাত্রা সহ্যের ক্ষমতা বিশেষ গুরুত্বপূর্ণ। খাঁচায় চাষের অন্য উপযুক্ত প্রজাতি হল ক্যাটফিস ও ভেটকি মাছ। চাষ ঘনত্ব নির্ভর করে মাছের প্রজাতি, খাঁচার আয়তন, জালের ছিদ্রের আকার, পুকুরের উপরিতলের আয়তন, এরেশানের প্রাপ্যতা এবং বিক্রয়যোগ্য ওজন। একটি পুকুরে এরেশন না দিলে উৎপাদন হয় ৫০০-১০০০ কেজি/হেক্টর, এরেশান দিলে মাছ উৎপাদন হয়

১০০০-২০০০ কেজি/হেক্টর। সাধারণত খাঁচায় মাছ উৎপাদন ২০-৪০ কেজি/ঘন মিটার। খাঁচার আয়তন সাধারণত ২০-৩০ ঘনমিটার হয়। খাঁচায় নেটের ছিদ্রের মাপ ১/২ ইঞ্চি হলে ৫ ইঞ্চ দৈর্ঘের চারা ছাড়া হয়। তেলাপিয়ার সঙ্গে চ্যানেল ক্যাটফিস চাষ করলে ক্যাটফিসের বৃদ্ধি ভালো হয় কারণ তারা ক্যাটফিসকে আরো বেশী খাদ্য খাওয়ার জন্য উদ্বুদ্ধ করে এবং খাওয়ার প্রবণতা বাড়ায়। মিশ্রচাষে তেলাপিয়া ১-৩ টি/ঘনমিটার এবং সঙ্গে ক্যাটফিস ১০ টি ছাড়া হয়। খাঁচার মাপ অনুযায়ী মাছের চাষ ঘনত্ব নিচে দেওয়া হল।

১.২×১.২×১.২ মি (চাষ ঘনত্ব ৩২০-৫০০); ২.৪×১.৪×১৪ মি (চাষ ঘনত্ব ৬৪০-১০০০); ২.৪×২.৪×১.২ মি (চাষ ঘনত্ব ১২৮০-২১০০০)

বৃদ্ধি ও রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর জন্য মাছ চাষে স্বাস্থ্যকর খাদ্যের ব্যবহার

লিজা প্রিয়দর্শনী

বিগত কয়েক দশক ধরে মৎস্য চাষ শিল্প দ্রুত বেড়ে চলেছে। এখনো পর্যন্ত মাছ চাষকে বিজ্ঞান থেকে শিল্পে সম্পূর্ণ পরিবর্তন অনেকটাই বাকি আছে। অন্যদিকে জলজ প্রাণী চাষের ক্ষেত্রে খাদ্য ও খাদ্য পরিচালনা একটি গুরুত্বপূর্ণ বিষয়। খাবারের দাম মাছ চাষের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ খরচ যা মোট খরচের ৩০-৬০%। মৎস্য চাষে কমখরচে ও পরিবেশের ক্ষতি না ব্যাপকভাবে মাছ উৎপাদনের জন্য সঠিক পুষ্টি ও চাহিদা পূরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। মৎস্যপুষ্টি বিদ্যা হল মৎস্য বিজ্ঞানের একটি বিভাগ যেখানে মাছের সঠিক স্বাস্থ্য, বৃদ্ধি এবং উৎপাদনের জন্য সঠিক পুষ্টি চাহিদা ও শক্তির উৎস্য সম্পর্কে অধ্যয়ন করা হয়।

মাছচাষে পুষ্টির প্রয়োজনীয়তা ঃ

মাছের পুষ্টির জন্য অ্যামাইনো অ্যাসিড, ফ্যাটি অ্যাসিড, ভিটামিন, খনিজ লবন এবং শক্তি প্রদানকারী মাইক্রোনিউট্রিয়েন্ট (প্রোটিন, লিপিড ও কাবোহাইড্রেট) খুব দরকারী। মাছের খাদ্যই সবরকমের পুষ্টি প্রদান করে এবং প্রয়োজনীয় শক্তি এবং দৈহিক চাহিদা পূরণ করে বৃদ্ধি পেতে সাহায্য করে।

শুড়যুক্ত (ক্যাটফিশ) মাছের পুষ্টি: প্রয়োজনীয় পুষ্টি উপাদান ঃ

প্রোটিন ও অ্যামাইনো অ্যাসিড ঃ

প্রোটিন ও অ্যামাইনো অ্যাসিড কিছু মাছের বিপাক ক্রিয়া নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং তার বৃদ্ধি, প্রজনন, রোগ প্রতিরোধ ও পরিবেশে অস্তিত্ব রক্ষায় সাহায্য করে। মাছের দেহের শুষ্ক ওজনের ৭০ ভাগ প্রোটিন থাকে। বাণিজ্যিকভাবে ব্যবহৃত শুড়যুক্ত মাছের খাদ্যে ২৮-৩২% প্রোটিন থাকে। খাদ্যে কম পরিমানে প্রোটিন থাকলে বৃদ্ধি হলেও দেহে চর্বির পরিমাণ বৃদ্ধি করে। শুড়যুক্ত মাছের ছোট ধানী ও চারা পোনার খাদ্যে প্রচুর পরিমাণে প্রোটিন প্রয়োজন। ধানীপোনার জন্য হ্যাচারীতে ব্যবহৃত খাদ্যে ৪৫-৫০% প্রোটিন থাকে এবং চারা পোনার খাদ্যে ৩৫% প্রোটিন এর প্রয়োজন হয়। শুড়যুক্ত মাছের খাদ্যে প্রোটিন এর উৎস্যগুলি হল সোয়াবিন গুঁড়ো, মাংস ও হাড়/রক্ত গুঁড়ো এবং মাছের গুঁড়ো।

লিপিড এবং পলি অ্যানস্যাচুরেটেড ফ্যাটি অ্যাসিড ঃ

লিপিড (চর্বি ও তেল) সহজ পাচ্য এবং কার্বোহাইড্রেট-এর প্রায় দ্বিগুন শক্তি উৎপন্ন করে। ইহা বিপাকে সাহায্য করে এবং প্রয়োজনীয় ফ্যাটি অ্যাসিড যোগান দেয়, ফ্যাটে দ্রবীভুত ভিটামিন শোষণের মত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। খাদ্যে লিপিড-এর পরিমাণ বাড়ালে তা খাদ্যগ্রহণের চাহিদা বৃদ্ধি করে। লিপিড দেহকোশে সঞ্চয়ের ফলে মাংসে সুগন্ধ সৃষ্টি হয়। লিপিড খুব কম পরিমাণে প্রয়োজনীয় ফ্যাটি অ্যাসিড সরবরাহ করে। শুঁড়যুক্ত মাছের খাদ্যে ০.৫-০.৭% ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিডের প্রয়োজন। শুঁড়যুক্ত মাছের খাদ্যে লিপিডের পরিমাণ থাকে শতকরা ৫-৬ ভাগ। শতকরা ৩-৪ ভাগ লিপিড সাধরণভাবে খাদ্য উপাদানে থাকে, বাকি শতকরা ১-২ ভাগ দানা খাদ্যের উপর ছড়িয়ে দেওয়া হয়। খাদ্যে লিপিড ব্যবহার করার ফলে তা শক্তি প্রদান করে এবং খাদ্য গুঁড়ো হয়ে নষ্ট হয়ে যাওয়ার হাত থেকে রক্ষা করে। প্রয়োজনীয় ফ্যাটি অ্যাসিডের সরবরাহ করা হয়ে থাকে সামুদ্রিক মাছের তেল থেকে। প্রাকৃতিক খাদ্য কণা, যেমন জুপ্লাংকটন প্রয়োজনীয় ফ্যাটি অ্যাসিডের উত্তম উৎস্য। বেশি পরিমাণে মাছের তেলের ব্যবহার আঁশটে গন্ধ সৃষ্টি করে।

কার্বোহাইড্রেট ঃ

কার্বোহাইড্রেট-এর ব্যবহার নির্ভর করে মাছের প্রজাতি, কি ধরণের কার্বোহাইড্রেট, তার আনবিক জটিলতা, তার প্রক্রিয়াকরণ এবং খাদ্যে অর্ন্তভূক্তির পরিমাণের উপর। তৃণভোজী এবং সর্বভূক মাছেদের তুলনায় মাংসাশী মাছেদের কম কার্বোহাইড্রেট প্রয়োজন। শুঁড়যুক্ত মাছেদের খাদ্যে শতকরা ২৫ ভাগ অথবা দ্রবীভূত কার্বোহাইড্রেট প্রয়োজন এবং শতকরা ৩-৬ শতাংশের বেশি অপরিপাকযোগ্য ফাইবার (প্রধান সেলুলোজ) থাকে। শুঁড়যুক্ত প্রজাতি ভালোভাবে এই ফাইবার যুক্ত খাদ্য

হজম করতে পারেনা, তাই যত সম্ভব তার পরিমাণ খাদ্যে কম রাখা উচিত। বাণিজ্যিকভাবে ব্যবহৃত শুঁড়যুক্ত মাছের খাদ্যে শতকরা ৫ ভাগের কম অপরিপাকযোগ্য ফাইবার থাকে।

ভিটামিন ঃ

ভিটামিন দেহ গঠণ ও বিপাক ক্রিয়ায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। খুব কম পরিমাণে ভিটামিনের খাদ্যে উপস্থিতিতে বৃদ্ধি, স্বাস্থ্য ও প্রজননে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। কিছু ভিটামিন দেহে তৈরী হয় যা খাদ্যের সাথে যোগান দেওয়ার প্রয়োজন হয় না। মাছ চাষের ক্ষেত্রে ভিটামিনের অভাব একটি সাধারণ ঘটনা কারণ তাদের সঠিক পরিমাণে খাদ্যে পাওয়া যায় না অথবা তাদের অন্যান্য পদার্থের সঙ্গে বিক্রিয়া ঘটে ব্যবহারযোগ্য অবস্থায় থাকে না। কিছু কিছু ভিটামিন, যেমন C ও E অ্যান্টিঅক্সিডেন্ট হিসাবে কাজ করে ও রোগ প্রতিরোধক ক্ষমতা বাড়ায়।

খনিজ লবন ঃ

অন্যান্য প্রাণীদের মত বিপাক ক্রিয়া ও হাড়ের পরিপূর্ণতা লাভের জন্য শুঁড়যুক্ত মাছের ক্ষেত্রেও খনিজ লবন প্রয়োজন। দেহরস এবং পরিবেশের সঙ্গে সামঞ্জস্য রক্ষায় খনিজ লবন বিশেষ ভূমিকা গ্রহণ করে। ক্যাটফিশ খনিজ লবন জল থেকে সংগ্রহ করে। শুঁড়যুক্ত মাছের প্রজাতির ক্ষেত্রে ১৪ টি খনিজ লবন গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে (ফসফরাস, ক্যালসিয়াম, ম্যাগনেশিয়াম, সোডিয়াম, ক্লোরিন, পটাশিয়াম, জিঙ্ক, সেলিনিয়াম, ম্যাঙ্গানিজ, লোহা, তামা, কোবাল্ট ইত্যাদি)। সেলিনিয়াম ও ভিটামিন E উচ্চশক্তিসম্পন্ন সুপার অক্সাইড আয়ন তৈরী করে মাইক্রোফেজের দ্বারা। খাদ্যে সেলিনিয়াম বৃদ্ধি ও ছোট মাছের প্রতিরোধক্ষমতা বৃদ্ধি করে, অ্যান্টিবডি তৈরী করে। অনেক তথ্য থেকে জানা যায় যে, খনিজ লবন মাছের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে।

মাছের পুষ্টির প্রাপ্যতার অসুবিধা ঃ

- যথাযথ খাদ্যের অভাব।
- লাইভ ফিডের মধ্যে পুষ্টি পরিমাণ নিয়ন্ত্রন করা কঠিন, কারণ ঐ প্রাণীর নিজস্ব বিপাক ক্রিয়ায় পুষ্টির মাত্রা পরিবর্তিত হয়।
- বাণিজ্যিকভাবে প্রস্তুত করা খাদ্যে প্রযুক্তিগত কারণে পুষ্টি উৎপাদনের বেরিয়ে যাওয়া ও মাছের কম হজম করার ক্ষমতা।
- উত্তম বৃদ্ধি ও বাঁচার জন্য লার্ভার খাদ্য হিসাবে রটিফার ও আর্টেমিয়াকে মাইক্রো ডায়েট দিয়ে সম্পূর্ণভাবে প্রতিস্থাপন করা যায়নি।

অন্যান্য জিনিসের তুলনায় লাইভ ফিডের পুষ্টিমূল্য ও হজম হওয়ার ক্ষমতা অনেক বেশি। হাইলি আন্‌স্যাচুরেটেড ফ্যাটি অ্যাসিড খাদ্যকণায় খুব কম পরিমাণে থাকে বা একদম থাকে না বললেই চলে। বিকল্প খাদ্য ব্যবহার করা হয় যখন জীবন্ত সবুজ খাদ্যকনার মজুত যথেষ্ট পরিমানে থাকে না। মৃত শুকানো শ্যাওলা ও শ্যাওলার পেস্ট ৫০% জীবন্ত শ্যাওলার পরিমাণের বদলি হিসাবে ব্যবহৃত হতে পারে।

লাইভ ফিডের পুষ্টির মানোন্নয়ণ ঃ

বিভিন্ন লার্ভার ক্ষেত্রে মাইক্রোঅ্যালগি থেকে পাওয়া পলিআনসাচুরেটেড ফ্যাটি অ্যাসিড (PUFA) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বেশিরভাগ জুপ্লাংকটন, আর্টেমিয়া ও রটিফার এর মধ্যে PUFA-র অভাব থাকে। তাই মাছের হ্যাচারিতে গ্রীণ ওয়াটারের সঙ্গে রটিফার ও আর্টেমিয়াকে খাদ্য হিসাবে ব্যবহার করা হয়। তাই মাছ ও চিংড়ির লার্ভার জন্য লাইভ ফিডের পুষ্টিকর মন্নোনয়ণ করা হয়। বর্তমানে ‘‘বায়োএনক্যাপসুলেশান’’ ও ‘‘এনরিচমেন্ট’’ খুব সাধারণ পদ্ধতি যার মাধ্যমে মাছের হ্যাচারিতে লার্ভার জন্য লাইভ ফিডের পুষ্টির মান বাড়ানো হয়।

উপসংহার ঃ

মাছচাষ শিল্পে মাছের পুষ্টিবিদ্যার এক গুরুত্বপূর্ণ অবদান আছে। ভবিষ্যতে নিরাপদ পুষ্টিকর খাবার সরবরাহ যা পরিবেশ সহায়ক জীবনের চাবিকাঠি হবে তার জন্য মাছচাষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ভবিষ্যতে জৈব প্রযুক্তির ব্যবহার ছাড়া সাফল্যলাভ অসম্ভব হয়ে উঠবে। বিজ্ঞানীগণ নতুন নতুন প্রযুক্তির দ্বারা আমাদের সমাজের উন্নতি সাধনের প্রয়াস চালিয়ে যাচ্ছে। পুষ্টিকর নিরাপদ খাদ্য প্রস্তুতির সঙ্গে সামঞ্জস্য রেখে পরিবেশ সহনশীল এরূপ উন্নত খাদ্য উৎপাদন করবে এবং তারা চেষ্টা করেন যত কম প্রাকৃতিক উৎস্য ব্যবহার করে সমাজের বেশি বেশি উন্নতি যায়। খাদ্য তৈরিতে অবশ্যই একটি যুক্তিসংগত সহজ নিয়ম থাকবে এবং যতবেশি সম্ভব বিকল্প খাদ্য উপাদান যা কমদামে পাওয়া যায় তা ব্যবহার করে বাণিজ্যিকভাবে সফল মাছ চাষ সম্ভব হবে।

তৈরি করা খাবার দিয়ে ইলিশ মাছের একক এবং মিশ্র চাষ

দেবাশিষ দে, টি. শিবরামাকৃষ্ণন, কে.পি. সন্দিপ, কে.পি. কুমারাগুরুভাসাগাম,
জে. শ্যামদয়াল, কে. আম্বাসঙ্কর

ভুমিকা

মাছ চাষে খাবার হল একটি প্রধান উপাদান। পুষ্টিগতভাবে পরিপূরক খাদ্য তৈরির জন্য নির্দিষ্ট প্রজাতির পৌষ্টিক চাহিদা, উপযুক্ত খাদ্য উপাদান নির্বাচন, খাদ্যের ফর্মুলা ও খাদ্য তৈরীর পদ্ধতির সঠিক জ্ঞান থাকা প্রয়োজন যাতে পুষ্টিগুণসম্পন্ন এবং জলে স্থায়ী হয় এমন খাবার তৈরি করা যায়। মাছ চাষের প্রকারভেদ অনুসারে বিভিন্ন রকমের খাদ্য ব্যবহার করা হয়। যেখানে চিরাচরিত মাছ চাষে কোন খাদ্য ব্যবহার করা হয় না অথচ আধানিবিড় বা নিবিড় পদ্ধতির মাছ চাষে পরিপূরক এবং পুষ্টিগুণসম্পন্ন খাবার প্রয়োজন হয়।

মাছসহ অন্যান্য সমস্ত প্রাণীদের প্রয়োজনীয় শক্তি (এনার্জি) চাহিদা পূরণের জন্য খাদ্যের প্রয়োজন এবং এই শক্তি ব্যবহার করে তারা তাদের প্রয়োজনীয় চলাফেলা ও অন্যান্য কার্যকলাপ, যেমন বৃদ্ধি ও বংশবিস্তার করতে পারে। যেহেতু মাছ শীতল রক্ত (কোল্ড ব্লাডেড) যুক্ত প্রাণী, তাই তাদের শরীরের তাপমাত্রা জলের তাপমাত্রার সঙ্গে ওঠানামা করে এবং শরীরের তাপমাত্রা বজায় রাখার জন্য কোন রকম শক্তি খরচ করতে হয় না এবং সেই জন্য অন্য প্রাণীর চেয়ে মাছ তাদের খাবার বেশি ভালোভাবে ব্যবহার করতে পারে। বিভিন্ন মাছের পুষ্টি চাহিদার পরিমাণ ও গুনাগুন আলাদা হয় এবং ওই মাছের প্রকৃতি, খাদ্যাভাস, মাছের আকার, পরিবেশ এবং প্রজনন অবস্থার উপর নির্ভরশীল।

মাছের খাবারে পর্যাপ্ত শক্তি কেবলমাত্র শরীর রক্ষণাবেক্ষণের জন্য নয় যা বেসাল মেটাবলিক ক্রিয়া বলা হয়, কিন্তু ইহা মাছের সামগ্রিক বৃদ্ধিতে সাহায্য করে। প্রাকৃতিক পরিবেশে মাছ অনেক ধরণের খাদ্য পেতে পারে যা তাদের সুস্বাস্থ্য ও বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উপাদান যোগান দেয়। যখন তাদের পুকুরে চাষ করা হয় অবশ্যই সঠিক পুষ্টিকর খাবার খাওয়াতে হবে এই কারণে প্রত্যেক প্রজাতির পুষ্টির চাহিদা জানা খুব প্রয়োজন।

ইলিশ মাছের পুষ্টির চাহিদা

মাছের শক্তি এবং অত্যাবশ্যকীয় পুষ্টির দরকার তার শরীরের রক্ষণাবেক্ষণ সাধারণ বিপাকীয় কার্যকলাপ এবং বৃদ্ধি ঘটানোর জন্য। মাছ পুকুরে প্রাকৃতিক খাদ্য গ্রহণ করে তার শক্তি ও পুষ্টির অভাব মেটায়। চাষীর দেওয়া খাদ্য থেকেও অথবা উভয় প্রকার খাদ্য থেকে চাহিদা পূরণ করে থাকে। মাছের খাদ্য চাহিদা মাছের পরিমাণ এবং গুণগত মান যেমন খাদ্যাভাস, পরিপাকতন্ত্রের গঠণের, আকার ও অবস্থার উপর নির্ভরশীল। খাদ্যের প্রয়োজনীতা পরিবেশগত কারণ যেমন তাপমাত্রা এবং কি পরিমাণ কি ধরনের খাদ্য প্রকৃতিতে মুজুতের উপর নির্ভরশীল।

খাদ্যর মূল উপাদান গুলি হল জল, প্রোটিন, লিপিড, শর্করা, মিনারেল এবং ভিটামিন। এগুলোর মধ্যে প্রোটিন, লিপিড ও শর্করা হল ম্যাক্রোনিউট্রিয়েন্ট এবং মিনারেল ও ভিটামিন কে বলে মাইক্রোনিউট্রিয়েন্ট। প্রোটিন অ্যামাইনো অ্যাসিড দ্বারা গঠিত। ১০ প্রকার অ্যামাইনো অ্যাসিড মাছের শরীরে পর্যাপ্তভাবে উৎপাদিত হয় না কিন্তু এগুলির খাদ্যের সরবরাহ সর্বাধিক বৃদ্ধি ও বিকাশের জন্য বিশেষ ভাবে প্রয়োজন, এগুলিকে অত্যাবশ্যকীয় (এসেনসিয়াল) অ্যামাইনো অ্যাসিড বলে। অন্যান্য প্রয়োজনীয় অ্যামাইনো অ্যাসিড এই অত্যাবশ্যকীয় অ্যামাইনো অ্যাসিড থেকে তৈরি হতে পারে। প্রত্যেক মাছের অ্যামাইনো অ্যাসিডের চাহিদা তাদের প্রজাতি এবং জীবদ্দশার উপর নির্ভরশীল। লিপিড মাছের আহারে খুব গুরুত্বপূর্ণ এবং শক্তি সরবরাহের জন্য প্রয়োজন। শক্তির উৎস্য হিসাবে অত্যাবশ্যকীয় হল ফ্যাটি অ্যাসিড, স্টেরল, ফসফোলিপিড, মাছের তেল ও সয়াবিন তেল মাছের খাদ্য তৈরিতে লিপিডের উৎস্য হিসাবে গণ্য হয়।

লিপিড যা ফ্যাটি অ্যাসিড দ্বারা গঠিত এবং এটি খাদ্যের জন্য অপরিহার্য্য। কার্বোহাইড্রেট বা শর্করা হল ফাইবার তন্তু, স্টার্চ এবং সুগার। এগুলি শক্তির অত্যাবশ্যক উৎস্য হিসাবে বিবেচনা করা হয় না ঠিক, কিন্তু এগুলো শক্তির উৎস্য হিসাবে বিবেচনা করা হয় যা খাদ্যের গুনাগুন কে অতি মাত্রায় প্রভাবিত করে। সাধারণত, শর্করা শক্তি যোগানোর সস্তার উৎস্য যদিও বিভিন্ন মাছের শর্করা ব্যবহার ক্ষমতা বিভিন্ন হয়। শর্করা খাদ্যকণাকে বাঁ তে সাহায্য করে।

ইলিশ মাছের পুষ্টি চাহিদা

শক্তি (কিলোক্যালরি/কেজি)	৪০০০-৪৫০০
প্রোটিন (%)	৩৫-৪০
লিপিড (%)	১২

মিনারেল বা খনিজ লবণ মাছের হাড়ের গঠণের জন্য খুব গুরুত্বপূর্ণ তাছাড়া অন্যান্য বিপাকীয় কার্যে খুব গুরুত্বপূর্ণ। খনিজ লবণের মধ্যে অ্যাস (ছাই) অংশটি খাদ্যের মধ্যে অজৈব উপাদান হিসাবে কাজ করে।

ভিটামিন হলো একটি জটিল জৈব যৌগ, যা খুব অল্প পরিমাণে প্রয়োজন এবং মাছের বৃদ্ধি জনন, স্বভাবিক বিপাকীয় ক্রিয়াকলাপে সাহায্য করে। খাদ্যে সঠিক পরিমাণ ভিটামিন না থাকলে মাছ বিভিন্ন ধরণের রোগে আক্রান্ত হয়। অনেক ভিটামিন এবং বিশেষ করে ভিটামিন সি তাপে, আলো ও জলীয়বাষ্প দ্বারা খুব সহজে নষ্ট হয়ে যায় যা মাছের ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ে।

ইলিশ মাছ প্রাথমিকভাবে শক্তির চাহিদা পূরণের জন্য খাবার খায়। প্রোটিনের তুলনায় যদি খাদ্যে খুব বেশি শক্তি থাকে তাহলে শক্তির চাহিদা পূরণ হয়ে গেলে মাছ আর খাবার খাবে না ও প্রোটিনের অভাব দেখা দেবে। খাদ্যে শক্তি ও প্রোটিনের অনুপাত বোঝা খুব গুরুত্বপূর্ণ। এই অনুপাত মাছের আকারের উপর প্রভাব বিস্তার করে। সাধারণত শক্তির থেকে প্রোটিনের অনুপাত বৃদ্ধির সঙ্গে সঙ্গে মাছের ওজন বাড়তে থাকে। পৌষ্টিক চাহিদা নির্ধারণ স্থানীয়ভাবে প্রাপ্ত উপাদানের সাহায্যে বিভিন্ন মাপের প্রোটিন ও ফ্যাটযুক্ত খাদ্য, ভাসা খাদ্য তৈরীর মেশিনের সাহায্যে তৈরি করা হয়। দেখা গেছে যে ইলিশ মাছের খাদ্যে ৩৫ শতাংশ প্রোটিন এবং ১২ শতাংশ লিপিড সর্বোত্তম।

জীবদ্দশার স্তর অনুযায়ী ইলিশের পছন্দের খাবার

ইনডেক্স অফ প্রিপনডারেন্স (%) এবং ফ্রিকুয়েন্সি অকারেন্স (%) অনুযায়ী, ৫ গ্রামের কম মাছের ক্ষেত্রে ইলিশের পাকস্থলীতে ডায়াটম বেশি পরিমাণে পাওয়া গেছে এবং ডায়াটমের (Diatom) মধ্যে কসিনোডিস্কাস (*Coscinodiscus* sp.) প্রজাতি সবচেয়ে বেশি। ৫-১০০ গ্রাম ওজনের মাছের ক্ষেত্রে কপিপোড (copepod), ডায়াটম (diatom) এবং ফিলামেন্টাস এলগি (filamentous algae) সব চেয়ে বেশী। ডায়াটম গ্রুপের মধ্যে কসিনোডিস্কাস এবং নিটজিয়া (*Nitzschia* sp.) হল মূল প্রজাতির ডায়াটম। ১০১ থেকে ২০০ গ্রাম মাছের ক্ষেত্রে, কসিনোডিস্কাস, বিধুলফিয়া (*Biddulphia* sp.), প্লিওরসিগমা (*Pleurosigma* sp.), ডায়াটমা (*Diatoma* sp.) এবং নিটজিয়া হল প্রধান ডায়াটম, ফিলামেন্ট এলগির মধ্যে ইউলোথ্রিক্স (*Ulothrix* sp.) হল মূল প্রজাতি। ২০১ থেকে ৪০০ গ্রাম মাছের ক্ষেত্রে, ডায়াটমের মধ্যে কসিনোডিস্কাস, নিটজিয়া, প্লিওরসিগমা, ডিপ্লোনেইজ রোবাসটাস (*Diploneis robustus*), বিধুলফিয়া প্রজাতি সবচেয়ে বেশি এবং ফিলামেন্ট এলগির মধ্যে স্পাইরোগাইরা (*Spyrogyra* sp.) ও ইউলোথ্রিক্স হল মূল প্রজাতি। ৪০১ থেকে ৬০০ গ্রাম মাছের ক্ষেত্রে, ডায়াটম ও কপিপোড হোল মূল খাবার। ডায়াটমের মধ্যে কসিনোডিস্কাস, ডায়াটমা, নিটজিয়া, প্লিওরসিগমা এবং অ্যাস্টেরিওনেলা (*Asterionella* sp.) হল মুখ্য এবং ফিলামেন্ট এলগির মধ্যে ইউলোথ্রিক্স এবং কসিনোডিস্কাস হল মূল ইউনিসেলুলার এলগি (unicellular algae)। ৬০১ থেকে ৮০০ গ্রাম মাছের ক্ষেত্রে, ডায়াটম ও কপিপোড হোল মূল খাদ্য। ডায়াটমের মধ্যে

কসিনোডিস্কাস, নিটজিয়া, প্লিওরসিগমা এবং রাইজোসলেনিয়া ক্রসিপিনা (*Rhizosolenia crassipina*), থেলাসিউথ্রিক্স (*Thalassiothrix sp.*) মুখ্য প্রাজতি। ৮০০ গ্রাম -এর বেশী ওজনের মাছের ডায়াটম হোল মূল খাদ্য উপদান। কসিনোডিস্কাস, ডায়াটমা, নিটজিয়া হল আন্যতম। এই অধ্যয়ন নির্দেশ করে যে ইলিশ মাছ ডায়াটম ও কপিপোড খেতে পছন্দ করে। অন্ত্রের উপাদান (gut content) বিশ্লেষণ করে দেখা গেছে যে ছোট মাছ কপিপোড ও প্রাণীকণা, তারপর থেকে ধীরে ধীরে বড় হওয়ার সঙ্গে সঙ্গে ডায়াটম ও ফিলামেন্ট এলগি খেতে পছন্দ করে। ইন্ডোর পরীক্ষাতে (Indoor experiment), ইলিশ মাছ লাইভ ফিড খেতে পছন্দ করে এবং ইলিশ ফ্রাই মিশ্র প্রাণীকণা ও কপিপোড, মাইসিড এবং রটিফার খেয়ে ট্যাংকে সর্বাধিক ওজন বৃদ্ধি পেয়েছে।

বিভিন্ন উৎস্য থেকে সংগৃহীত ইলিশ মাছের দেহের উপাদান বিশ্লেষণ

ইলিশ মাছের দানা খাদ্য তৈরীর জন্য বিভিন্ন আকারের ইলিশ মাছের দেহের উপাদান বিশ্লেষণ করা হয়েছে। মাছ বড় হওয়ার সাথে সাথে যথেষ্টভাবে প্রোটিন ও শর্করার মাত্রা মাছের শরীরে কমে যায় এবং ফ্যাট বাড়তে থাকে। ৫ গ্রামের নিচে ওজনের ইলিশ চারার আর্জিনিন, মিথায়োনিন ও গ্লাইসিন অ্যামাইনো অ্যাসিডের মাত্রা বাড়ে অথচ ৮০০ গ্রামের বড় মাছের শরীরে লিউসিন ও আইসো-লিউসিনের মাত্রা বেশি থাকে। বড় মাছের থেকে ৫ গ্রামের নিচের মাছের শরীরে সম্পৃক্ত ফ্যাটি অ্যাসিডের ও একক অসম্পৃক্ত ফ্যাটি অ্যাসিডের পরিমাণ কম থাকে অথচ ৫ গ্রামের নিচের মাছের শরীরে ডি.এইচ.এ. (DHA) বেশি থাকে।

বড় মাছের তুলনায় ছোট মাছের শরীরে মোট শর্করার পরিমাণ বেশ বেশি থাকে। ক্যালসিয়াম, ম্যাগনেশিয়াম, ফসফরাস, জিঙ্ক, ম্যাঙ্গানীজ, ক্রোমিয়াম এবং লৌহের মাত্রা ছোট মাছে বেশি থাকে। ক্যালসিয়াম এবং ফসফরাসের মাত্রা যথাক্রমে ০.৩৭-০.৯৯ শতাংশ এবং ০.৩২-০.৬৫ শতাংশ থাকে। ছোট মাছের শারীরবৃত্তীয় কার্যকলাপ বেশি থাকার কারণে বেশি মাত্রায় প্রোটিন, শর্করা ও ফ্যাটি অ্যাসিডের (DHA) প্রয়োজন হয়। বড় মাছের শারীরবৃত্তীয় কার্যকলাপ কম হওয়ার কারণে অতিরিক্ত ফ্যাট শরীরে জমা হয়।

খাদ্য প্রস্তুতি

সবকিছু ঠিকঠাক নির্ধারণ করার পরে স্থানীয়ভাবে প্রাপ্ত খাদ্য উৎপাদানের মাধ্যমে ইলিশ মাছের ভাসমান ও ধীরে ধীরে ডুবন্ত খাবার তৈরি করা সম্ভব হয়েছে। খাদ্য প্রস্তুতির মূল লক্ষ্য হলো পুষ্টিগতভাবে সম্পূর্ণ খাবার তৈরি করা যা কম খরচে মাছের দ্রুত বৃদ্ধি করতে সক্ষম হয়। এই জন্য সর্বপ্রথম স্থানীয়ভাবে প্রাপ্ত খাদ্য উপাদানগুলি যেগুলি সহজলভ্য তা জোগাড় করতে হবে, সঠিক পুষ্টির চাহিদা জানতে হবে এবং মাছের হজম করার ক্ষমতা জানতে হবে। কোন একটিমাত্র উপাদান দিয়ে খাদ্য তৈরি করা চলবে না। যেসব খাদ্য উপাদানে অপুষ্টিকর উপাদান আছে সেগুলি ব্যবহার করা চলবে না। সবকিছু খরচ খরচা বিচার করে তবেই উপযুক্ত খাবার তৈরি করতে হবে।

পুষ্টিবিশারদদিগকে খাদ্য তৈরীর পদ্ধতি থেকে শুরু করে মাছের খাদ্য গ্রহণ পর্যন্ত সবকিছু বিবেচনা করতে হবে। ভালো মাছের খাবার তৈরির জন্য ঠিকঠাক খাদ্য উপাদান নির্বাচন, ঠিক পরিমাণে সবকিছুর মিশ্রণ এবং ঠিকমতো গ্রহণযোগ্য উপায়ে প্রস্তুতকরণ বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

তৈরী দানা খাদ্যের গ্রহণযোগ্যতা

ফাইবারের তৈরি ট্যাংকে ১ মাস সময় ধরে ইলিশের ছোট চারাকে জীবন্ত খাবারে (লাইভ ফিড) অভ্যস্ত করানো হয়। তারপর ধীরে ধীরে শুষ্ক কপিপড পাউডার জীবন্ত খাবারের মধ্যে মেশানো হয় এবং ধীরে ধীরে এক সপ্তাহের মধ্যে মাছগুলি কেবলমাত্র শুষ্ক কপিপড পাউডার খেতে অভ্যস্ত হয়। পরের ১ সপ্তাহে ইলিশ চারাকে খুব ছোট মাপের তৈরী দানা

খাবারে অভ্যস্ত করানো হয়। এইভাবে দানা খাদ্যে অভ্যস্ত করালে ৪৫ দিন পরে ইলিশ চারাগুলি সম্পূর্ণভাবে তৈরি দানা খাদ্য খেতে সক্ষম ও ৫৫.৮৬ শতাংশ বৃদ্ধি হয়।



দানা খাদ্যে অভ্যস্ত করার সময় ইলিশের বৃদ্ধির হার

ইলিশের লার্ভার খাদ্য

লার্ভা দশার জন্য ৩০০-৮০০ মাইক্রোন সাইজের অতি ক্ষুদ্র দানার প্রয়োজন যাতে ৫০-৫৫ শতাংশ প্রোটিন এবং ১২ শতাংশ ফ্যাট থাকা প্রয়োজন। এই খাদ্য প্রস্তুতিতে খুব ভালো গুণমানের ই.পি.এ. (EPA) এবং ডি.এইচ.এ .(DHA) সংযোজিত খাদ্য উপাদান ব্যবহার করা জরুরী। এই লার্ভার খাবার প্রতিষ্ঠানের নিজস্ব গবেষণাগারে পরীক্ষা করা হয়। এই খাদ্যের গ্রহণযোগ্যতা এবং স্বাদ বিভিন্ন দশার ইলিশ লার্ভার ক্ষেত্রে অতি উত্তম।

লার্ভার খাদ্য

ইলিশের গ্রো-আউট ফিড (হিলশা$^{প্লাস}$)

সি.আই.বি.এ. দেশীয় খাদ্য উৎপাদানের মাধ্যমে ইলিশ চাষের লাভজনক সুষম খাদ্য হিলশা$^{প্লাস}$ তৈরিতে সক্ষম হয়েছে। সবকিছু নির্ধারণ করার পরে যেমন ইলিশ মাছের প্রয়োজনীয় প্রোটিন, ফ্যাট ও অ্যামাইনো অ্যাসিড (লাইসিন ও মিথিওনিন) প্রয়োজনীয় পরিমাণ নির্ধারণ করে ৩৫ শতাংশ প্রোটিন ও ১২ শতাংশ ফ্যাট যুক্ত ভাসমান ও ধীরে ডুবন্ত খাদ্য তৈরি সম্ভব হয়েছে। এই খাদ্য দিয়ে নোনা পুকুরে ও মিষ্টি জলের পুকুরে ইলিশ মাছের চাষ করা হচ্ছে।

এই খাবার নোনা জলের পুকুরে ও মিষ্টি জলের ইলিশ চাষের পুকুরে ব্যবহার করে দেখা গেছে যে , এই খাবার মাছের ক্ষেত্রে খুব গ্রহণযোগ্য ও সুস্বাদু। এই খাবার দিয়ে ইলিশ চারা (৫২.৯৭ ± ৫.৫০ মিমি/১.৩৭ ± ০.১৮ গ্রাম) প্রতি হেক্টরে ৮৮০০ সংখ্যার নোনা পুকুরে চাষ করে ২১ মাসে ৩৬০ গ্রাম/৩৩০ মিমি পর্যন্ত বৃদ্ধি হয়েছে সঙ্গে ৩০ শতাংশ বাঁচার হার সহ।

মিশ্র চাষে ব্যবহৃত ইলিশ মাছের খাদ্য

ইলিশ মাছের বৃদ্ধির হার খুব কম। কাকদ্বীপ গবেষণা কেন্দ্রের পুকুরে আড়াই বছরে চাষে ৪০০ গ্রাম পর্যন্ত বৃদ্ধি সম্ভব হয়েছে। যদিও ইলিশ খুবই দামী মাছ কিন্তু এই মাছের একক চাষ লাভজনক নয় এর স্বল্প বৃদ্ধির হারের জন্য। এটাকে লাভজনক করার জন্য ইলিশ ও অন্যান্য মাছের খাদ্যভ্যাস বিচার করে অন্য মাছের সাথে চাষ করা যেতে পারে। এরকম মিশ্রচাষে ধীরে ধীরে ডুবন্ত খাবার ব্যবহার করতে হবে যাতে নিচে ডুবে যাওয়া খাবার জলের নীচের তলায় বসবাসকারী মাছ

খেতে পারে এবং জলে ভেসে থাকা খাবারগুলি ইলিশ মাছ খেতে পারে। মিশ্র চাষের জন্য উপযুক্ত খাবার উদ্ভাবন প্রক্রিয়া এখনও এই গবেষণা কেন্দ্রের গবেষণা গবেষণা স্তরে রয়েছে।

ইলিশ মাছের খাদ্যাভাস

প্রতি ৪ ঘণ্টা অন্তর ইলিশের খাদ্যনালীতে উপস্থিত খাদ্যকণার উপস্থিতি বিশ্লেষণ করে ইলিশের খাদ্যভাস নির্ণয় করা হয়েছে। সকাল ৭ টায় দেখা গেছে যে, ইলিশের খাদ্যনালী খালি, সকাল ১১ টায় ৫০ শতাংশ ভর্তি, বেলা ৩ টে ৭৫ শতাংশ ভর্তি এবং সন্ধ্যা ৭ টায় ১০০ শতাংশ অর্থাৎ পুরোটাই ভর্তি এবং পুকুরে উপস্থিত উদ্ভিদ ও প্রাণী কণাই খাদ্যনালীতে পাওয়া গেছে। এর থেকে বোঝা গেছে যে ইলিশ মূলত দিনের বেলায় খাবার খায় এবং যা কিছু পুকুরে পাওয়া যায় সেই সব কিছুই খেতে অভ্যস্ত।

নোনা ট্যাংরার প্রজনন ও পোনা উৎপাদন

স্বাগত ঘোষ
বিষয়বস্তু বিশেষজ্ঞ (মৎস্যবিজ্ঞান)
শস্য শ্যামলা কৃষি বিজ্ঞান কেন্দ্র, রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ বিশ্ববিদ্যালয়
সোনারপুর, কোলকাতা - ৭০০০১৫০
ই-মেল: swagotor@gmail.com

উপকূলীয় ঈষৎ নোনা জলে বা নদী মোহনার নোনা জলে মাছ বা চিংড়ি চাষ অথবা মাছ ও চিংড়ির সমন্বয় চাষ উপকূলীয় জনগোষ্ঠীর জীবনধারণ ও দেশের অর্থনীতিতে বিশেষ ভূমিকা পালন করে। চিরাচরিত ব্রাকিশওয়াটার মাছ বলতে ভেটকি, পার্শে, ভাঙন, পায়রাচাঁদা বোঝালেও বর্তমানে নোনা ট্যাংরার চাহিদা দিন দিন বেড়েই চলেছে। সাধারণত একটি পরিণত নোনা ট্যাংরার গড় ওজন ১০০-১৫০ গ্রাম হয় যা কখনও ২৫০ গ্রাম পর্যন্ত হতে পারে। মাছের স্বাদ ও পুষ্টির গুণগত মান খুব ভালো হওয়ায় আভ্যন্তরীন ও বৈদেশিক চাহিদা বর্তমান। বছর দশেক আগেও এই সমস্ত উপকূলীয় নদী নালায় এই ট্যাংরা প্রচুর পরিমাণে পাওয়া যেত কিন্তু নির্বিচারে আহরন ও পরিবেশগত পরিবর্তনের কারণে দিন দিন এই মাছের প্রাকৃতিক প্রাপ্যতা ক্রমশ হ্রাস পাচ্ছে। এই কারণে নিয়ন্ত্রিত পরিবেশে নোনা ট্যাংরা মাছের ব্রুড প্রতিপালন, কৃত্রিম প্রজনন ও পোনা উৎপাদন কৌশল নিয়ে নিচে বিস্তৃত বর্ণনা করা হলো।

নোন ট্যাংরা মাছের ব্রুডস্টক পরিচর্যা:

- এই মাছের প্রজনন কাল মে মাস থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত হয়।
- তবে জানুয়ারী - ফেব্রুয়ারী মাস থেকেই ৫০ - ৬০ গ্রাম ওজনের পুরুষ ও স্ত্রী নোনা ট্যাংরা ২:১ অনুপাতে কাঠা প্রতি ৫০০-৬০০ টি মাছ পুকুরে বা FRP ট্যাঙ্কে মজুত রাখতে হয়।
- লক্ষ্য রাখতে হয় যে, পুকুরের আয়তন ৩-৫ কাঠা ও গভীরতা ১.৫-২.০ মিটার হলে ভালো। জলের লবণাক্ততা ৫-১০ পিপিটি রাখা হয়।
- সঠিক পরিমাপের ব্রুড মাছের সুষম খাদ্য প্রয়োজন যেমন চালের কুঁড়া (১৫ শতাংশ), সরিষার খৈল (১৫ শতাংশ), ফিসমিল (৪০-৫০ শতাংশ), স্কুইড মিল (২০ শতাংশ) মিশ্রন প্রতিদিন মাছের গড় দেহের ওজনের ৭-১০ শতাংশ হারে ব্যবহার করলে ভালো ফল পাওয়া যায়।
- এছাড়াও ব্রুডস্টক পুকুরে প্রাকৃতিক খাদ্য উপাদানের জন্য কাঠা প্রতি ৫০-৬০ কেজি গোবর, ১ কেজি ইউরিয়া ও ২ কেজি এস.এস.পি. মাসে ১ বার ব্যবহার করা যেতে পারে।

কৃত্রিম প্রজনন:

- পরিণত স্ত্রী ও পুরুষ ট্যাংরা মাছ চিহ্নিতকরণ
  - পরিণত স্ত্রী মাছের পেট ফোলা থাকে, ও জননেন্দ্রিয় স্ফীত, গোলাকার লালচে বর্ণের হয়।
  - পরিণত পুরুষ মাছের জননেন্দ্রিয় মোচাকৃতির পেশীযুক্ত ও বাহিরের দিকে বেরিয়ে থাকে। পূর্ণ পরিণত পুরুষ মাছের পেটের নীচে হালকা চাপ দিলে শুক্রানু বেরিয়ে আসে।
  - মাছ চিহ্নিত করার পর এই গুলিকে হ্যাচারিতে খুব সাবধানে নিয়ে এসে ৫-১২ পিপিটি লবণাক্তায় রেখে ব্রিডিং এর জন্য সংগ্রহ করা হয়।
- প্রজনন ট্যাঙ্ক:
  - নোনা ট্যাংরা মাছের প্রজননের জন্য ১২০ সেমি × ৯০ সেমি × ৯০ সেমি (দৈর্ঘ্য × প্রস্থ × উচ্চতা) আকারে নাইলনের হাপা তৈরী করে সিমেন্ট ট্যাঙ্কের উপরে স্থাপন করতে হয়।

- চাষযোগ্য নোনা পুকুরের জল (৫-১২ পিপিটি) পাম্পের সাহায্যে ওভারহেড ট্যাঙ্কে উত্তোলন করতে হবে। ও সেই ট্যাঙ্ক থেকে সিমেন্টের ব্রিডিং ট্যাঙ্কে সরবরাহ করতে হবে।
- ব্রিডিং হাপায় মৃদু এরেশন রাখতে হবে ও কৃত্রিম ঝর্নার ব্যবস্থা রাখতে হবে।

➢ হরমোন ইনজেকশান পদ্ধতি ও প্রজনন:

- নোনা ট্যাংরা মাছের কৃত্রিম প্রজননের জন্য কৃত্রিম হরমোন ব্যবহারে ভালো ফল পাওয়া যাচ্ছে।
- কৃত্রিম প্রজননের জন্য স্ত্রী ও পুরুষ উভয় মাছকে একক মাত্রায় ১.৫-২.০ মিলি/কেজি দেহ ওজন হিসাবে হরমোন মাছের পৃষ্ঠ পাখনার গোড়ায় গভীর মাংসল অংশে প্রয়োগ করতে হবে।
- এর পর প্রতি হাপায় ১:২ (স্ত্রী:পুরুষ) মাছ রাখতে হবে।
- দেখে নিতে হবে জলের পি.এইচ. এর মাত্রা ৭.৫-৮.০ মধ্যে থাকে।
- ইনজেকশানের ৬-৭ ঘন্টা পরে বহি:নিষেক এর মাধ্যমে ব্রিডিং সম্পন্ন হয়। আঠালো ডিম নেটের গায়ে লেগে যায় ও পরে মাছগুলি সরিয়ে ফেলতে হয়।

➢ নোনা ট্যাংরার ডিমপোনা উৎপাদন:

- সাধারনত ডিম ছাড়ার ১৮-২২ ঘন্টার মধ্যে ডিম ফুটে ডিমপোনা বের হতে থাকে।
- ডিমপোনার জন্য ব্যবহৃত সমস্ত সরঞ্জাম পটাশিয়াম পারম্যাঙ্গানেট দ্রবণে ধুয়ে নিয়ে কাজ করতে হবে।
- ডিম পোনা গুলিকে রোটিফার ৫-৬ টি প্রতি মিলি দিতে হবে। যদি রোটিফার না পাওয়া যায় তবে ডিমের কুসুম দিতে হবে। ডিমের কুসুম দিলে লক্ষ্য রাখতে হবে যে জল দূষিত না হয়।
- এই ভাবে ৪-৫ দিন খাওয়ানোর পর ব্রাইন শ্রিম্প বা আর্টেমিয়া দেওয়া ভালো। যদি আর্টেমিয়া খুব খরচ সাপেক্ষ হয় তবে এদের ছোট নার্শারি পুকুরে ছেড়ে দিতে হবে। সেখানে প্রচুর পরিমাণে প্রাকৃতিক খাদ্য মজুত থাকতে হবে।
- যথাযত ব্যবস্থাপনার মাধ্যমে ১০০-১৫০ গ্রাম সুস্থ ও পরিণত নোনা ট্যাংরা থেকে প্রায় ৩০০০০-৫০০০০ ডিমপোনা উৎপাদন করা সম্ভব।

নার্শারি পুকুরে পোনা প্রতি পালন:

➢ নার্শারি পুকুর প্রস্তুতি:

- পুকুরের আয়তন ২-৫ কাঠার মধ্যে হলে ভালো।
- পুকুরের লবাক্ততা ৫-১২ পিপিটি বা তার বেশী হওয়া প্রয়োজন, গভীরতা ১.০-১.৫ মিটার, তাপমাত্রা ২৫-৩২ ডিগ্রী সেন্টিগ্রেড ও পি.এইচ. ৭.৫-৮.০ এর মধ্যে হলেই ভালো।
- জলের দ্রবীভূত অক্সিজেনের মাত্রা ৫-৬.৫ পি.পি.এম. বজায় রাখতে হবে।
- সেচে নেওয়া পুকুরই ডিমপোনা চাষের জন্য আদর্শ। পুকুরের চারিদিকে নাইলন নেটের বেড়া দেওয়া প্রয়োজন। পুকুর প্রস্তুতির সময় পি.এইচ. দেখে নিয়ে সঠিক পরিমাণ চুন ও কাঠা প্রতি ২০ কেজি গোবর প্রয়োগ করতে হবে।

➢ নার্শারি পুকুরে ডিমপোনা মজুতকরণ:

- নার্শারি পুকুরে ৫-৭ দিন বয়সের ৫-৬ মিমি আকারের ডিমপোনা কাঠাপ্রতি ৩০০০-৫০০০ টি মজুত করা যাবে।

➢ নার্শারি পুকুরে খাদ্য ব্যবস্থাপনা:

- পোনা ছাড়ার দিন কোন খাদ্য পরিবেশন করা হয় না।
- পরদিন হতে চালের কুঁড়া (২৫ শতাংশ), গমের ভুঁষি (২৫ শতাংশ), সরিষা খৈল ও মাছর গুঁড়া (৩৫ শতাংশ) মিশিয়ে ব্যবহার করা হয়।
- প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ সপ্তাহে যথাক্রমে মাছের দেহের মোট ওজনের শতকরা ৫০-৬০, ৩০-৫০, ২০-৩০ এবং ১০-১৫ ভাগ হারে খাদ্য প্রয়োগ করতে হবে। খাদ্য দিনে তিনবার ব্যবহার করতে হবে।
- পুকুরে প্রাকৃতিক খাদ্য বৃদ্ধির জন্য ১০ দিন অন্তর ৫-৬ কেজি গোবর ১০০-১৫০ গ্রাম ইউরিয়া ও ১৫০-২০০ গ্রাম এস.এস.পি. জলে গুলে সমস্ত পুকুরে ছিটিয়ে দিতে হবে।
- এই পদ্ধতি অনুসরণ করলে ৩০-৪৫ দিনে ৪-৫ সেমি আকারের ৭০-৮০ শতাংশ নোনা ট্যাংরা পাওয়া যায়।

➢ বিশেষ পরামর্শ:

- নোনা ট্যাংরার ব্রুড মাছের প্রতি বিশেষ যত্ন নিতে হবে।
- ব্রিডিং হাপার ডিমপোনাকে খাদ্য প্রয়োগের ৪-৫ দিন পরেই নার্শারি পুকুরে ছাড়তে হবে। কারণ এদের মধ্যে বড় মাছ ছোটকে খেয়ে ফেলার প্রবণতা থাকে।
- নিয়মিত জলের বিভিন্ন রাসায়নিক ও ভৌত উপাদানের গুণাগুন পরীক্ষা করতে হবে ও জলকে সহনশীল পর্যায়ে রাখতে হবে।
- ব্রুড মাছ ও পোনা মাছ পালনে প্রাণীজ সম্পূরক খাদ্য সরবরাহের উপর নজর রাখতে হবে।
- মাছের স্বাস্থ্য ও বৃদ্ধি ৭-১৫ দিন অন্তর জল টেনে পর্যবেক্ষণ করতে হবে। নোনা ট্যাংরার প্রজনন ডিমপোনা উৎপাদনে বা চাষবাস বিষয়ক যে কোন তথ্য ও জলের বিভিন্ন রাসায়নিক ও ভৌত উপাদানের গুণাগুন পর্যবেক্ষণ ও উহার সঠিক সুপরামর্শের জন্য শস্য শ্যামলা কৃষি বিজ্ঞান কেন্দ্র, আড়াপাঁচ সোনারপুরে যোগাযোগ করুন।

দেশী মাগুর মাছের প্রজনন ও চাষ

প্রশান্ত চ্যাটার্জী

রামকৃষ্ণ আশ্রম কৃষি বিজ্ঞান কেন্দ্র, নিমপিঠ, দক্ষিণ ২৪ পরগণা

মানব সভ্যতার ইতিহাসে প্রাচীনকাল থেকেই মাছ একটা গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। মাছকে ছিপ - বড়সি দিয়ে, খেপলা জাল ফেলে, বড় জাল টেনে ইত্যাদি নানা উপায়ে মানুষ শিকার করেছে আনন্দ পাবার জন্য এবং সেই সঙ্গে সুস্বাদু ও পুষ্টিকর খাদ্য হিসাবে নিজেদের খাদ্য তালিকায়ও তাদের অন্তর্ভুক্ত করেছে। বিশেষ করে বাঙালীর দৈনন্দিন খাদ্য তালিকায় মাছ অপরিহার্য। মানুষের ক্রমবর্ধমান চাহিদার যোগান দিতে গিয়ে এবং নানান বিপর্যয়ের সম্মুখীন হয়ে প্রকৃতি যখন তার মুক্ত হস্ত সংকোচন করতে শুরু করেছে তখন থেকে মানুষ তার ক্রমবিকাশ, বিজ্ঞান ও প্রযুক্তির সাহায্যে, পরম বিক্রমের সঙ্গে মাছের প্রতিপালন, সংরক্ষণ ও সংগ্রহ ব্যবস্থাকে সুদৃঢ় করেছে ও করছে। আমাদের দেশের বাজারে খাদ্য উপযোগী বিভিন্ন প্রজাতির মাছ পাওয়া যায়, তার মধ্যে কিছু দেশী প্রজাতির মাছ আজও মানুষ শুধুই সংগ্রহ করে কিন্তু তাদের সংরক্ষণ ও প্রতিপালনের বিশেষ উদ্যোগ নেয় না, যদিও প্রকৃতি মাছকে খাদ্য, বাসস্থান ও মুক্ত জলাভূমিতে বেড়ে ওঠার অনুকূল পরিবেশ দিয়েছে। এই রকম অনেক প্রজাতির মধ্যে একটি প্রজাতি হল দেশী মাগুর মাছ যা আজ প্রায় অবলুপ্তির পথে।

ভারতবর্ষে মাগুর মাছের চাহিদা যথেষ্ট হলেও এই মাছের ব্যবসাভিত্তিক চাষ এখনও পর্য্যন্ত প্রসার লাভ করেনি। পশ্চিমবঙ্গ ছাড়া দেশের বিভিন্ন রাজ্যে ব্যক্তিগত প্রচেষ্টায় এর চাষ শুরু হলেও, মাগুরের চারার অপ্রতুলতার জন্য চাষ ব্যবস্থাকে সার্বজনীন করা সম্ভব হচ্ছে না। বিভিন্ন প্রজাতির মাছের মতো এই মাছও অর্থকরী দিক থেকে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ক্রমবর্ধমান মানব সভ্যতার বিকাশ, নগরায়ণ, শিল্পায়ন অনেক মুক্ত জলাভূমিকে গ্রাস করেছে। নিচু জমি চাষযোগ্য উঁচু জমিতে রূপান্তরিত হচ্ছে। ধান চাষে এবং অন্যান্য চাষে বিভিন্নরকম রাসায়নিক সার, কীটনাশকের ব্যবহার বহুল পরিমাণে বাড়ছে। যার ফলস্বরূপ মাছেরা হারিয়ে ফেলছে প্রজনন ক্ষমতা। হারাচ্ছে প্রজনন করার উপযুক্ত স্থান। সেই জন্য প্রয়োজন হয়েছে তাদের কৃত্রিম প্রজনন, উপযুক্ত সংরক্ষণ ও প্রতিপালন।

প্রাপ্তিস্থান

দেশী মাগুর মাছ মিষ্টি ও অল্প নোনা জলে ভারতবর্ষ, শ্রীলঙ্কা, পাকিস্থান, বাংলাদেশ, বার্মা, মালয়দ্বীপ সমূহ, থাইল্যান্ড, চীন ও ফিলিপাইনসে পাওয়া যায়।

মাগুর মাছের প্রকারভেদ

আমাদের দেশে বর্তমানে তিনটি প্রজাতির মাগুর মাছ পাওয়া যায়।

- দেশী মাগুর বা Asian Catfish (*Clarias batrachus*)
- আফ্রিকান মাগুর বা African Catfish (*C. gariepinus*)
- থাই মাগুর বা Thai Catfish (*C. macrocephalus*)

এদের মধ্যে থাই মাগুর অল্প সংখ্যায় পাওয়া যায়। প্রধানত দুইটি বাহ্যিক লক্ষণ দেখে দেশী ও বিদেশী মাগুরকে চেনা যায়।

ক) গায়ের রং - বিদেশী মাগুর মাছের গায়ের রং হালকা ছাই রঙের এবং পেটের দিক সাদা। দেশী মাগুর মাছের গায়ের রং কালচে বা হলুদাভ হয়। এছাড়া শরীরের সর্বত্র গায়ের রঙের কোন পার্থক্য থাকে না।

খ) মাথার খুলির খাঁজের প্রকারভেদ ছবির সাহায্যে দেখানো হল -



আফ্রিকান মাগুর



দেশী ও আফ্রিকান মাগুর



দেশী মাগুর

খাদ্য ও বাসস্থান

দেশী মাগুর মাংসাশী। প্রধানত: কীটপতঙ্গ খেতে ভালোবাসে। এছাড়া এরা গেঁড়ি, গুগলি, শামুক ও ঝিনুকের মাংস, প্রাণীর পচাগলা অংশ, কেঁচো, পোকামাকড়ের লার্ভা খেতে অভ্যস্থ। এই মাছ চাষের জন্য সরষের খোল, শুকনো চিংড়ি বা মাছের গুঁড়ো এবং চালের কুঁড়ো একসঙ্গে মিশিয়ে পরিপূরক খাদ্য হিসাবে দেওয়া হয়।

সাধারণত: মিষ্টি জলাশয়ই এদের বাসস্থান। নদী, নালা, খাল, বিল, ধানক্ষেত এবং পুকুরে এরা থাকে। পোনা মাছের পুকুর ছাড়াও এদের নিকাশী নালা, ছোট আবর্জনাপূর্ণ ডোবাতেও চাষ করা যায়। এমনকি অক্সিজেনশূন্য জলাশয়েও এরা বেঁচে থাকতে পারে।

প্রজনন কাল

জৈষ্ঠ্য মাসের শেষ থেকে ভাদ্র মাসের দ্বিতীয় সপ্তাহ পর্য্যন্ত স্ত্রী মাগুর মাছের ডিম পাওয়া যায়। সাধারণত: বর্ষাঋতুই এদের প্রজনন কাল। বর্তমানে বৈজ্ঞানিক পদ্ধতিতে বিভিন্ন প্রকার হরমোন শরীরের মধ্যে প্রবেশ করিয়ে, জলের নির্দিষ্ট তাপমাত্রা বজায় রেখে প্রজননকাল বাড়ানো এবং সারা বছর ব্যাপী প্রজনন ঘটানো হয়। পুরুষ মাগুর মাছের ক্ষেত্রেও একই পদ্ধতি অবলম্বন করে ভালো ফল পাওয়া যায়।

প্রজনন ঋতুতে পুরুষ ও স্ত্রী মাগুর মাছ চেনার উপায়

প্রজনন কালে কতকগুলি বাহ্যিক লক্ষণ দেখে পুরুষ ও স্ত্রী মাছকে সহজে চেনা যায়।

পুরুষ	স্ত্রী
● পেট স্বাভাবিক	● পেট স্ফীত
● জনন অঙ্গ অল্প লম্বাটেএবং অগ্রপ্রান্তে সূক্ষ্ম পুং জনন ছিদ্র থাকে	● জনন অঙ্গ ডিম্বাকৃতি, ফোলা ও মাঝখানে স্পষ্ট কাটা দাগ থাকে
● পেটে হালকা চাপ দিলে জননঅঙ্গ দিয়ে কোন তরল পদার্থ বা শুক্রানু বের হয় না	● প্রজনন ঋতুতে ফোলা পেটে হালকা চাপ দিলে জনন অঙ্গ দিয়ে ডিম বের হয়
● প্রজনন ঋতুতে জননঅঙ্গের অগ্রপ্রান্ত লাল রঙের হয়	● জনন অঙ্গ হালকা বাদামী রঙের হয়



পুরুষ মাগুর



স্ত্রী মাগুর

এছাড়া বর্ষা ঋতুতে পরিযায়ী স্বভাবের ফলে যে সমস্ত পরিপক্ক পুরুষ ও স্ত্রী মাছ পুকুর, খাল বা নালা থেকে উঠে আসে এবং যৌন মিলনের জন্য নতুন জলজ পরিবেশের খোঁজ করে, সেই সমস্ত পরিপক্ক মাগুর মাছই প্রজননক্ষম। পরবর্তী পর্যায়ে এই পরিপক্ক স্ত্রী ও পুরুষকেই কৃত্রিম উপায়ে প্রজননের জন্য নির্বাচন করা হয়।

কৃত্রিম উপায়ে নিষিক্ত করণ

সাধারণত: প্রজনন ঋতুতে মাগুর মাছ স্বাভাবিকভাবে ডিম পাড়লেও প্রাপ্ত চারাপোনার সংখ্যা খুব কম হয়। মাগুর মাছের প্রনোদিত প্রজনন ও পোনা মাছের প্রনোদিত প্রজননের মধ্যে মূল পার্থক্য হল পোনা মাছকে হরমোন ইনজেক্সানের দ্বারা উদ্দীপিত করে স্রোতযুক্ত জলাধারে ছাড়া হয়। কিন্তু মাগুর মাছের ক্ষেত্রে পুরুষ মাছের শুক্র ও স্ত্রী মাছের ডিম সংগ্রহ করে কৃত্রিম উপায়ে নিষেক ক্রিয়া সম্পন্ন করা হয়। এই পদ্ধতিকে **স্ট্রিপিং** (Stripping) পদ্ধতি বলে। উপযুক্ত পরিপক্ক পুরুষ ও স্ত্রী মাছকে প্রথমে নির্বাচন করা হয়। দুটি মাছই সম ওজনের হলে ভাল। স্বাভাবিক অবস্থায় পুরুষ মাছের শুক্রাশয় সংখ্যায় দুটি থাকলেও অনেক সময় শুক্রের পরিমাণ কম থাকে। এছাড়া কোনো কোনো ক্ষেত্রে দুটি শুক্রাশয়ের মধ্যে একটি শুক্রাশয় অপরিণত হতে দেখা যায়। প্রয়োজনবোধে একটি পুরুষ মাছ থেকে সংগৃহীত শুক্রের পরিমাণ কম হলে দুটি পুরুষ মাছের থেকে শুক্রাশয় সংগ্রহের প্রয়োজন হয়। সেজন্য ডিমের নিষিক্তকরণের পূর্বে একটি স্ত্রী মাছের

জন্য দুটি পুরুষ মাছ প্রস্তুত রাখা উচিৎ। কৃত্রিম প্রজননের সময় পুরুষ মাছের পেট কেটে শুক্রাশয় বের করতে হয়। এই শুক্রাশয় থেকে দলন প্রক্রিয়ায় শুক্রানু বের করে ঐ শুক্রানু দিয়ে ডিম্বানুকে নিষিক্তকরণ করানো হয়। এই প্রক্রিয়ার সময় জল ব্যবহার না করে নরম্যাল স্যালাইন (Normal saline) ব্যবহার করা হয়। এই দ্রবণে রাখার ফলে শুক্রানু অনেকক্ষন বেঁচে থাকে। এই ধরণের প্রজনন পদ্ধতিকে **"শুষ্ক প্রজনন"** পদ্ধতি বলা হয়। এই প্রজননের জন্য প্রয়োজনীয় উপকরণ সমুহ হলো : কাঁচি, সারজিক্যাল ব্লেড, চিমটে, তুলো, পরিষ্কার কাপড়ের টুকরো, ঘন ফাঁসের নেট, কাঁচের বাটি, ড্রপার, নরম তুলি, এনামেল বা স্টীলের গামলা, ০.৯% নরম্যাল স্যালাইন, অ্যাবসোলিউট অ্যালকোহল, ব্যালান্স বা দাঁড়িপাল্লা, পিটুইটারী গ্রন্থি, ফিল্টার পেপার, সিরিঞ্জ ও লবঙ্গ তেল।

প্রজনন পদ্ধতি

বাহ্যিক লক্ষণ দেখে পরিণত প্রজননক্ষম পুরুষ ও স্ত্রী মাছকে কৃত্রিম প্রজননের জন্য নির্বাচন করার পর পিটুইটারী গ্রন্থির নির্যাস প্রতি কিলোগ্রাম দৈহিক ওজন অনুপাতে ৩০-৪০ মিলিগ্রাম হিসাবে প্রয়োগ করা হয়। এছাড়াও বর্তমানে পিটুইটারী গ্রন্থির বিকল্প হিসাবে বাজারে লভ্য ওভাপ্রিম বা ওভাটাইড নামক হরমোন মাগুর মাছকে ২মি:লি: প্রতি কেজি হারে প্রয়োগ করেও প্রজানন করানো হয়। মাছের শরীরের নিম্নলিখিত তিনটি অংশের যে কোন একটি অংশে এই ইনজেক্সান দেওয়া হয়ে থাকে।

ক) শরীরের মাঝ বরাবর পৃষ্ঠ পাখনা ও পার্শ্বরেখার মাঝামাঝি অথবা

খ) পায়ু পাখনাদ্বয়ের ঠিক নীচে জনন অঙ্গের দুধারে অথবা

গ) বক্ষ পাখনাদ্বয়ের ঠিক নীচে মাংসল অংশে।

ইনজেক্সান দেওয়ার প্রথম পদ্ধতিটির নাম **ইন্ট্রা-মাসকুলার** (Intra-mascular) যা মাংসপেশীর মধ্যে প্রবেশ করানো হয়। দ্বিতীয় পদ্ধতিটি ঝুঁকিবহুল, চামড়া ও মাংসপেশীর মধ্যবর্তী অঞ্চলে ইনজেক্সান দেওয়া। একে বলে **সাব কিউটেনিয়াস** (Sub-cutaneous) ইনজেক্সান। জনন অঙ্গের নিকটবর্তী অঞ্চলে দেওয়া হয়। তৃতীয় পদ্ধতিটির নাম **ইনট্রা - পেরিটোনিয়াল** (Intra-peritonial)। মস্তিস্কের কাছাকাছি এই ইনজেক্সান দেওয়া হয়। ইনজেক্সান দেওয়ার পর মাছকে জলভর্তি হাঁড়ি বা চৌবাচ্চায় রাখা হয়। ১৫-১৮ ঘন্টা পর স্ত্রী মাছের পেটে হালকা চাপ দিলে বা মাথা ধরে ঝুলিয়ে রাখলে স্বাভাবিকভাবে ডিম বেরিয়ে আসে। এই অবস্থাকে বলে ডিমের **"ফ্রি ফ্লোয়িং কন্ডিসান"** (Free flowing condition)। স্ট্রিপিং এর সময় মাগুর মাছকে নানানভাবে নাড়াচাড়া করতে হয়। এর কাঁটা থাকাতে এই অবস্থায় ধরা এবং কাজের অসুবিধার সৃষ্টি হয় তাই একে অচেতন করার পদ্ধতিও বিজ্ঞানীরা বের করেছেন। পুরুষ ও স্ত্রী মাছকে লবঙ্গ তেল ও অ্যাবসোলিউট অ্যালকোহলের দ্রবন মিশ্রিত জলে ছাড়া হয়। লবঙ্গ তেল ও অ্যাবসোলিউট অ্যালকোহল মিশ্রনের অনুপাত ১ : ৪। ৫০ লিটার জলে ৫ মিলিলিটার দ্রবণ ভালোভাবে মিশিয়ে দিতে হয়। এই মিশ্রণটি চেতনানাশকের কাজ করে। পাত্রে অবশ্যই বায়ু সঞ্চালনের ব্যবস্থা রাখা উচিৎ। ২০ - ২৫ মিনিটের মধ্যে মাছ চেতনা হারায়। অচেতন মাছকে প্রয়োজনমত নাড়াচাড়া করা যায়। আবার কাজ হয়ে গেলে এই মাছকে পরিষ্কার জলের স্রোতে রাখলে পুনরায় চেতনা ফিরে আসে।

শুক্রাশয় থেকে শুক্রানু সংগ্রহ

পুরুষ মাছটির পেট উপরদিক করে, সারজিক্যাল ব্লেড দিয়ে পেট চিরে ক্ষুদ্রান্ত্রের নীচ থেকে শুক্রাশয়দুটি বের করা হয়। তুলো দিয়ে ভালোভাবে শুক্রাশয় দুটিকেপরিষ্কার করা প্রয়োজন যেন রক্ত, মাংসপিন্ড বা জলীয় পদার্থ এর গায়ে না লেগে থাকে। ছোট একটি কাঁচের বাটিতে প্রায় ২ মিলিলিটার নরম্যাল স্যালাইন রাখা হয়। শুক্রাশয় দুটিকে কাঁচি দিয়ে ভালোভাবে টুকরো টুকরো করে কেটে একটি ঘন ফাঁসের জালের মধ্যে রেখে চাপ দিয়ে নির্গত শুক্রানুকে স্যালাইন ভর্তি কাঁচের বাটিতে সংগ্রহ করা হয়। দেখা গেছে নরম্যাল স্যালাইনের মধ্যে শুক্রানু ৩ মিনিট পর্য্যন্ত সক্রিয় অবস্থায় বেঁচে থাকতে পারে। সুতরাং নিষেকের জন্য এই শুক্রানু ৩ মিনিটের মধ্যে ব্যবহার করে ফেলতে হবে - নয়তো নিষেকের মাত্রা অত্যধিক কম হবে বা একেবারেই হবে না।



শুক্রানুর দ্রবন প্রস্তুতিকরনের পর্যায়ক্রম

স্ট্রিপিং পদ্ধতিতে ডিম সংগ্রহ

শুক্রাশয় থেকে শুক্রানু সংগ্রহের সঙ্গে সঙ্গে স্ত্রী মাছটির পেটে হালকা চাপ দিয়ে নির্গত ডিমগুলোকে একটি পরিষ্কার বড় গোল এনামেলের গামলাতে সংগ্রহ করতে হয়। পেটে জোরে চাপ দিলে দেহের অভ্যন্তরে সম্পূর্ণ অন্ত্র যন্ত্র নষ্ট হওয়ার সম্ভবনা থাকে এবং জনন ছিদ্র দিয়ে রক্ত বেরিয়ে আসে। ডিম নির্গমণ শেষ হলে স্ত্রী মাছটিকে একটি পরিষ্কার জলের পাত্রে ছেড়ে দিলে তা পুনরায় সতেজ হয়ে যায়। মাছটিকে ২ - ৩ ঘন্টা রেখে সম্পূর্ণ উজ্জীবিত হলে পটাসিয়াম পারম্যাঙ্গানেট দ্রবনে ৫-১০ মিনিট ডুবিয়ে রেখে পুকুরে বা বড় জলাশয়ে পুনরায় ছেড়ে দেওয়া যেতে পারে।

স্ট্রিপিং পদ্ধতিতে ডিম সংগ্রহ

ডিমের নিষিক্তকরণ

ডিম সংগ্রহ শুরু হলেই শুক্রানু মিশ্রিত স্যালাইন দ্রবণ ড্রপার দিয়ে ফোঁটা ফোঁটা করে ডিমের উপর ফেলে নরম তুলি দিয়ে ভালোভাবে মেশাতে হবে। এরপর গামলাটি নাড়িয়ে নাড়িয়ে তাতে পরিষ্কার জল দিতে হবে। এর ফলে শুক্রানু সমস্ত ডিমের উপর সমানভাবে ছড়িয়ে গিয়ে নিষিক্তকরণ সম্ভব হয়। দেখা গেছে পরিষ্কার জলে শুক্রানু কয়েক মুহূর্ত বেঁচে থাকতে পারে এবং অধিক মাত্রায়

সক্রিয় হয়ে ওঠে এবং এরফলে কিছু পরিমাণ অনিষিক্ত ডিমের নিষেকও ঘটে যায়। এতে নিষেকের হার বৃদ্ধি পায়। এরপরে আবার কিছুটা পরিষ্কার জল দিয়ে নিষিক্ত ডিমগুলোকে ভালভাবে ধুয়ে ফেলা হয়। এর ফলে অতিরিক্ত সিমেন ধুয়ে যায় এবং ডিমের চটচটে ভাব প্রায় থাকেই না। শুক্রাশয় থেকে শুক্রানু সংগ্রহ, স্ত্রী মাছের পেট থেকে ডিম বের করা এবং ডিমের নিষিক্তকরণ - সমস্ত পদ্ধতিটি ২ - ৩ মিনিটের মধ্যে হওয়া বাঞ্ছনীয়। এর বেশী সময় অতিবাহিত হলে নিষেকের মাত্রা কমতে থাকবে। সমস্ত যন্ত্রপাতি ও ব্যবহৃত সরঞ্জাম জলে ফুটিয়ে ও অ্যাবসোলিউট অ্যালকোহল দিয়ে জীবানুমুক্ত করা প্রয়োজন।

নিষিক্তকরণের ক্ষেত্রে কিছু লক্ষণীয় বিষয়

ক) পুরুষ ও স্ত্রী মাছেদের ওজন কমপক্ষে ১৫০ গ্রামের বেশী হওয়া বাঞ্ছনীয়।

খ) মাছগুলি পরিণত ও প্রজননের উপযুক্ত কিনা তা পরীক্ষা করে নেওয়া দরকার।

গ) প্রজননের সময় সমস্ত ব্যবহৃত সরঞ্জাম ও যন্ত্রপাতি পরিষ্কার ও জীবানুমুক্ত করে নিতে হবে।

ঘ) স্ত্রী মাছের ডিম সংগ্রহ করার সময় 'ফ্রি ফ্লোয়িং কন্ডিসান' না আসা পর্য্যন্ত পেটে জোর করে চাপ দিয়ে ডিম বের করা উচিৎ নয়।

ঙ) প্রথমে পুরুষ মাছের পেট কেটে শুক্রাশয় দেখে নিয়ে স্ত্রী মাছের ডিম সংগ্রহ করা উচিৎ।

চ) নিষিক্তকরণের সম্পূর্ণ প্রক্রিয়াটি ২ - ৩ মিনিটের মধ্যে সম্পন্ন করতে হবে।

নিষিক্ত ডিম থেকে হ্যাচলিং দশা

নিষিক্ত ডিমগুলি মশারির নেটের উপর এমনভাবে ছড়িয়ে দিতে হবে যেন ডিমগুলি একটির সঙ্গে আর একটি লেগে না থাকে। এই নেটটি লোহার ফ্রেমের সঙ্গে বা যে কোনো উপায়ে টান টান করে রাখতে হবে। নেটটি জলের উপরিতল থেকে ২ ইঞ্চি নীচে থাকে। জলের গভীরতা ৪ - ৫ ইঞ্চি হওয়া বাঞ্ছনীয়। ছোট সিমেন্টের চৌবাচ্চা, বড় প্লাস্টিক ট্যাঙ্ক বা ফাইবারের ট্যাঙ্কে এই ব্যবস্থা করা যায়।



নিষিক্ত ডিম-এর জন্য নেট ফ্রেম

এই ট্যাঙ্কে সর্বক্ষণ জল পরিবর্তনের ব্যবস্থা রাখা প্রয়োজন। যদি জল পরিবর্তন না করা হয় তাহলে অনিষিক্ত ডিম ও ডিমের খোসা পচে জলকে দূষিত করে দেয়। ফলে ডিম থেকে বের হয়ে আসা হ্যাচলিং মারা যায়। জল দূষিত হলে এবং জলে অক্সিজেনের মাত্রার ঘাটতি হলে হ্যাচলিং বের হওয়ার আগেই মারা যায় বা শারীরিক পরিস্ফূরণ পরিপূর্ণ হয় না। ১৮-২২ ঘন্টার মধ্যে ডিম থেকে বাচ্চা বের হয়। এদেরকে বলে **হ্যাচলিং** (Hatchling)। হ্যাচলিং-এর পেটের কাছে একটি কুসুমথলি থাকে। প্রায় ৪ দিন পর্য্যন্ত হ্যাচলিং এই কুসুমথলি থেকে খাদ্য গ্রহণ করে। এই সময় এরা বাইরের খাবার খেতে পারে না। জলের পি. এইচ ৭.০ - ৭.৫ এবং তাপমাত্রা ২৮-৩১° সেলসিয়াস এর মধ্যে থাকা উচিৎ। তাপমাত্রার পরিবর্তনের উপর হ্যাচিং এর সময় কাল বাড়ে বা কমে।

ডিমপোনা ও তার পরিচর্যা

হ্যাচলিং দশা শেষ হওয়ার পর এরা খাবার খেতে শুরু করে। এই অবস্থাকে বলে ডিমপোনা বা স্পন (Spawn)। হ্যাচিং পুল থেকে স্পনকে "সাইফনিং" পদ্ধতিতে সংগ্রহ করে লালন ট্যাঙ্কে রাখা হয়। এই প্রক্রিয়া অতি সাবধানে করা দরকার কারণ স্পন অতি ক্ষুদ্র ও অল্প বয়সের হওয়ার জন্য মারা যেতে পারে বা আঘাত জনিত সমস্যা দেখা দিতে পারে। লালন ট্যাঙ্কে প্রতি বর্গ মিটারে ১০০০ - ২০০০ টি স্পন রাখা যায়। সর্বক্ষণ জল পরিবর্তন করা প্রয়োজন। খাবার দেওয়ার পর এক ঘন্টা জল পরিবর্তন বন্ধ রাখা দরকার। ফলে এরা যেমন সহজে খাবার খেতে পারে তেমনি খাবারও নষ্ট হয় না। খাবার



মাগুরের ডিম পোনাকে সরু কেঁচো দেওয়ার পদ্ধতি

হিসাবে ১০ - ১৫ দিন পর্য্যন্ত জীবন্ত প্রাণীকনাই ভালো। এছাড়াও পাঁকের সরু কেঁচো বা tubifexও কুঁচিয়ে ডিমপোনাকে খাদ্য হিসাবে দেওয়া যেতে পারে। দিনে ২ থেকে ৩ বার এই খাবার প্রয়োগ করলে ভালো ফল পাওয়া যায়। প্রতিদিন কমপক্ষে ২ বার মরে যাওয়া প্রাণীকনাকে ট্যাঙ্ক থেকে সাইফন করে বের করে দেওয়া দরকার। প্রতি লিটার জলে ২-৩ মিলি লিটার প্রাণীকনা স্পনের খাওয়ার জন্য যথেষ্ট।



মাগুর মাছের হ্যাচলিং ও পালন ব্যবস্থা

প্রাণীকনা সংগ্রহ

সকালবেলা বা সন্ধ্যাবেলা জলাশয় থেকে প্ল্যাঙ্কটন নেট (Plankton net) বা মার্কিন কাপড় দিয়ে প্রাণীকনা সংগ্রহ করতে হয় কারণ এই সময় জলের তাপমাত্রা কম থাকে, পরবর্তী সময়ে সূর্যের আলোয় তাপমাত্রা বৃদ্ধির সঙ্গে সঙ্গে এরা জলাশয়ের নীচের স্তরে চলে যায়। তখন বেশী পরিমাণে প্রাণীকনা পাওয়া যায় না।



প্ল্যাঙ্কটন নেট-এর সাহায্যে প্রাণীকনা সংগ্রহের পদ্ধতি

কৃত্রিম উপায়ে প্রাণীকনা উৎপাদন

ছোট ডোবা, চৌবাচ্চা বা ট্যাঙ্কে কৃত্রিম উপায়ে প্রাণীকনা উৎপাদন করা সম্ভব। ডোবা বা পুকুরে প্রাণীকনার আধিক্য ঘটানোর জন্য প্রতিমাসে নিয়মমাফিক জৈব ও অজৈব সার ব্যবহার করা প্রয়োজন। ট্যাঙ্ক বা চৌবাচ্চায় প্রাণীকনা উৎপাদনের জন্য প্রথমে এটিকে জলপূর্ণ করা হয়। প্রতি হাজার লিটার জলের জন্য ২৫০ - ৩০০ গ্রাম মুরগীর বিষ্ঠা (পোলট্রি লিটার) বস্তা বা নেটের মধ্যে দিয়ে ৭ - ১০ দিন জলে ডুবিয়ে রাখলে জলের রং হালকা সবুজাভ হয়। অর্থাৎ উদ্ভিদকনা জন্মায়। এরপর পুকুর থেকে প্রাণীকনা সংগ্রহ করে এর মধ্যে ছাড়তে হয়। বিভিন্ন প্রাণীকনার মধ্যে ডাফনিয়া (Daphnia) বা ময়না (Moina) আলাদা ভাবে চাষ করলে ভালো কারণ মাগুর মাছের বাচ্চার যে পরিমাণ পুষ্টিগুন সম্পন্ন খাবার দরকার তার মধ্যে ময়না বা ডাফনিয়া অন্যতম। প্রতি হাজার লিটার জলে ২০ মিলিলিটার প্রাণীকনা প্রাথমিকভাবে ছেড়ে দিলে প্রায় ১৫ - ২২ দিন পর এরা বংশ বৃদ্ধি করে এবং সেখান থেকে সংগ্রহ করে মাগুরের বাচ্চাদের খাওয়ানো যায়। প্রতি ১৫ দিন অন্তর মুরগীর বিষ্ঠা পরিবর্তন করা প্রয়োজন। বাষ্পীভবনের জন্য যে পরিমাণ জল কমবে তা প্রতি ৫ দিন অন্তর দেখে নিয়ে জলের পরিমাণ ঠিক রাখা দরকার। বর্ষা বা রোদের দিনে খোলা আকাশের নীচে চৌবাচ্চা বা ট্যাঙ্কে প্রাণীকনার উৎপাদন ব্যহত হতে পারে তাই ট্যাঙ্কের কিছুটা উপরে ঢাকা দিয়ে রাখা জরুরী যাতে বৃষ্টির জল বা অত্যধিক আলো প্রবেশ না করতে পারে।

ধানীপোনা ও তার পরিচর্যা



মাগুরের চারার বয়স ১৫ দিন হলে এদেরকে তৈরী খাবার দেওয়া হয়। ওই সময় বৃদ্ধির হার দ্রুত হয়। ঝিনুক, ডিম ও সোয়াবিন বড়ি ভালোভাবে সিদ্ধ করে "মিক্সার মেশিনে" দিয়ে লেই বানানোর পর তার সঙ্গে ভিটামিন বি কমপ্লেক্স ও ভিটামিন সি মেশানো হয়। দিনে কমপক্ষে চারবার খাবার দেওয়া প্রয়োজন। অতিরিক্ত খাবার যেন পড়ে না থাকে সেদিকে লক্ষ্য রাখা উচিৎ। বাড়তি খাবার সাইফন পদ্ধতিতে পরিষ্কার করা হয়। তা না হলে জল



যেমন দূষিত হবে সেই সঙ্গে ক্ষতিকর ব্যাক্টেরিয়ার আক্রমণ দেখা দেবে। অক্সিজেনের ঘাটতি মেটাতে এবং জল পরিবর্তনের জন্য, ফোয়ারার সাহায্যে জল ফেলা দরকার এবং সেই সঙ্গে নিকাশী ব্যবস্থার দ্বারা তা বের করা প্রয়োজন। এই বয়সের মাছকে প্রতি বর্গমিটারে ১০০০ - ১৫০০ টির বেশী না রাখা ভালো।

শতকরা হিসাবে খাদ্য উপাদানের হিসাব

খাদ্য উপাদান	শতাংশ
ঝিনুকের মাংস	৭০
ডিমসিদ্ধ	২০
সোয়াবিন বড়ি	১০
ভিটামিন বি ও সি	প্রতি কেজি খাবারের সঙ্গে ৫০০ মিলিগ্রাম

খাবার দেওয়ার তালিকা

দশা	দিন	প্রতিদিন প্রদত্ত খাবার (বার)	খাবার দেওয়ার মধ্যবর্তী সময় (ঘন্টা)	খাবার	পরিমাণ	মন্তব্য
হ্যাচলিং	১-৪	-	-	-	-	কুসুমথলি বর্তমান
ডিমপোনা	৫-২০	২-৩	৮-১২	প্রাণী কনা	২-৩ মিলি লিটার প্রতি লিটার জলে	-
ধানীপোনা	২১-৩৫	৪	৬	তৈরী খাবার	চাহিদা মত	-
চারাপোনা	৩৬-৬০	৪	৬	তৈরী খাবার	চাহিদা মত	-

কিছু সতর্কতা অবলম্বণ

- দিনে কমপক্ষে চারবার খাবার দেওয়া প্রয়োজন।
- খাবার দেওয়ার এক ঘন্টা পর উদ্বৃত্ত খাবার পরিষ্কার করা দরকার।
- জল পরিবর্তন বজায় রাখতে হবে।
- অস্বাভাবিক কোন লক্ষণ দেখা দিচ্ছে কিনা তা লক্ষ্য রাখতে হবে।

☛ ১২ - ১৪ দিন পর্যন্ত জলের উচ্চতা ৬ - ৮ ইঞ্চি র বেশী না হওয়া বাঞ্ছনীয়।

☛ ২ - ২.৫ সে.মি. দৈর্ঘ্য হলে প্রতি বর্গমিটারে ১০০০ টির বেশী সংখ্যায় মজুত না করাই উচিৎ।

বয়স, দৈর্ঘ্য ও দৈহিক ওজনের সম্পর্ক

বিভিন্ন মাছের বয়সের সঙ্গে দৈর্ঘ্য ও দৈহিক ওজনের সম্পর্ক ভিন্ন হয়। আফ্রিকান মাগুর ও দেশী মাগুর একই গণভুক্ত হলেও বয়সের সঙ্গে ওজন ও দৈর্ঘ্যের পার্থক্য দেখা যায়। প্রদত্ত ছকে দেশী মাগুরের বয়স, ওজন ও দৈর্ঘ্যের সম্পর্ক দেওয়া হলো :-

বয়স (দিন)	ওজন	দৈর্ঘ্য (মিলিমিটার)
১	১০.০ মি.গ্রা	১০
৫	১৫.৮২ "	১৪
৯	২৯.৯৫ "	১৬
১৩	৫৯.৮৭ "	১৯
১৫	৮১.৯৪ "	২১
১৭	১০৭.৭৮ "	২৩
১৯	১৩২.৫৯ "	২৬
২৩	১৯৭.৬৭ "	২৯
২৭	২৪০.৯৬ "	৩৪
৩১	৩৩৩.৩২ "	৩৫
৩৫	৫০৫.৭০ "	৩৮
৩৯	৬৩৮.৪৬ "	৩৯
৪২	৭২৯.৩০ "	৪০
৪৫	৯১৩.৬০ "	৪৩
৪৮	১.৩০৭ গ্রাম	৪৬
৫১	১.৬০১ "	৪৭
৫৪	১.৮৯০ "	৫০
৫৭	২.১৯১ "	৫৫
৬০	২.৩৭০ "	৫৭

বি. দ্র. : ৫ টি ব্যাচের ১০০ টি করে মাছের নমুনার গড় দেওয়া হলো

বিভিন্ন সমস্যা, সমস্যাঘটিত রোগ ও লক্ষণ এবং তার সম্ভাব্য প্রতিকার

মাগুর মাছের প্রজনন ও প্রতিপালনের সময় বিভিন্ন অসুবিধা দেখা দেয়। উদাহরণ স্বরূপ কম শুক্রানু, অপরিণত ডিম্বানু, ঠিকমতো নিষেকক্রিয়া সম্পন্ন না হওয়া, উপযুক্ত পরিচর্যা ও পর্যবেক্ষণের অভাব, জলের গুণগত মান ঠিক না থাকা, উদ্বৃত্ত খাবার সময় মতো পরিষ্কার না করা, মাছ মাথা উঁচু করে ভাসতে থাকা, গায়ে ঘা হওয়া ইত্যাদি বিভিন্ন সমস্যা, সমস্যাঘটিত লক্ষণ ও তার সম্ভাব্য প্রতিকার ছকের সাহায্যে আলোচনা করা হলো।

সমস্যা	কারণ ও লক্ষণ	সম্ভাব্য প্রতিকার
⇨স্ত্রী মাছের ডিম হালকা চাপে বের না হওয়া	➢ডিমের সঙ্গে রক্ত বের হয় ➢অনেকগুলো ডিম জড়ো হয়ে একসঙ্গে বের হয়	✍ইনজেকসানের ডোজ (মাত্রা) ঠিক করা ✍পরিপক্কতা নির্ধারণ করা ✍ফ্রি ফ্লোয়িং কন্ডিসানে আসতে দেওয়া
⇨কম পরিমাণ শুক্রানু	➢শুক্রাশয় থেকে প্রাপ্ত মিল্টের পরিমাণ কম হয় ➢মিল্টের রঙ ফ্যাকাসে হয়	✍পরি পক্ক পুরুষ মাছ নির্বাচন করা ✍একটি স্ত্রী মাছের জন্য দুটি পুরুষ মাছ মজুত রাখা
⇨ নিষেকের হার কম হওয়া	➢নিষেকের ৩-৪ ঘন্টা পর অনিষিক্ত ডিম বিবর্ণ হয়ে যায়	✍শুক্রানুর পরিমাণ ঠিক রাখা ✍ শুক্রানু ও ডিম্বানুর সংযোগ ভালোভাবে ঘটানো ✍নিষেক ক্রিয়ায় ব্যবহৃত জিনিসপত্র জীবানুমুক্ত রাখা
⇨নিষিক্ত ডিম থেকে কম হ্যাচলিং উৎপন্ন হওয়া	➢হ্যাচলিং -এ রূপান্তর হওয়ার পূর্বে ভ্রুনের মৃত্যু	✍জলে অক্সিজেনের ঘাটতি হতে না দেওয়া ✍প্রতিনিয়ত হ্যাচিং পুলের জল পরিবর্তন করা ✍অনিষিক্ত ডিম আলাদা করা
⇨হ্যাচলিং এর মৃত্যুর হার বৃদ্ধি		✍জলের গুণগত মান ঠিক রাখা ✍অনুকুল পরিবেশ বজায় রাখা

⇨ চারাপোনার মৃত্যু	➢শরীরে সাদা দাগ ➢ফুলকার নীচের অংশ ফুলে যায়	✍ ২-৫ পি. পি. এম. ক্লোরামফেনিকল দিনে ৪ বার করে ৭ দিন ব্যবহার করা বা ✍ ৫০ মিলিগ্রাম ক্লোরাম ফেনিকল প্রতি কেজি খাবারের সঙ্গে মিশিয়ে ৭ দিন ব্যবহার করা
⇨ পেট ফুলে যাওয়া ⇨ মাথা উঁচু করে ঝুলতে থাকা		✍জলে ১০- ১৫ পি. পি. এম ফুরাজলিডন দিনে ২ বার করে ৭ দিন ব্যবহার করা
⇨ গায়ে ঘা হওয়া	➢সাদা বা লাল দাগ ➢শরীরের কোন অংশে পচন	✍সঠিক খাবার প্রয়োগ ✍ব্যাকট্রিম জাতীয় ওষুধের প্রয়োগ ✍এ্যাক্রিফ্লাভিন দ্রবনে (৫ পি পি এম) পরপর ৭ দিন ডুবিয়ে ছাড়া
⇨ চারার ক্রমশ সংখ্যা হ্রাস	➢বড় মাছ ছোট মাছেদের খেয়ে ফেলে	✍বড় ও ছোট মাছ আলাদা করে দেওয়া ✍ পরিমাণ মত খাবার দেওয়া
⇨ মাথার খুলি ফাটা রোগ	➢মাথা ফুলে যায় ➢খুলি ফেটে যায় ➢অস্বাভাবিক চলাফেরা	✍জল পরিবর্তন করা ✍খাবারের সঙ্গে ভিটামিন-সি প্রয়োগ

একটি সফল দেশী মাগুর মাছের হ্যাচারী নির্মান, উৎপাদন ও বিক্রয়ের আয়-ব্যয়ের হিসাব বর্তমান বাজার দর অনুযায়ী দেওয়া হল।

বিঃ দ্রঃ- ২০টি কাঁচের ট্রে - ১৮০ বর্গফুট এলাকা - ৩ মাসে ৩ বার উৎপাদন এর হিসাব

(ক) স্থায়ী মূলধন		টাকা
১। কাচের চৌবাচ্চা ৩' × ৩' × ১' (৬ মিমি) ২০ টি × ২০০০/-	=	৪০,০০০ টাকা
২। ওভার হেড ট্যাঙ্ক (২০০০ লিটার ক্ষমতা) - ১টি	=	১২,০০০ টাকা
৩। জলের পাম্প ১/২ এইচ. পি. -১টি	=	৪,০০০ টাকা
৪। পাইপ ও অন্যান্য	=	২,০০০ টাকা
৫। এয়ার পাম্প ও পাইপ, এয়ার স্টোন ইত্যাদি	=	১,০০০ টাকা
৬। ডিম রাখার ফ্রেম ৩ টি	=	৬০০ টাকা
৭। বালতি, গামলা, মগ, হাতজাল, সাইফন পাইপ	=	৯০০ টাকা
৮। অন্যান্য খরচ	=	৯,৫০০ টাকা
		৭০,০০০ টাকা

(খ) কার্যকরী মূলধন (৩ মাস)		
১। ব্রুড ফিস ১৫ কিলো × ৬০০/-	=	৯,০০০ টাকা
২। খাদ্য ঃ আর্টেমিয়া ৩ কৌটা × ৫,৫০০/-	=	১৬,৫০০ টাকা
৩। কেঁচো / দানা খাদ্য	=	৪,৫০০ টাকা
৪। বিদ্যুৎ ৩ মাস × ১০০০/-	=	৩,০০০ টাকা
৫। শ্রমিক ২ জন × ৪০০০/- × ৩ মাস	=	২৪,০০০ টাকা
৬। হরমোন, তুলো, স্যালাইন ওয়াটার, সিরিঞ্জ ইত্যাদি	=	১,৫০০ টাকা
৭। ওষুধ	=	১,৫০০ টাকা
৮। অন্যান্য	=	১০,০০০ টাকা
		৭০,০০০ টাকা

(গ)মোট মূলধন ঃ ক + খ (৭০,০০০ + ৭০,০০০) = ১,৪০,০০০ টাকা

(ঘ) উৎপাদন ও আয়ঃ

৩ বারে মোট উৎপাদন (৩০,০০০ × ৩) = ৯০,০০০টি × ৩ /- = ২,৭০,০০০ টাকা

Less, কার্যকরী মূলধন — ৭০,০০০ টাকা

লাভ = ২,০০,০০০ টাকা

Less, স্থায়ী মূলধনের উপর ১০% Depriciation (৭০,০০০/- উপর) — ৭,০০০ টাকা

১,৯৩,০০০ টাকা

Less, মোট মূলধনের উপর সুদ (১৮%) — ২৫,২০০ টাকা

মোট লাভ - ১,৬৭,৮০০ টাকা





Contributors

Sl. No.	Chapter	Authors
1.	Overview of aquaculture in India with special reference to brackishwater farming of fish and shrimp	K.K. Vijayan, C.P. Balasubramanian, M. Kailasam, T.K. Ghoshal, G. Biswas, L. Christina and Prem Kumar
2.	Captive Breeding and Seed production of commercially important brackishwater finfishes	M. Kailasam, M. Makesh, S.N. Sethi, G. Biswas, Krishna Sukumaran, Prem Kumar, Aritra Bera, Babita Mandal
3.	Site selection, design and construction of brackishwater aquafarms	Gouranga Biswas
4.	Low cost *Mystus gulio* backyard hatchery construction, operation and maintenance	Prem Kumar
5.	Broodstock development, maturity assessment, induced breeding and larval rearing of *Mystus gulio*	Prem Kumar
6.	Nursery Rearing, traditional and improved grow-out technology of *Mystus gulio*	Gouranga Biswas
7.	Low cost feed preparation and feed management in brackishwater aquaculture	T.K. Ghoshal and Debasis De
8.	Stock and mass culture of live feed (*Chlorella*, copepods and rotifer) and *Artemia* hatching	Christina L.
9.	Disease Management in Brackishwater Aquaculture System	Sanjoy Das

10.	New approach of *Mystus gulio* farming: polyculture and IMTA	C.P. Balasubramanian, Prem Kumar and K.K. Vijayan
11.	High density culture of catfish in Recirculatory Aquaculture System and cage	Prem Kumar
12.	Importance of high health feeds in promoting growth and disease resistance in fish culture	Leesa Priyadarsani
13.	Formulated feed for hilsa rearing in monoculture and polyculture system	Debasis De, T. Sivaramakrishnan, K.P. Sandeep, K.P. Kumaraguruvasagam, J. Syamadayal and K. Ambasankar
14.	Breeding and seed production of Nona Tengra (in Bengali)	Swagat Ghosh
15.	Breeding and culture of Magur (in Bengali)	Prasanta Chatterjee

Invitation

BRAQCON 2019

BRAQCON-2019

ICAR CIBA Scafi

World Brackishwater Aquaculture Conference

23-25 January 2019, Chennai, India